# সর্পের বংশ

প্রিয় ঈশ্বর, মহান এবং শক্তিশালী ঈশ্বর, যিনি তাঁর আত্মার শক্তির দ্বারা সবকিছুর সৃষ্টি করেছিলেন; এবং যীশু খ্রীষ্টকে, তাঁর একজাত পুত্রকে নিয়ে এসেছেন, যিনি আমাদের পাপীদের জন্য অবাধে মৃত্যুবরণ করেছেন, অন্যায়কারীদের জন্য সেই ন্যায়পরায়ণ ব্যক্তি, আমাদেরকে পুনরায় মিলিত করার জন্য এই বিস্ময়কর সহভাগীতায় যা আমরা আবার ঈশ্বরের সাথে পাচ্ছি। যেমন আমরা আশীর্বাদপূর্ণ বাক্য থেকে শিক্ষা পেয়েছি যে, আমরা তাঁর সাথে সহভাগিতা করতাম পৃথিবীর ভিত্তিমূল স্থাপনের পূর্বে: "তৎকালে প্রভাতীয় নক্ষত্রগন একসঙ্গে আনন্দরব করছিল এবং ঈশ্বরের পুত্ররা জয়ধ্বনি করছিল পৃথিবীর ভিত্তিমূল স্থাপনের পূর্বে।" আমরা কিভাবে জানতে পারি যে সেটাই সেই সময় ছিল না যখন মেষশাবক নিহত হয়েছিল; যখন ঈশ্বর, তাঁর মহান চিন্তাভাবনায়, আমাদেরকে যীশু খ্রীষ্টের মধ্যে দিয়ে আমাদের উদ্ধারের জন্য চিৎকার করতে এবং আনন্দ করতে দেখেছিলেন!

2 আর, আজ রাতে, আমরা সেই মহান স্বর্গীয় মহিমার একটি পূর্বাস্বাদন লাভ করেছি যা তাঁর দ্বিতীয় আগমনের সময়ে প্রকাশিত হবে। সমস্ত অসুস্থতা এবং দুঃখ দূর হয়ে যাবে। তারপর আমরা তার নিজের মহিমান্বিত দেহের মত একটি দেহ লাভ করবো, কারন আমরা তাকে সেভাবেই দেখব যেমন তিনি আছেন। এখানে আমরা আমাদের হাতকে দুর্বল হতে দেখি, আমাদের চুলগুলি পাকতে দেখি, এবং কাঁধগুলোকে ঝুকে যেতে দেখি, আমরা অবগত আছি যে আমরা মরনশীল এবং সেই ধুলিকনার দিকে এগচ্ছি যেখানে আমাদের মাথা নত হয়ে আছে, আর যেখান থেকে আমরা এসেছি। কিন্তু, প্রভু ঈশ্বর, ঠিক যেমন এটা নিশ্চিত যে আপনিই ঈশ্বর, আপনি একটি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমরা আবার শেষ দিনে পুনরুত্থিত হব, এবং আমরা এটি বিশ্বাস করি।

3 স্বেচ্ছায় আমরা আমাদের বিশ্বাসের সাথে আজ রাতে আপনার উপস্থিতিতে দাঁড়িয়ে আছি, সাহস সহকারে আসছি কারণ যীশু আমাদের এই কাজটি করতে বলেছিলেন। আমরা যে কোন ভাল কাজ যা আমরা করেছি সেটার ওপর নয়, কারণ আমরা কোন ভালো কাজ করিনি; কিন্তু আমরা নম্রভাবে আসি, এটি স্বীকার করে যে আমরা এই সম্পত্তির অধিকারী তাঁর সেই দয়ার জন্য যা তিনি আমাদেরকে দিয়েছেন। সুতরাং, আমরা এটা চেয়ে আপনার কাছে

আসি যে আজ রাতে আপনি আমাদের আশীর্বাদ দিবেন আপনার বাক্য আনায়নের মধ্য দিয়ে। কারন এটা লেখা আছে, যে, "মনুষ্য কেবলমাত্র রুটিতে বাঁচিবে না, কিন্তু ঈশ্বরের মুখ থেকে বেরিয়ে আসা প্রত্যেকটি বাক্যেই বাঁচবে।" আর আজকে ঈশ্বরের মুখ যেন কথা বলে। যেন বাক্য আসে, এবং যেন তা আমাদের হৃদয়ের গভীরে যেতে পারে, সমস্ত শ্রোতাদের হৃদয়ে, এবং আপনার আত্মা এবং আপনার উপস্থিতি দ্বারা পরিপূর্ণ হয়ে যায়। কারণ আমরা এটা যীশুর নামে চাই, আমেন।

4 আজ—আজ এবং গতকাল, গত রাত থেকে, বরং, এবং আজকে পর্যন্ত, আমরা এই বিষয়ে কথা বলছি, প্রথমত, এটি উত্থাপনের জন্য যে, *কেন আমরা একটি সংস্থা নই।* আর আমরা এটা বরং দৃঢ়ভাবে বর্ণনা করেছি, কেন আমরা একটি সংস্থা নই, এবং কেন আমরা সংস্থাতে বিশ্বাস করি না। কারণ, আমরা এটি বাইবেলে পাই, যে সংস্থা কখনই ঈশ্বর নির্ধারিত ছিল না; এটি শয়তান দ্বারা নিযুক্ত করা হয়েছিল; এবং এটি বাইবেল দ্বারা প্রমাণিত। আর কিভাবে যে, সংস্থার মাধ্যমে, ত্রুটি বেরিয়ে এসেছিল। এখন আমরা এই কথাটি সংশোধনের জন্য এবং এই ভজনালয়কে ঈশ্বরের এই আশীর্বাদপূর্ণ বাক্যের মধ্যে একটি সহভাগীতায় আনবার জন্য বলছি। যে, আমাদের প্রত্যাশা, সংস্থা কি বলে, অথবা কোন ব্যক্তি কি বলে তাঁর ওপর স্থাপিত হয় নি; এটি নির্মিত হয়েছে প্রভু ঈশ্বর কি বলেছেন তাঁর উপর। আর সেটাই হল একমাত্র উপায় যার দ্বারা আমরা কখনও সঠিকভাবে সংশোধিত হতে পারি।

5 আর এই সকালে, আমি বিশ্বাস করি, আমার কাছে পাঁচটি বিভিন্ন নিবন্ধ ছিল, যা বিভিন্ন সংস্থা থেকে এসেছিল, বাইবেলে যেগুলোর বিষয়ে সম্পূর্ণভাবে কোথাও কিছু বলা নেই, যেগুলোর কাছে প্রটেস্টান্ট গির্জাগুলো মাথা নত করছে, এবং ধর্মতত্ত্বরূপে শিক্ষা দিচ্ছে: সেই একই জিনিস যা সেই পুরোনো জননী বেশ্যা, ক্যাথলিক গির্জা প্রচার করে, এবং তা সেখান থেকে বেরিয়ে প্রোটেস্ট্যান্ট গির্জার মধ্যে চলে এসেছে। আর আমরা সেই একই জিনিসের কাছে মাথা নত করে চলেছি যা ঈশ্বরের বাক্যের মধ্যে যে কোন স্থানের বিপরীত।

6 প্রথম সাংগঠনিক গির্জা, আমরা এই বিকেলে নাইসিন পিতাদের ইতিহাস থেকে দেখেছি, যে এটা নাইসিন মন্ডলী থেকে এসেছিল। প্রেরিতদের মৃত্যুর পর, সেখানে নাইসিন পিতারা এসেছিল, এবং তারা বহু বছর ধরে চলতে থাকল। তিনশত পঁচিশ বছর, অবশেষে ফ্রান্সের নাইসিয়াতে এসে পৌঁছাল—পৌঁছাল, যেখানে তাদের

কাছে ছিল সেই—সেই বৃহৎ নাইসিন পরিষদ। আর সেখানে তারা এই মতবাদগুলো গঠন করে যা ক্যাথলিক গির্জার কাছে এখন আছে, এবং এটি প্রোটেস্টান্টদের কাছেও হস্তান্তর করা হয়েছে।

7 আর আজ সকালে শিক্ষা দেবার সময়—সময় আমি যেমন বলেছিলাম, "সেই মণ্ডলী যুগগুলোর প্রত্যেকটি যুগ ধরে, সেই থিষলনীকীয় যুগ পর্যন্ত—পর্যন্ত, পনেরশো বছরের অন্ধকার যুগ ছিল, সেখানে একটিও এমন সময় ছিল না কিন্তু যেখানে তিনি বলেন, 'তোমার কাছে এখনও আমার নাম আছে।'"

8 আর এই অন্য দিকে, তারা আর খ্রীষ্টের মধ্যে ছিল না, তারা একটি সংস্থাগত নামের সাথে বেরিয়ে আসে, "ক্যাথলিক, লুথার, ওয়েসলি, ব্যাপটিস্ট, প্রেসবিটারিয়ান, পেন্টিকোস্টাল," এরকম আরও চলতে থাকে।

9 কিন্তু যুগ শেষ হওয়ার আগেই, তিনি বললেন, "আমি তোমাদের সামনে একটি খোলা দরজা স্থাপন করলাম।" দেখুন ? আর আমরা বিশ্বাস করি যে এই সেই যুগ যাতে আমরা এখন বাস করছি, খোলা-দরজার যুগ, অন্তিম বাইরে যাওয়ার যুগ লায়দেকিয়া মণ্ডলীর থেকে।

10 আর এটি লায়দেকিয়া পরিষদের জন্যও ঠিক তিনশত পঁচিশ বছর। আর সেখানে তারা এইরূপ ধর্মীয় রীতি গ্রহণ করে ফেলেছে যেমন জল ছিটিয়ে বাপ্তিস্ম দেওয়া, জল ঢেলে বাপ্তিস্ম দেওয়া এবং মিথ্যা বাপ্তিস্ম, মিথ্যা পবিত্র আত্মা, এই সব অন্যান্য জিনিস। তারা এগুলো গ্রহন করে ফেলেছে।

11 আর তারপর যখন লুথার, যিনি একজন যাজক ছিলেন, আর ক্যাথলিক মন্ডলী থেকে বেরিয়ে এলেন, এই বিষয়গুলিকেও এর সাথে নিয়ে এসেছিলেন। আর সেখান থেকে এল জুইংলি, জুইংলি থেকে এল কেলভিন, কেলভিন থেকে বেরিয়ে এল ওয়েসলি, ওহ, এভাবে আরও বেরিয়ে এল। আর তারা কেবল সেই ধর্মীয় রীতিগুলো আনতে থাকলো। আর কিভাবে ঈশ্বর তাঁর মন্ডলীকে নেতৃত্ব দিতে পারবেন, যখন তাঁরা এমন একটি পথকে অনুসরন করে চলছে যা তিনি তাদের জন্য এমনকি কখনই নিয়ে আসেন নি তাদের নেতৃত্ব দেবার জন্য।

12 আর মনে রাখবেন, প্রকাশিত বাক্য ১৭তে, আমরা পাই, "সেই স্ত্রী।" এখন এই শব্দগুলো হল সাধারন। সেগুলো বাইবেলে লেখা রয়েছে, তাই আমার অনুমান আমি সেগুলো বলতে পারি। এখানে বলা হয়েছে যে এই স্ত্রী ছিল একজন "বেশ্যা।" তাঁর অর্থ হল যে সে ছিল একটি দুশ্চরিত্রা নারী; যার একজন স্বামীর সাথে বিবাহ

হওয়ার কথা ছিল, আর সে জগতের সাথে বেশ্যাক্রিয়া করেছে। আর তাঁর কাছে ছিল একটি...সে ছিল "**বেশ্যা সকলের জননী**।" সুতরাং তাঁর অনেক কন্যা ছিল। আর আমরা ভৌগলিকরূপে চিত্রিত করেছিলাম যে, এতে...আর সেখানে, আমি নিজে, এটাকে শাস্ত্রের মধ্যে দেখিয়েছিলাম, তাঁর মতবাদ এবং সবকিছু দেখিয়েছিলাম, আমি বিশ্বাস করি প্রভু সিদ্ধরূপে এটিকে সঠিক সারিতে রেখেছেন, আর সেটা আর কিছুই হতে পারে না ক্যাথলিক মন্ডলী ছাড়া। এটাই একমাত্র পথ যে এটা হতে পারতো। আর সে কাকে জন্ম দিয়েছে? সমস্ত প্রটেস্টান মন্ডলীগুলোকে। একদম সঠিক, সে তাই করেছে।

13 সেই স্ত্রীলোকটির হাতে ছিল তাঁর বেশ্যাক্রিয়ার মদিরাতে পূর্ণ একটি পানপাত্র, আর সে পৃথিবীর রাজাদের কাছে তা দিয়েছিল। আর সে সমগ্র পৃথিবীর শাসক ছিল, আধ্যাত্মিকভাবে বলতে গেলে। আর সেটা একদম ঠিক। অন্য আর নেই...

14 দেখুন, আসুন, আমরা দানিয়েলের পত্রে ফিরে যাই এবং ছবিটি সেখান থেকে গ্রহন করি। ছবিটি দেখুন: সোনার মাথা, বাবিলীয় রাজত্ব; পেতলের...বা রূপা, মাদীয়-পারস্য; পেতল, মহান আলেকজান্ডার, এবং এরকম, গ্রিক রাষ্ট্র; তারপর রোমান সাম্রাজ্য, পূর্ব ও পশ্চিম রোম, মূর্তির দুটি পা।

15 আর এই দশটি রাজ্যের দিকে লক্ষ্য রাখুন যা দশটি শিং এর সাথে উঠে আসে, যার বিষয়ে আজ সকালে বলছিলাম, সেই দশটি রাজ্যগুলির প্রত্যেকের মধ্যে যা উঠে আসে, সেখানে লোহা ও মৃত্তিকা একত্রিত হয়ে ছিল। আর সেই লোহা পা থেকে আসে, যা রোম ছিল। আর ক্যাথলিক গির্জার মাধ্যমে, স্বর্গের নীচে প্রতিটি জাতির মধ্যে মিশ্রিত রোমান সাম্রাজ্যের একটি ধারা আছে। এটা একদম ঠিক। আর তারা মিশ্রিত হবে না, কোন স্থানে।

16 আর তারা পরস্পরের মধ্যে বিয়ে করবে। বাইবেল বলে যে তারা করবে। আর আজ তাদের দিকে তাকান। আপনার ছেলে একটি ক্যাথলিক মেয়ের সঙ্গে যায়; যখন তারা বিয়ে করতে যায়, তখন তাদের প্রতিশ্রুতি দিতে হয় যে তাদের সন্তানদের ক্যাথলিক হতে হবে; দেখুন, মেয়েদের ক্ষেত্রেও ঠিক সেটাই প্রতিশ্রুতি করতে হয়। দেখুন, এটি অন্যের শক্তিকে ভেঙ্গে দেবার জন্য করা হয়।

17 কিন্তু এটা কি? বাইবেল সমগ্র জিনিসকেই একটি পতিতা বলে দাবি করে। এখন আপনি কি করতে যাচ্ছেন? সেটা ঠিক। আর কিভাবে মানুষের পাপের পরিদর্শন করা হবে...আমরা দ্বিতীয় বিবরনে ফিরে গিয়েছিলাম এবং দেখিয়েছিলাম যে, একটি অবৈধ

সন্তান, জারজ সন্তান, এমনকি চৌদ্দ প্রজন্মের জন্য প্রভুর মণ্ডলীতে প্রবেশ করতে পারে না। সেটা ব্যাবস্থার অধীনে ছিল। আর খ্রীষ্ট ব্যাবস্থাকে প্রসারিত করতে এসেছিলেন। তাহলে আজকে এখন এটা আরও কত অধিক হয়ে গিয়েছে?

18 আর এইগুলোর কি ঘটছে, রাস্তায় এই সামান্য সরুচাকলিদের সঙ্গে ব্যাপারটি কি, এই সামান্য সিগারেটপায়ী মহিলাদের, এবং ছোট পোশাক পরা, ছেলেদের মত কেশবিশিষ্ট মহিলা, এবং ঐ সমস্তদের মহিলাদের কি হয়ে গিয়েছে? এদের সাথে কি ব্যাপার ঘটেছে? এটার কারন হল 'তাদের মায়েরা এরকমই আচরণ করেছে। এটি হল, এক প্রজন্ম থেকে অন্য প্রজন্মের কাছে, পাপের পরিদর্শন। ওটাই সেটা। আর আমরা কি পেয়েছি? আমরা একটি জায়গা পেয়েছি, যেখানে কোন কিছুই নেই কিন্তু নোংরা পাপ দিয়ে পূর্ণ।

19 এই কারণে ঈশ্বর রাশিয়াকে উত্থাপন করেছেন, এক পরমানু বোমার সাথে সমস্ত পাপকে একেবারে মুছে ফেলতে, যেমন মহাপ্লাবনের বন্যার সময়ে হয়েছিল, যখন তিনি মেঘগুলোকে উত্থাপন করেছিলেন। নিশ্চিতরূপেই, তিনি করেছেন। আর বাইবেল তাই বলে। রাশিয়া, যা হল একটি নাস্তিক দেশ, তারা নাস্তিক, সম্পূর্ণরূপে সর্বশক্তিমান ঈশ্বরের হাতে আছে আর তাঁর পরিকল্পনামাফিক চলছে। ঠিক যেমন রাজা নবুখদনিৎসর ইস্রায়েলীকে ধ্বংস করার জন্য ছিল কারণ তারা ঈশ্বরের সাথে চলতে ব্যর্থ হয়েছিল, রাশিয়াকে এই জন্যই দাড় করানো হয়েছে যেন সে ক্যাথলিক গির্জার থেকে "ঈশ্বরের লোকদের রক্তের প্রতিশোধ নেয়," সেই রক্তের প্রতিশোধ যা সে ঈশ্বরের লোকদের থেকে বহিয়েছে। বাইবেল তাই বলে। সে পুরো জিনিসের হিসাব নিতে চলেছে।

20 তাই এখানে দেখুন, যদি তাদের মা একটি গায়িকা ছিল, এবং তাদের ঠাকুমা, এবং তার মা একজন নোংরা জাগতিক আত্মাযুক্ত মহিলা ছিল, তাহলে আজ সে কি হবে? একটি রক এন রোল ওয়ালি নগ্ন মহিলা। তার সন্তানরা কি হতে যাচ্ছে?

আর আপনি বলছেন, "ঈশ্বর কি তা করেন?" হ্যাঁ, মহাশয়।

21 ঈশ্বর সন্তানদের পাপকে, এমনকি চৌদ্দ প্রজন্ম পর্যন্ত, পরিদর্শন করেন। আর যদি যীশু খ্রীষ্ট এই নিয়মকে আরও বড় এবং স্পষ্ট করতে এসেছিলেন তবে আমরা বলতে পারি যে সেই পাপ, "শত শত প্রজন্ম বা পাঁচশো প্রজন্ম" পর্যন্ত থেকে যায়। কেন তিনি বলেছিলেন, "পূর্বকালের লোকদের মধ্যে উক্ত হয়েছিল,

তুমি নরহত্যা করিও না, আমি তোমাদের বলছি, ‘যে কেহ, তার ভাইয়ের বিরুদ্ধে কখনও ক্রোধ করে বিনা কারণে, সে নরহত্যা করে ফেলেছে।’ তোমরা শুনিয়াছ, প্রাচীনকালে, উক্ত হইয়াছিল, ‘তুমি ব্যভিচার করবে না।’ কিন্তু আমি বলি যে কেহ কোন স্ত্রীলোকের প্রতি কামভাবে দৃষ্টিপাত করে, সে তখনই মনে মনে তাহার সহিত ব্যাভিচার করিল।” তিনি এটা তৈরি করেছেন...*বৃদ্ধি* করা কি ? “এটিকে আকারে অনেক বড় করে তোলা।” আর যদি ব্যাবস্থার অধীনে এটি ছিল চৌদ্দ প্রজন্ম পর্যন্ত, তাহলে আজকের দিনে এটা কত প্রজন্ম লাগবে ?

22 আর যুবক, মধ্যবয়সী পুরুষ এবং বিবাহিত পুরুষরা তাদের বিয়ের শপথের প্রতি আর শ্রদ্ধা রাখে না। কেন তারা শুধু মহিলাদের নিয়ে যায় এবং তাদের সাথে যে কোন স্থানে বাস করতে থাকে, আর ঠিক সাধারণ কুকুরদের মত বাস করতে থাকে। একটি কুকুরের কাছেও একটি শ্রদ্ধা এবং ভালো নিতিজ্ঞান আছে এবং যা কিছু মানুষের মধ্যে নেই। আর আমি জানি যে খুবই শক্ত কথা, কিন্তু এটা ঠিক।

23 কেন ? আর গীর্জাগুলো একে সমর্থন করে যায় আর এর বিরুদ্ধে কিছুই বলে না। কেন ? তারা ঠিক তাদের মায়ের মতই কাজ করে যাচ্ছে। গীর্জাগুলো এটা উত্তরাধিকারস্বরূপ প্রাপ্ত হয়েছে। কারণ, গির্জা এবং এই প্রটেস্টান্ট গির্জাগুলো সব ক্যাথলিক গির্জা থেকে বেরিয়ে এসেছে, ক্যাথলিক গির্জার পাপ প্রোটেস্টান্টদের উপর পরিদর্শিত করা হচ্ছে। অবশ্যই, এটিই হচ্ছে, তাই পাত্র কেতলিকে “মলিন” বলতে পারবে না। এটা একেবারে সত্য।

24 এখন আমরা খুঁজে পাই, আর বাইবেলের মধ্যে, আমরা খুঁজে পেয়েছি...আর আমি আজ রাতে এখানে টেবিলের ওপর একটি নোটও দেখতে পাই নি। আমি বলেছিলাম, “আমাকে এমন একটি জায়গা দেখান যেখানে ঈশ্বর কোনও সংস্থাকে নিযুক্ত করেছেন। আমাকে একটি জায়গা দেখান যেখানে ঈশ্বর একটি মহিলা প্রচারককে নিযুক্ত করেছেন। আমাকে এক জায়গায় দেখান যেখানে ঈশ্বর জল ছিটিয়ে বাপ্তিস্মকে নিযুক্ত করেছেন। আমাকে একটি স্থান দেখান যেখানে ঈশ্বর জল ঢেলে বাপ্তিস্মকে নিযুক্ত করেছেন। আমাকে এমন একটি জায়গা দেখান যেখানে ঈশ্বরের কাছে কখনো এমন কোনো ব্যক্তি ছিল যে ‘পিতা, পুত্র, পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম নিয়েছেন।’ ওগুলো খুঁজে বের করুন।” আর তবুও আমরা ক্রমাগত সেগুলো করে চলেছি। এগুলো সব কিছু গির্জার ভেতরে হচ্ছে।

25 এখন, আমি বললাম, "আপনার যুক্তি অনুসারে আমরা ব্যাপটিস্ট হতে পারি না, কারণ আমরা বিশ্বাস করি যে, তারা প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম দিয়েছিলেন। বাইবেলে এমন কোন ব্যক্তিই নেই যার, অন্য কোনও ভাবে বাপ্তিস্ম হয়েছে। আপনি আমাকে এমন একটি জায়গা দেখান যেখানে এক ব্যক্তির 'পিতা, পুত্র, পবিত্র আত্মার' নামে কখনও বাপ্তিস্ম হয়েছে, তাহলে আমি আমার হাত তুলবো আর বলবো যে আমি একজন মিথ্যা ভাববাদী।"

26 "আর যদি বাইবেল বলে যে আপনার 'যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম' নেওয়া আবশ্যক, তাহলে এর মানে হল আপনাকে এই ভাবেই এটি করতে হবে। পৌল তাদের বাপ্তাইজ করার আদেশ দিয়েছিলেন। তারা কিভাবে আগে বাপ্তাইজিত হয়েছিল এতে কিছু আসে যায় না, তাদেরকে এসে, আবার বাপ্তিস্ম নিতে হয়েছিল। তারা সেই একই ব্যক্তি দ্বারা বাপ্তাইজিত হয়েছিলেন যিনি যীশু খ্রীষ্টকে বাপ্তিস্ম দিয়েছিলেন; সেই যোহন বাপ্তাইজকের কাছে। তিনি বললেন, 'এটা আর কাজ করবে না। আপনাদের আবার আসতে হবে, আবার বাপ্তিস্ম নিতে হবে।' পবিত্র আত্মা লাভ করার আগে তাদের এটা করতে হয়েছিল। এটা ঈশ্বরের কর্মসূচী ছিল।"

27 আমি আজ রাতে, সেটার থেকেও একটু গভীরে যেতে পারি। কেন ? যীশু তাঁর বাক্যকে পুরন করেন। আপনারা কি এটা বিশ্বাস করেন ? এখন, এই সকালে আপনারা প্রায় সবাই এখানে ছিলেন, কিন্তু আমি সেই ব্যাপারে আরও একটু বেশি কথা রাখতে চাই।

28 কেন পৌল তাদেরকে আজ্ঞা...আজ্ঞা দিয়েছিলেন আবার বাপ্তিস্মের ব্যাপারে যখন তাদের এটি করা হয়ে গিয়েছিল ? পৌল বলেছেন, "যদি স্বর্গ থেকে কোন স্বর্গদূত এসে অন্য কিছু প্রচার করে তবে সে অভিশপ্ত হয়ে যাবে।"

29 এখন আপনি বলেন, "আমরা এই ব্যাপারে একটি নতুন আলো পেয়েছি।" না আপনারা কিছুই পান নি। এটি নিয়েই শয়তান হবার কাছে এসেছিল, কিছু নতুন আলো নিয়ে। আপনার কোন নতুন আলোর প্রয়োজন নেই। আপনার সেই আলোর মধ্যে হাঁটা প্রয়োজন যা ঈশ্বর ইতিমধ্যেই এখানে স্থাপন করেছেন, সেটাই সব কিছু।

30 এখন এটা দেখুন, কতটা সহজ ? যখন তারা রূপান্তর পর্বত থেকে নেমে এলেন, যীশু তাঁর শিষ্যদের বললেন, "লোকেরা মনুষ্যপুত্রকে কি বলে যে আমি কে ?"

"একজন বলেছিলেন, 'আপনি মোশি, বা এলিয় অথবা ভাববাদীদের মধ্যে একজন।'"

তিনি বললেন, "তোমরা কি বল?"

31 তিনি বললেন, পিতর বললেন, "আপনিই সেই খ্রীষ্ট, জীবন্ত ঈশ্বরের পুত্র।"

32 তিনি বললেন, "যোনার পুত্র শিমোন, ধন্য তুমি; কেননা রক্তমাংস ইহা তোমার কাছে প্রকাশ করে নাই।" দেখুন, এটি কোন সেমিনারি থেকে আসে নি। এটি কোন সংস্থা থেকে আসে নি। "রক্তমাংস ইহা তোমার কাছে ইহা প্রকাশ করে নাই। তুমি এটা কোন ধর্মীয় বিদ্যালয় থেকে শেখ নি। কিন্তু আমার পিতা, যিনি স্বর্গে থাকেন, তিনি তোমাকে এটা প্রকাশ করে দিয়েছেন। আর এই পাথরের ওপর আমি আমার মন্ডলী গাথব; আর নরকের দরজা এর ওপর প্রবল হবে না," তিনি কে তাঁর আত্মিক প্রকাশের ওপর।

33 লক্ষ্য করুন। "আর আমিও তোমাকে কহিতেছি, তুমি পিতর। আমি তোমাকে স্বর্গরাজ্যের চাবিগুলো দেব। আর তুমি যা কিছু পৃথিবীতে বাধবে, আমি তা স্বর্গে বাধব; যা কিছু তুমি পৃথিবীতে মুক্ত করবে, আমি তা স্বর্গে মুক্ত করব।" এখন তাকে তাঁর বাক্যকে পুরন করতে হবে না হলে তিনি ঈশ্বর নন। এখন, আর যখন তিনি তা করলেন, তাঁর কিছুদিন পরে, তিনি ক্রুশারোপিত হলেন, পুনরুত্থিত হলেন, স্বর্গে উত্তোলিত হলেন, আর পিতর পঞ্চাশত্তমীর দিনে সুসমাচারকে খুলে দিলেন। তিনি কি তা করেছিলেন? তিনি, নিশ্চিতরূপেই, তিনি তা করেছিলেন। এখন লক্ষ্য করুন, যখন তিনি...

34 তারা সকলে তাদেরকে দেখে উপহাস করছিল, কারন তারা পবিত্র আত্মায় পূর্ণ হয়ে গিয়েছিল। তাদেরকে "পাগল, পবিত্র কপটি" বলে ডাকা হচ্ছিল, অথবা সেরকমই কোন নাম ধরে তাদের ডাকা হচ্ছিল। আর তারা এমনকি হাসছিল এবং বলছিল, "এরা সকলে নতুন দ্রাক্ষারসের নেশায় মেতেছে।"

35 আর পিতর তাদের মাঝখানে দাঁড়িয়ে, তাঁর রবকে উপরে তুললেন, আর তিনি বললেন, "লোকেরা এবং ভাইয়েরা, আমার রব শ্রবন কর এবং আমার কথায় কর্ণপাত কর। কেননা তোমরা যে অনুমান করিতেছ, ইহারা মত্ত, তাহা নয়; কারন এখন বেলা তিন ঘটিকামাত্র। কিন্তু এটি সেই ঘটনা, যাহার কথা যোয়েল ভাববাদী দ্বারা উক্ত হইয়াছে, 'শেষ কালে এইরূপ হইবে, আমি মর্তমাত্রের ওপরে আমার আত্মা সেচন করিব,' আর তিনি তাঁর পুত্র, এবং তাঁর

কন্যা, আর তাঁর দাসদাসীদের এবং অন্যদের সাথে সেইদিন সেসব করবেন।"

36 আর যখন তারা এটা শ্রবন করতে শুরু করলো, তাদের হৃদয় যেন বিদীর্ণ হয়ে গেল। কারন তারা এমন এক লোকের মুখ থেকে কথা শুনছিল যে তাঁর 'কখগ' জানে না, তবুও তাদেরকে তাঁর কথা ধ্যান দিয়ে শুনতে হচ্ছে, তারা জানতে পেরে গিয়েছিল যে তাঁর ভেতরে কিছু আছে, তাকে জ্বালিয়ে তুলেছে, সেই পবিত্র আত্মা। তাকে থামানো ? কেন, এটা একটি বাতাসময় দিনে, একটি শুকনো কাঠের ঘরের, থেকে আগুন নেভানোর চেষ্টা করার মত ব্যাপার হয়ে যাবে। আপনি তা করতে পারবেন না। তিনি পবিত্র আত্মায় পূর্ণ ছিলেন। আর এখন তিনি কি করেছিলেন ?

37 তারা বলেছিল, "আচ্ছা, লোকেরা এবং ভাইয়েরা, উদ্ধার পেতে হলে আমাদের কি করতে হবে ?"

38 এখন পিতর, তুমি লক্ষ্য রাখবে, তোমার কাছে রাজ্যের চাবিগুলো আছে। বুঝেছ ?

39 এখন, যীশু যখন তৃতীয় দিনে উত্থাপিত হয়েছিলেন, তাঁর কাছে স্বর্গরাজ্যের চাবি ছিল না। আপনারা কি তা জানতেন ? তিনি বলেছিলেন, "আমার কাছে মৃত্যু ও পাতালের চাবি আছে।" কিন্তু রাজ্যের চাবি নেই কারন তা পিতরকে দিয়ে দেওয়া হয়েছে।

40 এখন তিনি পিতরকে বলেছিলেন, "পিতর, যা কিছু তুমি পৃথিবীতে মুক্ত করবে, আমি তা স্বর্গে মুক্ত করবো। যা তুমি পৃথিবীতে বাধবে, আমি তা স্বর্গে বাধবো।"

41 এখন এখানে সে সেই চাবি নিয়ে দাড়ায়, জগতের কাছে সেই আশীর্বাদময় জিনিস খুলে দিতে। আর এখানে তাঁর কাছে তাঁর চাবি আছে। আর তারা জিজ্ঞেস করছে, "আমরা উদ্ধার পেতে হলে কি করতে হবে ?" এখন, এতে কোন ব্যাপার না যা প্রেরিত বলবে, ঈশ্বরকে স্বর্গে তার পরিচয় দিতে হবে, যদি তিনি তাকে সেই অধিকার দিয়েছেন।

42 এখন পিতর বললেন, "মন ফিরাও, এবং তোমরা প্রত্যেকজন তোমাদের পাপ মোচনের নিমিত্ত প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও, তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে।" এটা কি সত্য ? আর সেই কারনেই চাবি স্বর্গে ঘুরে গিয়েছিলো অন্য যে কোন নামের জন্য, অন্য যে কোন পদ্ধতির জন্য, অন্য যে কোন—যে কোন প্রথার জন্য। এটা পৃথিবীতে ঘুরে গিয়েছিল, আর সাথে সাথে এটা স্বর্গেও ঘুরে গিয়েছিল, নাহলে যীশু পিতরকে দেওয়া তাঁর প্রতিশ্রুতি

রাখেন নি। আর বাইবেলের প্রত্যেক স্থানে যেখানে তারা বাপ্তিস্ম নিয়েছে, এর পরে, তারা প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নিয়েছে। আর যারা তাঁর আগেই বাপ্তিস্ম নিয়ে নিয়েছিল, তাদেরকে আবার আসতে হয়েছিল এবং পুনরায় বাপ্তিস্ম নিতে হয়েছিল, প্রভু যীশু খ্রীষ্টের নামে, পবিত্র আত্মা পাবার জন্য। এটাই সঠিক, আজও এটাই চালু আছে।

43 তাই, যদি আমরা "পিতা, পুত্র, এবং পবিত্র আত্মার" নামে বাপ্তিস্মের শিক্ষা দিচ্ছি, তাহলে এটা হল মিথ্যা ভাববানী। এখন আমি আপনাদেরকে দুঃখ দিতে চাই না। কিন্তু এটা গেথে দিতে হবে যেন এই মন্ডলী জেনে যেতে পারে। আমরা এখানে এক গুচ্ছ অশিক্ষিত পাগলের দল নই; আমরা জানি যে আমরা ঈশ্বরের বাক্যের মধ্যে কোথায় দাঁড়িয়ে আছি। দেখুন, আমরা জানি। আমি যে কোন ব্যক্তিকে প্রতিদ্বন্দিতায় আহ্বান করছি যে আমাকে এমন একটি জায়গা দেখান যেখনে কেউ কখনও "পিতা, পুত্র, পবিত্র আত্মার" নামে বাপ্তিস্ম নিয়েছে। এখন আপনারা মিথ্যা ভাববাণী শুনবেন না সত্য শুনবেন ? শাস্ত্রগুলি অনুসন্ধান করে দেখুন। এটা আপনার উপর নির্ভর করছে।

44 আমাকে বাইবেলের মধ্যে এক ব্যক্তিকে দেখান, যেখানে কোন মন্ডলী কোন সংস্থাকে অভিষিক্ত করেছিল বাইবেলের মধ্যে—মধ্যে। বাইবেলে যেখানে তারা কখনও একটি মহিলা প্রচারক নির্ধারিত করেছিল তা আমাকে দেখান। আমাকে দেখান যেখানে আমরা এই যে সব কথা বলছি, তা বাইবেলে কখনো নিযুক্ত করা হয়েছিল। সেগুলো সেখানে নেই। আমাকে এক জায়গায় বলুন। আপনি একটি সংস্থায় যান...

45 আচ্ছা, যখন মেথডিস্টরা উত্থাপিত হয়েছিল, তখন তারা পবিত্রতা ঘোষণা করেছিল। এটা ভালো। কিন্তু, যখন তারা তা করেছিল, তারা একটি সংস্থা তৈরি করে নিল, এবং এটিই শেষ করে দিল। এইজন্যই বাইবেল বলে, "তুমি একটি নাম পেয়েছ।"

আপনি বলছেন, "আমি একজন খ্রীষ্টান।"

"ভাল, আপনি কোন সংস্থার অন্তর্গত ?"

46 আপনি বলছেন, "একজন মেথডিস্ট," কেন, আপনি তাহলে একজন বেশ্যা হয়েছেন। "আমি একজন ব্যাপটিস্ট," পতিতা। "পেন্টিকোস্টাল," তুমি একজন পতিতা। আপনি সেই গির্জার অন্তর্গত।

47 আপনাকে খ্রীষ্টের অন্তর্গত হওয়া উচিত। কোনও দরকার নেই এসব বলার, "মেথডিস্ট," "ব্যাপ্টিস্ট।" আপনি যদি একজন খ্রীষ্টান হন, তবে আপনি হৃদয়ে একটি খ্রীষ্টান হন।

48 ঐ সংস্থাগুলোর প্রত্যেকটিই সন্তান উৎপন্ন করতে পারে, ঈশ্বরের সন্তানদের জন্ম দিতে পারে, এটা ঠিক। কিন্তু যখন আপনি মনে করেন আপনি স্বর্গে যাচ্ছেন কারণ আপনি একজন মেথডিস্ট বা ব্যাপটিস্ট, আপনি ভুল। আর এই কারণেই আমরা সেই জিনিস থেকে দূরে থেকেছি।

কেন ব্যাপটিস্টরা এটি দেখতে পাচ্ছেন না ?

49 আমি এখানে একটি মেথডিস্ট ব্যক্তিকে জিজ্ঞাসা করেছিলাম, যিনি একটি গবেষণামুলক প্রবন্ধ লিখেছিলেন, কেবল দীর্ঘ সময় আগে লিখেছিলেন। তিনি বলেছিলেন, "আমরা আপনার বিরুদ্ধে একমাত্র জিনিস যা পেয়েছি, যে আপনি শুধু পেন্টিকোস্টালদের চারপাশে ঝুলে থাকেন।"

আমি বললাম, "আমরা কে ?"

"আমরা, মেথডিস্টগন।"

50 আমি বললাম, "আচ্ছা, আমি আপনাকে বলবো যে আমি কী করব। আমি আপনার শহরে আসব এবং আপনারা মিথডিস্টরা সেই সভার ভাঁর নিন।"

"ওহ," বললেন, "অবশ্যই, আমরা এটা করতে পারি না।"

51 আমি বললাম, "ঠিক এটাই আমি যা ভেবেছিলাম। আমি পেন্টিকোস্টালদের সাথে থাকি কারণ পেন্টিকোস্টালরা এটা বিশ্বাস করে। সেটা ঠিক। তারা এটির চারদিকে চলে। তারাই এটার লাভ ওঠাচ্ছে।"

52 পেন্টিকোস্টাল মন্ডলীর ব্যাপারে, কেবল সাম্প্রতিককালেই, কতজন *লাইফ* ম্যাগাজিনের প্রবন্ধটি পড়েছেন ? এটা এই যুগের মহান ঘটনাগুলোর মধ্যে একটি। তারা এক বছরে তাঁর চেয়েও বেশী লোকদের খ্রীষ্টে পরিবর্তিত করেছে যতোটা বাকি সব মণ্ডলী মিলে করেছে। কেন ? তাদের মধ্যে ভুল থাকা সত্ত্বেও, ঈশ্বর তাদের মধ্যে চলাফেরা করছেন, কারন তারা সত্যকে বিশ্বাস করে এবং এর সাথে এগিয়ে চলছে। এটা সত্য।

53 কিন্তু আমরা এখন কি করছি ? দেখুন ? এই কারনেই আমরা একটি সংস্থা নই। আর যতটা নিশ্চিতভাবে পেন্টিকোস্টালরা সংস্থাগত হয়েছে...

54 আর আগের সেই সময়ে, যখন পবিত্র আত্মা পেন্টিকোস্টাল গির্জার ওপর অবতরন করেছিল, চল্লিস বছর আগে, আর তারা ভিন্ন ভাষায় কথা বলতে শুরু করেছিল, যা দানগুলোর মধ্যে একটি ছিল। ওটা ছিল সমস্ত দানের মধ্যে ক্ষুদ্রতম দান। সেটা ছিল সমস্ত দানের মধ্যে ছোট দান, প্রেরিত পৌলের বাক্যানুসারে, যেটা ছিল অন্য ভাষায় কথা বলা। আর যখনই এটা পতিত হল, "ওহ," তারা বলে যে "আমরা এখন এটা পেয়ে গিয়েছি," আর তারা একটি সংস্থা বানিয়ে ফেললো, সাধারন পরিষদ বানিয়ে ফেললো, যা হল এখনকার অ্যাসেম্বলিস অফ গড। "ওহ, কেউ পবিত্র আত্মা পায় না যতক্ষণ না সে অন্য ভাষায় কথা বলে," আর ঈশ্বর ঠিক তাদের মধ্যে থেকে বেরিয়ে বাইরে চলে গেলেন, এবং তাদের ওখানেই বসে থাকতে দিলেন। নিশ্চিতভাবেই। হ্যাঁ মহাশয়।

55 তারপর এল একতাবাদীরা, আর তারা পেল যীশুর নামে বাপ্তিস্ম। তারা বলল, "ওহ, আমরা এটা পেয়ে গিয়েছি," তারা সংস্থাগত হয়ে গেল। তারা কি করেছিল ? ঈশ্বর ঠিক তখনই সেখান থেকে বেরিয়ে গেলেন আর তাদের ওখানেই পড়ে থাকতে দিলেন।

এটা ছিল, "যে কেহ চায় সে আইসুক।"

56 দেখুন, একতাবাদীরা অ্যাসেম্বলিসদের সাথে যেতে পারে না। অ্যাসেম্বলিসরা একতাবাদীদের সাথে যেতে পারে না। আমি তাদের মধ্যে সবথেকে উত্তম লোকদের সাথে কথা বলেছি, শ্রীমান গ্রস, এবং ডক্টর পোপ, আর অনেকে। এই লোকেরা হলেন মহান ব্যক্তি এই...আমি তাদের সাথে বসেছি। আমি বলেছি, "আপনারা কিভাবে সেই প্রাথমিক প্রমানটিকে শিক্ষা দিতে পারেন, একজন বিদ্বান হয়ে ?"

57 "আচ্ছা," বললেন, "ভাই ব্রানহাম," তাদের এক, দুই অথবা তিনজন, ছিলেন প্রকৃতই সৎ ব্যক্তি, বললেন, "আমরা জানি যে সেটা ভুল, কিন্তু আমরা কি করতে পারি ? এখন যদি আমরা এর বিরুদ্ধে কিছু বলি, কেন, তাহলে এটা পুরো সূচীকেই নষ্ট করে দেবে।" নিশ্চিতরূপেই, তাহলে আর আপনি বিসপ, অথবা সাধারন অধ্যক্ষ হয়ে থাকতে পারবেন না। এটাই হল ভাবনা।

58 ভাই, আমি বরং কোনায় দাঁড়িয়ে একটি ছোট কাজ করতে চাইব, অথবা একটি পাইন গাছের নীচে দাঁড়িয়ে প্রচার করতে চাইব, আর সত্যের সাথে থাকবো, নিশ্চয়ই, আর আমি জানব যে আপনি সত্য বলছেন। লোকেরা সত্যকে চায়। আর আপনারা বাধ্য,

খ্রীষ্টিয়ান হিসেবে, সত্যের বাক্য বহনকারীরূপে থাকতে। এর জন্য ঈশ্বর আপনাদের দায়ী করতে চলেছেন।

59 তারপর, ঐসব বিষয়ে, যদি আপনি যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নেন নি, এবং আপনি এই সমস্ত কিছু করেন নি, আর আপনি পবিত্র আত্মা লাভ করেন নি...

60 আপনি বলেন, "ওহ, আমি অন্য ভাষায় কথা বলেছি।" তাঁর মানে এই নয় যে আপনি পবিত্র আত্মা পেয়েছেন।

61 আমি মায়াবি, জাদুটোনাকারী মন্দ আত্মাপ্রাপ্ত লোক, এবং এরকম সবকিছুকে দেখেছি, যারা অন্য ভাষায় কথা বলে। নিশ্চয়ই। তারা পবিত্র আত্মা প্রাপ্ত নয়, আর আপনারা তা জানেন। মানুষের খুলি থেকে রক্ত পান করে, আর নৃত্য করে, আর শয়তানকে ডাকে, আর অন্য ভাষায় কথা বলে। নিশ্চয়ই। তারা পবিত্র আত্মা প্রাপ্ত ব্যক্তি নয়।

62 তাই, যেহেতু আপনি অন্য ভাষায় কথা বলেছেন, তাঁর অর্থ এই নয় যে আপনি পবিত্র আত্মা পেয়ে গেছেন। একমাত্র উপায় যার দ্বারা আপনি জানতে পারবেন যে আপনি তা পেয়েছেন কিনা, যখন আপনার আত্মা তাঁর আত্মার সাথে সাক্ষ্য দেয়, আর আত্মার ফল আপনাকে অনুসরন করেঃ প্রেম, আনন্দ, শান্তি, দীর্ঘসহিষ্ণুতা, মাধুর্য, মঙ্গলভাব, মৃদুতা। তখনই আপনি জানতে পারবেন যে আপনি পবিত্র আত্মা পেয়েছেন কিনা। এটা তাঁর সাক্ষ্য দেয়।

63 এখন, যখন আপনি এর ওপর নির্ভর করতে চেষ্টা করেন, যেহেতু আপনি অ্যাসেম্বলিসের অন্তর্গত, অথবা ব্যাপ্টিস্টের অথবা প্রেসবেটারিয়ানের অন্তর্গত, আপনি কি দেখতে পাচ্ছেন যে আপনি কি করছেন ? আপনি তো একটি বেশ্যার নাম গ্রহন করছেন। সেটা একেবারে ঠিক। সেখান থেকে বেরিয়ে যান। এটার থেকে দূরে চলে আসুন। আমি বলতে চাই না যে আপনার মন্ডলী বা কোন কিছু থেকে বেরিয়ে আসুন; আপনি এই সম্বন্ধে যা করতে চান করুন। কিন্তু এই সমস্ত কিছুতে আপনার বিশ্বাসকে স্থাপন করা থেকে দূরে থাকুন, "ওহ, আমি প্রেসবিটারিয়ান, আমরা অলৌকিক কাজের দিনের ওপর বিশ্বাস করি না।" আপনারা কেন এটা বিশ্বাস করেন না ? বাইবেল এটা শিক্ষা দেয়। "ওহ, আমি চার্চ অফ ক্রাইষ্টের সাথে যুক্ত। তারা বলে যে অদ্ভুত কাজের দিন পার হয়ে গেছে।" তবে তারা মিথ্যা ভাববাদী।

64 আমি আপনাদেরকে দেখাতে পারি যেখানে যীশু মন্ডলীকে ক্ষমতা দিয়েছেন, রোগীদের সুস্থ করার, এবং মৃতকে জীবিত করার,

এবং ভুত ভাগানোর। আমি যে কোন ব্যক্তিকে প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান করছি যে সে আমায় এসে বাইবেল থেকে দেখাক যে যীশু এটা মন্ডলী থেকে কখনও তুলে নিয়েছেন। কোন জিনিস এটিকে সরিয়ে দিয়েছে? আপনাদের নিজস্ব মতবাদগুলো, ঠিক, ঈশ্বরের বাক্য কখনও সরায় নি। পবিত্র আত্মা এখনো তাঁর কাজ করে চলেছেন, একই রকম ভাবে চলছেন, এবং তিনি যুগে যুগে এভাবেই চলতে থাকবেন।

65 এই কারনেই আমরা একটি সংস্থা নই। "ভক্তির অবয়বধারী, কিন্তু তাঁর শক্তির অস্বীকারকারী; তাদের মধ্যে থেকে দূরে সরে যান।" আমরা ঐ সবে বিশ্বাস করি না।

66 এখন, এটা কিভাবে কখনও শুরু হল? আমাদের তারাতারি করতে হবে আর যত তারাতারি সম্ভব সেটাতে আসতে হবে। এখন, এটা কিভাবে কখনও শুরু হল। এখন আমাদের কাছে প্রচুর শাস্ত্রাংশ এখানে লেখা রয়েছে পবিত্র আত্মা সম্বন্ধে।

67 আর আরেকটি জিনিস, গত রাতে আমরা একটি প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান জানিয়েছিলাম, "পবিত্রগণের ধৈর্যের বিষয়ে," যেভাবে ব্যাপ্টিস্টরা বিশ্বাস করে সেভাবে নয়। না, মহাশয়। আমি নিশ্চিতরূপেই ব্যাপ্টিস্টদের সাথে এবং তাদের ভাবনার সাথে একমত নই, তাদের ক্যালভিন তত্ত্বের ওপর। আমি নিশ্চিতরূপেই প্রেসবেটারিয়ানদের সাথে সহমত নই। আমি মেথডিস্টদের আরমেনিয়ানবাদের সাথে সহমত নই। হ্যাঁ, মহাশয়। কিন্তু তারা উভয়েই কিছুটা সত্য পেয়েছে, কিন্তু আপনাকে সেটা সোজা *এখানে* আনতে হবে যেখানে এটা সত্য। যখন আপনি সেখানে দৌড়ে বাইরে চলে যান, আপনি এটার সাথে হিংস্র হয়ে যান। নিশ্চিতরূপেই।

68 ব্যাপ্টিস্টরা আসে, এখানে দুজনকে বাপ্তিস্ম দেয়, জলে ডুবিয়ে; আর প্রচারকরা তাদের বাপ্তিস্ম দেয়, তাদের দশ জনের মধ্যে নয় জনই সিগারেট পান করে, পেছনে ফিরে যায় এবং সেখানে দাড়ায়, আর তাস খেলে, সারা রাত জুয়া খেলে, চারপাশে দৌড়ে বেড়ায়, এবং অসাধু ব্যবসা বাণিজ্যে যুক্ত থাকে; এবং সমস্ত মহিলাদের এখানে ছোট কাপড় পরা, রাস্তায় চারপাশে চলতে থাকে, এবং তাদের চুল ছোট করে কাটে, এবং এবং—এবং ধূমপান করে এবং গালগল্প করে, এবং সামান্য সেলাই করা অন্তরবাস পরে ঘুরে বেড়ায়, এবং জঘন্য কৌতুক বলতে থাকে। আপনি তাকে খ্রীষ্টধর্ম বলবেন? এবং আপনি মনে করেন যে আপনি অনন্ত নিরাপত্তা পেয়েছেন? আপনি এভাবেই নরকের দিকে চলে যাচ্ছেন। আপনি

কোন মতেই স্বর্গে নিজেকে উপভোগ করতে পারবেন না। অবশ্যই না। এটা অনন্ত নিরাপত্তা নয়।

কিন্তু যখন একজন মানুষ পবিত্র আত্মা দ্বারা পুনরায় জন্মগ্রহণ করেন...

69 আর আপনারা পেন্টিকোস্টালগন, 'আপনারা যেহেতু উপর এবং নিচে লাফালাফি করেন, এর অর্থ এই নয় যে আপনি ঐতিহ্যগত নিরাপত্তা পেয়ে গিয়েছেন। আপনাদের মাথায় ওটা ঢুকতে দেবেন না। না মহাশয়,.এটা অবশ্যই না। কারণ, আপনি জানেন যে আপনার নিজের—আপনার নিজের জীবন আপনাকে সাক্ষ্য বহন করে, সাক্ষ্য, যে আপনি ঈশ্বরের সাথে সঠিক নন। সেটা ঠিক। আপনি ঠিক নন। এটা অনন্ত নিরাপত্তা নয়, এখনো।

70 কিন্তু আমি আপনাকে কিছু জিজ্ঞাসা করতে চাই। একটি অনন্ত নিরাপত্তা আছে কি? বাইবেল তাই বলে। বাইবেল বলে যে, পৃথিবীর শুরু হওয়ার আগে আমাদের নাম মেষশাবকের জীবন পুস্তকে রাখা হয়েছিল।

71 আজ সকালে যেমন আমি বলেছিলাম, আবারও বলছি। যে ব্যক্তি এই গানটি লিখেছেন সেই ব্যক্তি, "আজ রাতে মহিমাতে একটি নতুন নাম লেখা হয়েছে, এবং এটি আমার নাম," তাঁর ধারণাটি ঠিক ছিল, কিন্তু তিনি ভুল ছিলেন, শাস্ত্র অনুসারে। যে রাতে আপনি উদ্ধার পেয়েছেন সেই রাতে আপনার নাম লেখা হয় নি।

72 বাইবেল অনুযায়ী আপনার নাম, প্রকাশিত বাক্য ১৩, ১৭ এবং আরও অন্যান্য বাক্য অনুসারে, "জগতের আরম্ভের আগে থেকেই শুরু হয়েছিল; এবং যীশু খ্রীষ্টকে পৃথিবী সৃষ্টির আগেই বধ করা হয়েছিল।"

73 কিভাবে ঈশ্বর, যিনি অসীম, কিভাবে একটি অসীম ঈশ্বর, যিনি শুরু থেকে শেষ জানেন, কিভাবে তিনি কখনও পাপকে পৃথিবীতে আসতে অনুমতি দিতেন, যদি এটির পেছনে একটি কারণ না থাকত?

74 এখন আমরা যা কিছু বলেছি তাঁর সমর্থনের জন্য বলছি। প্রথমে কে ছিল, পরিত্রাতা না পাপী? [মণ্ডলীর কেউ বলে, "পরিত্রাতা।"—সম্পা।] পরিত্রাতা, নিশ্চয়ই। কোনটি বেশী শক্তিশালী, একজন পরিত্রাতা না পাপী? যদি একজন পরিত্রাতা পাপকে নষ্ট করে দিতে পারেন, তবে তিনি আরও শক্তিশালী। আচ্ছা, কেন তিনি প্রথম স্থানে পাপকে ঘটতে দিলেন? এটা দেখানোর জন্য যে তিনি একজন পরিত্রাতা ছিলেন। কোনটি

সবচেয়ে শক্তিশালী, আরোগ্যকর্তা না অসুস্থতা? ["একজন আরোগ্যকর্তা।"] একটি আরোগ্যকর্তা। তারপর কেন তিনি অসুস্থতাকে আসতে দিলেন? দেখানোর জন্য যে তিনি একজন আরোগ্যকর্তা ছিলেন। আমি এখন ধর্মীয় অনুভব করছি। হ্যাঁ মহাশয়। ওহ আমার! সেগুলো তার গুণাবলী।

75 এ কারণে তিনি সমস্যাকে আসতে দেন। এ কারণে তিনি দুঃখকে আসতে দেন, যেন দেখাতে পারেন যে তিনি হলেন আনন্দ। এটা নিশ্চিত। সেইজন্য আমরা একটি রাত পেয়েছি, প্রমাণ করার জন্য যে একটি দিন আছে। এ কারণে আমরা ক্রোধ পেয়েছি, যেন দেখতে পাই যে শান্তিও আছে। নিশ্চিত, এটি আগে ও পেছনে আছে। ওহ, তিনি বিস্ময়কর।

76 এখন, কীভাবে এটা শুরু হয়েছিল? আমরা এটাতে সরাসরি চলে যাব, আমরা যত দ্রুত সম্ভব করতে পারি, তাই আমি আপনাদেরকে সারা রাত আটকে রাখব না। এখন, সবকিছুরই একটি আরম্ভ থাকে।

77 আর আমি আপনাদেরকে কিছু জিজ্ঞাসা করতে চাই। এখন এটা হতে পারে...আপনি শুধু এই কথাটি আপনার কাছে রেখে দিন। আপনি কথাটি সাধারনভাবে নেবেন না। কিন্তু এই কথা শুনুন।

78 যদি আপনি একটি অনন্ততার প্রাণী হন, তাহলে আপনার কখনই একটি শুরু ছিল না, বা আপনার কখনই একটি শেষ হতে পারে না। কারণ, *অনন্ত* শব্দটি আসে এমন কিছু থেকে "যার কোন শুরু বা শেষ নেই।"

79 আপনার কি এটা মনে নেই? আমি বলেছিলাম, এই সকালে, যে কিভাবে এই মল্কীষেদক, অব্রাহামের সাথে সাক্ষাত করলেন যখন তিনি রাজাদের হত্যা করে এসেছিলেন। আর বাইবেল বলে, ইব্রীয় ৭ এ, যে, "লেবী মল্কীষেদককে দশমাংশ প্রদান করেন, যখন তিনি তাঁর পিতা অব্রাহামের কটিতে ছিলেন।" অব্রাহাম ইসাহাককে জন্ম দিয়েছিলেন; ইসাহাক যাকোবকে জন্ম দিয়েছিলেন; যাকোব লেবীকে জন্ম দিয়েছিলেন। সেটা ছিল বাবা, পিতামহ, এবং প্রপিতামহ। আর লেবি যখন তার প্রপিতামহর মধ্যে ছিলেন, তখন বাইবেল তাকে মল্কীষেদককে দশমাংশ দান করার জন্য কৃতিত্ব প্রদান করে। অনন্ততা সম্পর্কে কথা বলুন! আমার আমার! তিনি কখনও বলেননি, "তিনি ছায়ার মধ্যে এটি করেছিলেন; তিনি সম্ভবত এটি সম্পন্ন করেছিলেন।" বাইবেল বলে, "তিনি দশমাংশ প্রদান করেন।" আমেন।

80 তারপর, আমরা যদি সঠিক বীজ দিয়ে আসি, তাহলে যখন পৌল সুসমাচার প্রচার করেছিলেন, সেখানে আমি ছিলাম এবং আপনি সেখানে ছিলেন। আমরা সেটাকে নিতে চলেছি, ঠিক এক মিনিটের মধ্যেই, আমাদের কান পর্যন্ত যেন সেটা চলে যায়। লক্ষ্য করুন, বাইবেল এটাই দাবি করে আমাদের কাছে, এমনকি পিছনে ফিরে গিয়ে।

81 কেবল ভাবুন! লেবী; তারপর যাকোব, তার পিতা; তারপর ইসাহাক, তার পিতা; তারপর অব্রাহাম, তার পিতা; তার প্রপিতামহ। লেবী যখন তাঁর প্রপিতামহের কটিতে ছিলেন তখন তিনি মল্কীষেদককে দশমাংশ দান করেন।

82 আমি আপনাদেরকে জিজ্ঞাসা করতে চাই। ইনি কে, ইয়োব 2৭...৩৮, যখন তিনি বলেন, "তুমি কোথায় ছিলে যখন আমি পৃথিবীর ভিত্তি মুল স্থাপন করি? যখন প্রভাতীয় নক্ষত্রগণ একসঙ্গে গান গেয়েছিল, ঈশ্বরের পুত্ররা আনন্দে চিৎকার করছিল?" ঈশ্বরের সেই পুত্ররা কারা ছিল যারা আনন্দে চেল্লাচ্ছিল? যীশু তাদের বলেছিলেন, যে, "জগতের ভিত্তি স্থাপনের আগেই আমি তোমাদের সঙ্গে আনন্দিত হলাম।" আমরা সময়ের প্রাণী নই। আমরা অনন্ততার প্রাণী।

83 "আমার পিতা না ডাকলে কেউই আমার কাছে আসতে পারে না। আর যে কেউ আমার কাছে আসে, আমি তাদের অনন্ত জীবন দিব, এবং শেষ দিনে তাকে ওঠাবো। আমার পিতার হাত থেকে কেউই তাদের ছিনিয়ে নিতে পারবে না, যিনি তাদেরকে আমার কাছে দিয়েছেন।" আপনি কীভাবে হারিয়ে যাবেন?

84 দেখুন, আপনি ভীত। আপনি শঙ্কিত। আপনি এখানে পালিয়ে বেড়াচ্ছেন। আর সেটাই বিশ্বের সেরা প্রমাণগুলোর একটি, এই পৃথিবীতে, আপনি এখনও কোথাও পৌছাতে পারেন নি। সেটা ঠিক। কিভাবে ঈশ্বর আপনাকে রক্ষা করতে পারেন যদি তিনি...

85 এই গির্জায় উপস্থিত কতজন আপনাদের হাত উত্তলোন করবেন, এবং বিশ্বাস করেন যে ঈশ্বর অনন্ত? আপনি কি জানেন *অনন্ত* শব্দের মানে? এটা ঠিক নিখুঁত। অনন্ত, আপনি পারবেন না—আপনি *অনন্ত* শব্দটির ব্যাখ্যা করতে পারবেন না।

86 আপনি কি কখনও আপনার ক্যামেরা নিয়েছেন এবং অনন্ত বা ইনফিনিট -এ সেট করেছেন? কেন, এর অর্থ হল তখন থেকেই। ঠিক আছে। এটিকে আর কোনও দিকে ফোকাস করার কোন উপায় নেই।

87 আচ্ছা, এটাই হলেন ঈশ্বর। তিনি অনন্ত। আর যদি তিনি অনন্ত হন, তবে না কোনও পোকা, না একটি মাছি, না কোন মশা, না কোন উকুন, না কোন কিট, পৃথিবীতে এমন কিছুই নেই যা কখনো পৃথিবীতে ছিল অথবা কখনও হবে, কিন্তু ঈশ্বর তা পৃথিবী গঠন হওয়ার আগেই তাদেরকে জানেন। অনন্ততার কিছু ধারণা আছে।

88 আচ্ছা, তাহলে, এক অনন্ত ঈশ্বর যিনি আপনাকে এখানে রক্ষা করেন, এটা জেনে যে তিনি আগামী সপ্তাহে, অথবা আগামী মাসে বা পরবর্তী বছর আপনাকে হারাতে চলেছেন, কেন, তিনি তাঁর এই উদ্দেশ্যটিকে অসফল হয়ে যেতে দেবেন। সে আপনাকে হারাতে পারেন না। "যে আমার কথা শোনে, আর যিনি আমায় পাঠিয়েছেন তাঁকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন লাভ করে, আর কখনও বিচারে আসে না, কিন্তু মৃত্যু থেকে জীবনে পার হয়ে যায়।" তিনি হারাতে পারেন না। আপনি আর না...

89 "যে ঈশ্বর হইতে জাত, সে পাপ করে না; কেননা ঈশ্বরের বীর্য তাহার মধ্যে থাকে, আর সে পাপ করিতে পারে না।" সে কীভাবে পাপ করিতে পারে যখন তাঁর জন্য পাপের নৈবেদ্য উপস্থিত আছে ?

90 আমি কিভাবে অসুস্থ হতে পারি যখন আমি নিখুঁত স্বাস্থ্যে আছি ? কিভাবে আমি অন্ধ হতে পারি যখন আমি দেখতে পাচ্ছি ? ওহ আমার ! আমি কিভাবে একই সময়ে এই ভবনের ভেতরে এবং বাইরেও থাকতে পারি ? একই সময়ে আমি কিভাবে মাতাল এবং সংযত হতে পারি ? আপনি এটা করতে পারবেন না।

91 আর যখন আপনারা উদ্ধার লাভ করেন, তখন আপনারা প্রায়শ্চিত্তের অধীনে থাকেন এবং আপনাদের পাপ আপনাদের ওপর গণনা করা হয় না। দায়ূদ কি বলেন নি, "ধন্য সেই ব্যক্তি, ঈশ্বর যার পাপ গণনা করেন না এবং দোষি করেন না ?" ঈশ্বর তাঁর সৃষ্টির বিরুদ্ধে পাপ গননা করেন না। এটা শক্ত কথা। এটা সর-তোলা দুধ নয়। কিন্তু এটা বাইবেল। ঈশ্বর ধার্মিকের প্রতি পাপ গণনা করবেন না।

92 "ঈশ্বর," তাঁর দয়া দ্বারা, পূর্বমনোনয়নের মাধ্যমে, চান না "যে কেউ বিনষ্ট হয়, কিন্তু সবাই যেন মন ফেরাতে পারে।" কিন্তু অনন্ত হওয়ায়, এবং কে আসবে এবং কে আসবে না তা জানার ফলে, তিনি সবকিছুকে পূর্বনির্ধারণ করতে পারেন যেন তা তার ইচ্ছা.পুরন করার জন্য কার্য করতে পারে। যদি তিনি তা না করতেন, তবে কেন তিনি প্রথম স্থানেই পাপকে প্রবেশ করতে দিলেন ? যখন তিনি একজন পরিত্রাতা ছিলেন...যদি কোন পাপী না হত তবে তিনি

কখনও পরিত্রাতা হতেন না; সেই বৈশিষ্ট্য, যা তার মধ্যে ছিল, তা টেনে বের করা যেত না।

93 কীভাবে তিনি কখনও আরোগ্যকারী হতে পারতেন ? কিভাবে তিনি কখনও একটি আরোগ্যকারী হয়ে উঠতে পারতেন ? যে কারনে তিনি অসুস্থতা আসার অনুমতি দিয়েছেন, যাতে তিনি নিজেকে একজন আরোগ্যকারীরূপে দেখাতে পারেন। তিনি একজন আরোগ্যকারী ছিলেন। কিভাবে আপনি কখনও হতে পারেন...কিভাবে তিনি আরোগ্যকারী রূপে কখনও পরিচিত হতে পারতেন ? কিভাবে তাঁর গুন কখনও কাজ করতে পারত ? কিভাবে তিনি কখনও একটি আরোগ্যকারী হতে পারতেন, যদি কোন অসুস্থতা না থাকত ? তাকে অসুস্থতাকে অনুমতি দিতেই হত।

94 আশ্চর্যের কিছু নেই যে, পৌল রোমীয় ৮ -এ বলেছিলেন, "মূর্খ মানুষ, কুমোরকে—কুমোরকে এই বিষয়ে যে কি করতে হবে, তা কে বলতে পারে; যখন কাদামাটি উঠে দাঁড়াবে আর বলবে, 'কেন তুমি আমাকে এইভাবে তৈরি করো ?' তিনি কি একই উদ্দেশ্যে ফৌরনকে উত্তলন করেননি, যাতে তিনি মিশরে তাঁর মহিমাকে প্রদর্শন করতে পারেন ? তিনি যাকে চান কঠিন করেন এবং যাকে চান ধার্মিক করেন। এটা যে ইচ্ছা করে সে নয়, অথবা যে দৌড়য় সে নয়, কিন্তু ঈশ্বর যাকে অনুগ্রহ করেন।"

95 সুতরাং, আপনার এক্ষেত্রে করার কিছুই ছিল না। আপনার কাছে করার জন্য একটি জিনিসও ছিল না। যদি এটা অনুগ্রহ হয়, যদি এটি একটি বিনামূল্যের উপহার হয়, তাহলে আপনি এ সম্পর্কে কিছুই করতে পারবেন না। ঈশ্বর আপনাকে তা দিয়েছেন, এবং এটাই ঈশ্বরের ইচ্ছা। এটাই সেই জিনিস যা ঈশ্বর আপনার জন্য পূর্বনিরূপণ করেছেন।

96 বাইবেল বলে যে আমরা "পৃথিবীর ভিত্তিমুল স্থাপনের পূর্বে, দত্তক পুত্রতাঁর জন্য, ঈশ্বরের সন্তান হবার জন্য পূর্বনির্ধারিত ছিলাম।" তারপর, যখন ঈশ্বর মেষশাবককে তাঁর নিজের চিন্তাধারায়, জগতের ভিত্তি স্থাপনের পূর্বে হত্যা করেছিলেন যেন তার গুণাবলীগুলোকে প্রমানিত করতে পারেন, যে তিনি কি ছিলেন; যখন মেষশাবক নিহত হয়েছিল, তখন আমরাও তার সাথে নিহত হই। যখন মেষের রক্ত তার নিজের মনের মধ্যে ধৃত হয়েছিল, তখন পৃথিবীর ভিত্তি স্থাপনের পূর্বে, সেখানে আমার এবং আপনার নামগুলি পুস্তকটিতে লেখা হয়েছিল, সমস্ত কিছু তাঁর মহান চিন্তাভাবনার মধ্যে হয়েছিল।

97 তিনি অনন্ত। তিনি যদি তা না হতেন, তাহলে কেন তিনি এটিকে অনুমতি দিলেন? কোনটি সবচেয়ে শক্তিশালী, (আমি বলেছি), একজন পরিত্রাতা না পাপী? কার কাছে সবচেয়ে বেশী শক্তি আছে? তারপর, শক্তিশালীকে অনুমতি দিতে হয়েছিল যেন কম শক্তিশালী প্রবেশ করতে পারে, এবং তিনি এটা তার মহিমা প্রকাশ করার জন্য করেন। যখন তিনি লুসিফারকে তৈরি করেছিলেন, তিনি জানতেন যে সে শয়তান হবে। তিনি এটা হতে দিয়েছিলেন যেন দেখাতে পারেন যে তিনি ত্রাণকর্তা ছিলেন, সেই খ্রীষ্ট ছিলেন। তাকে এমনভাবে এটাকে ঘটতে দিতে হত।

98 এখন, বাইবেল কি বলে না যে, "যারা ঈশ্বরকে ভালবাসে তাদের সকলের জন্য সমস্তই একত্রে ভালো উৎপন্ন করে?" [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।] সুতরাং আপনি কিসের ভয় পান?

আসুন আমরা উঠি এবং কাজ করি,
একটি হৃদয় দিয়ে যে কোন যুদ্ধের জন্য
বোবা গবাদি পশুদের মতো না চলে, যাকে মিনতি
করতে হয় এবং রাজি করাতে হয়!
এবং একটি নায়ক হয়ে!

99 আমি এটা পছন্দ করি। দাড়িয়ে পড়! একটি ছোট কবিতা যা আমার ছোট বেলায়, আমাকে খুব সাহায্য করত, এটা অনেকটা এরকম ছিল:

একজন উত্তম রোম নগরের লোক ছিল,
রোমীয় 'সম্রাটের দিনগুলোতে;
সে একটি ভীতু ব্যাঙের আওয়াজ শুনল,
দুর্গের সামনে দাঁড়িয়ে বলছিল,
"ওহ, এ ধরনের একটি দেবদারু গাছের মধ্যে
থাকা কতটা নিরাপদ,
কোনও ব্যক্তি এটিকে কাপাতে পারবে না।"
"ওহ, না" নায়ক বললো,
"আমি একটি উপায় খুঁজে বের করব বা তা নিজে
বানিয়ে নেব।"

100 সেখানেই আপনি আছেন। সেটা ঠিক। যদি এই বাইবেল শিক্ষা দেয় যে যীশু খ্রীষ্ট কাল, আজ, এবং চিরকাল একই আছেন... এটি একটি সহজ বিষয় ছিল না যখন আমি সেই দিন এই তাঁবু থেকে বেরিয়ে আসি, এবং সবাই আমাকে বলেছিল যে *এটা* ঘটবে, এবং *ওটা* ঘটবে। "আপনাকে একটি পাগল হিসাবে গণ্য করা হবে,

কারাগারে নিক্ষেপ করা হবে, এবং সমস্ত চিকিৎসা সমিতি আপনার বিরুদ্ধে চলে আসবে।" কিন্তু ঈশ্বর এটা করতে বলেছেন। বাইবেল বলেছে তিনি আজও আছেন। আর এখন একটি উদ্দীপনার আগুন স্বর্গের অধীন প্রতিটি জাতির মধ্যে জ্বলছে। কেন? এটার জন্য দাঁড়িয়ে পড়ুন!

আপনি প্রতিদিন আপনার কাজ কিভাবে মোকাবেলা করেন?
আপনি কি সেই কাজে ভয় পাচ্ছেন যা আপনি পেয়েছেন?
আপনি কি সেই কাজটি করবার জন্য সামনে দাঁড়িয়ে থাকতে পারেন?
আপনি কি একটু ক্লান্ত হয়ে এবং খালি মন নিয়ে আছেন? (আমি যে জিনিস ঘৃণা করি।)
বা আপনি কি সেই কাজটি সম্পন্ন করতে দাড়িয়ে থাকতে পারেন যা বাকি আছে,
নাকি এই কাজটি সম্পন্ন করতে আপনার ভয় লাগছে?
যদি তাই হয়, আপনি পরবর্তী কাজ সম্পন্ন করতে লেগে যান,
এটা চিন্তা করে যে আপনি এটি করতে যাচ্ছেন।

101 এটির সাথেই থাকুন। অবশ্যই। আপনার হৃদয়ের উদ্দেশ্যে স্থির থাকুন, দানিয়েলের মত। ঈশ্বরের সাথে থাকুন

102 "এই সব কোথায় ঘটেছে? এটা কিভাবে ঘটেছে? কি জিনিস মানুষকে এরকম করায়? কেন আমরা শুধু ধ্বংস হওয়ার জন্য প্রস্তুত থকি? ভাই ব্রানহ্যাম, আমাকে ব্যাখ্যা করুন। কোন জিনিসটি আপনাকে মনে করায় যে এই পুরো জিনিসকে মুছে ফেলা হবে?" এটি আগে একবার মুছে ফেলা হয়েছিল, (কি ঠিক?) মহাপ্লাবনের দ্বারা ধ্বংসের সময়। এখন এখানে কিছু গভীর জিনিস আসছে। আর আমরা তা পড়তে প্রস্তুত থাকব।

103 এখন আমি চাই আপনারা আমার সাথে আবারও, আদিপুস্তকের বইয়ে, তৃতীয় অধ্যায়ে বার করুন। যদি আপনি কিছু জানতে চান, তাহলে আমি এই আদিপুস্তকের বইতে আপনাকে দেখাতে পারি যেখানে প্রতিটি ধর্ম এবং প্রতিটি বাদ, এবং আমরা যে আজকের অধিকার পেয়েছি, আদিপুস্তক থেকে শুরু হয়েছে। কত জন জানেন যে *আদিপুস্তক* মানে "শুরু?" অবশ্যই।

104 আমরা ক্যাথলিক গির্জাকে খুঁজে পাই শুরুতেই, বাবিল, যার প্রতিষ্ঠাতা নিমরোদ; আমরা এটি বাইবেলের মাঝখানেও দেখতে পাই, আমরা এটি বাইবেলের শেষেও খুজে পাই; আমরা খুঁজে পেয়েছি, নারী প্রচারকদের নিয়ে আসার কথা, বাইবেলের শুরুতে, শিকড় থেকে বেরিয়ে আসা সামান্য মূর্তিগুলিকে আরাধনার দ্বারা। কতজন হিসলপের, *দুইটি ব্যাবিলনের*, ইতিহাস পড়েছেন? ঠিক আছে। এই ইতিহাসগুলিতে, খুঁজে বের করুন। তাদের কাছে একটি মহিলা ছিল...এবং তারপর, আপনার কি মনে আছে? এমনকি যাকোব তার বাবার দেবতাদের চুরি করে নিয়েছিলেন, এবং তার মেয়ে তাদের অধীন তাদের লুকিয়ে রেখেছিল মরুভূমিতে, যা সেখানে তাদের শিবিরকে অপবিত্র করে দিয়েছিল, ঠিক আছে।

105 আসুন আদিপুস্তকে এখানে পড়ি

*সদাপ্রভু ঈশ্বরের নির্মিত ভুচর প্রানিদের মধ্যে সর্প সর্বাপেক্ষা খল ছিল; সে ঐ নারিকে কহিল, ঈশ্বর কি বাস্তবিক বলিয়াছেন, তোমরা এই উদ্যানের কোন বৃক্ষের ফল খাইও না?*

*...নারী সর্পকে কহিলেন, আমরা এই উদ্যানস্থ বৃক্ষ সকলের ফল খাইতে পারি;*

*কেবল উদ্যানের মধ্যস্থিত যে বৃক্ষ আছে, তাহার ফলের বিষয়ে ঈশ্বর বলিয়াছেন তোমরা তাহা ভোজন করিও না, স্পর্শও করিও না, করিলে মরিবে।*

*তখন সর্প নারিকে কহিল, কোন ক্রমে মরিবে না;*

*কেননা ঈশ্বর জানেন, যে দিন তোমরা তাহা খাইবে সেই দিন তোমাদের চক্ষু খুলিয়া যাইবে,* (দেখুন, নতুন আলোর সন্ধান) *তাহাতে তোমরা ঈশ্বরের সদৃশ হইয়া সদসদ-জ্ঞান প্রাপ্ত হইবে।*

106 আজকের এই সহকর্মীদের দেখুন, বাইবেলের থেকে দূরে সরিয়ে দেওয়ার চেষ্টা করছে? "কেন, এটা কতটা সহজ উপায় নয় কি যে, শুধু জল ঢালা, বা জল ছিটিয়ে বাপ্তস্ম, বা *এই* ভাবে, বা *ঐ* ভাবে?" না, মহাশয় ঈশ্বর একটি কর্মসূচী দিয়েছেন, এবং যে আমাদের সেটাই অনুসরন করতে হবে, *এটা*।

*নারী যখন দেখিলেন, ঐ বৃক্ষ সুখাদ্যদায়ক ও চক্ষুর লোভজনক, আর ঐ বৃক্ষ জ্ঞানদায়ক...বলিয়া বাঞ্ছনীয়, তখন তিনি তাহার ফল পাড়িয়া ভোজন করিলেন, পরে*

*আপনার মত নিজ স্বামীকে দিলেন, আর তিনিও ভোজন করিলেন;*

*আর তাদের চক্ষু খুলিয়া গেল, এবং তাহারা বুঝিতে পারিলেন…যে তাহারা উলঙ্গ; আর ডুমুর বৃক্ষের পত্র সিঙ্গাইয়া ঘাগরা প্রস্তুত করিলেন।*

107 আমি এক মিনিটের জন্য এখানে থামতে চাই। এখন সব কিছুর একটা শুরু হয়ে থাকে। আপনারও একটি শুরু ছিল। এখন আমরা… এখানেই আমি পুরো জিনিসটির ভিত্তি স্থাপন করতে চাই, এখন, যা কিছু আমরা এই গত দুইটি সভায় বলেছি, এবং এখানেও।

108 এখন, এই সকালে আমরা ফিরে গিয়েছিলাম এবং নাটকীয়ভাবে দেখিয়েছিলাম, বাইবেল থেকে, যে যখন ঈশ্বর পৃথিবী সৃষ্টি করছিলেন, যখন তিনি গ্যাসগুলো সৃষ্টি করছিলেন; এবং তারপর সেই গ্যাস থেকে ক্যালসিয়াম, এবং পটাশিয়াম, এবং বিভিন্ন জিনিস তৈরি হয়ে ওঠে। তিনি আপনার শরীর তৈরি করছিলেন। তিনি একটি ভবন নির্মাণের মত সেখানে রাখছিলেন, এক মহান মুখ্য নির্মাতার মতো, একটি ঠিকাদার যেমন একটি আবাসন প্রকল্প নির্মাণের জন্য তার উপাদান খুঁজে বের করে নিচ্ছে। তিনি আপনার শরীর তৈরি করছিলেন, এবং তিনি এটা সেখানে স্থাপন করছিলেন। তিনি ঠিক ঠিক জানতেন, তার মনের মধ্যে, কি কি করা হবে।

109 *এই* হাত, ঈশ্বর আগে সেই হাত তৈরি করেছেন…যখন তিনি জগত তৈরী করছিলেন; কিন্তু, আমার আত্মা তিনি তৈরি করেছিলেন একটি জগত তৈরিরও আগে, কিন্তু এখন, এই হাত এবং এই শরীর, তিনি তৈরি করেছেন যখন তিনি পৃথিবী তৈরি করেছিলেন, কারন ‘এই শরীর পৃথিবী থেকে এসেছে, এবং তা পৃথিবীতেই ফিরে যাবে। ঈশ্বর সেটা তৈরি করেছেন। তিনি তাঁর মহান পরিকল্পনায় এবং তাঁর কর্মসূচির মধ্যে এই সব কিছুকে রেখেছিলেন।

110 এখন, যখন তিনি পৃথিবী সৃষ্টি করার জন্য গিয়েছিলেন, তিনি মানুষকে সৃষ্টি করেছেন, এবং মানুষ ঠিক ঠিক মত দেখাচ্ছিল না। এখন আমরা সেটা দেখেছিলাম, এই সকালে, সেই নাটকের মাধ্যমে গিয়েছিলাম, কিভাবে যে সেই—সেই পিতা নিচে নেমে এলেন এবং তার পুত্রের দিকে তাকালেন, তার প্রতিমূর্তিতে তাকে তিনি তৈরি করেছিলেন, এবং এসব কিছু। তারপর তিনি তাকে একটি স্ত্রী দিলেন, একটি সহকারীনি রূপে।

111 এখন, মনে রাখবেন, যে, পৃথিবীর সব প্রাণী, আদম তাদের নামকরণ করেছিলেন।

112 তিনি সেই—সেই গবাদি পশু ও বন্যপশুদের এবং সমস্ত কিছু তৈরী করেছিলেন। আর আজ, আমরা...ক্রোনোলজিস্টরা-এবং বিজ্ঞানের বিভিন্ন মহান মস্তিস্ক, ছয় হাজার বছর ধরে চেষ্টা করে যাচ্ছে, যে হারানো সংযোগ বা মিসিং লিঙ্ক খুঁজে বের করতে, সেই প্রাণী কেন...মানুষ হল প্রাণী জীবনের শ্রেণীতে আসে। আমরা তা জানি, আমরা তৈরি হয়েছি...

113 আর একটি নারী শুধু পুরুষের একটি অংশ, একটি উপ-উৎপাদন। একটি মহিলা মূল সৃষ্টিতে ছিল না। ঈশ্বর বছর, বছর এবং বহু বছর ধরে তৈরি করা ছেড়ে দিয়েছিলেন, যতক্ষণ না তিনি পুরুষের পাশ থেকে একটি পাঁজর বের করে তাঁর থেকে মহিলাকে তৈরি করলেন। আদম সমস্ত সৃষ্টির নামকরণ করেছে, অন্য সবকিছু করেছে, কিন্তু তাঁর নিজের জন্য সেখানে কিছুই ছিল না। সুতরাং, তিনি তাকে সাহায্যকারী দিলেন; তার পাশ থেকে একটি পাঁজর গ্রহণ করলেন, এবং সেই জায়গা পুরন করে দিলেন, এবং তাকে একটি সাহায্যকারী তৈরি করে দিলেন। আর মানুষ, তার আত্মায়, পুরুষ এবং মহিলা উভয়ই ছিল।

114 আর একজন মহিলা কেবল একজন পুরুষের অংশ। আর যখন একজন ব্যক্তি নিজের জন্য এক স্ত্রীকে গ্রহণ করে, এবং যদি সে সঠিকভাবে তার স্ত্রী হয়ে থাকে, একটি ঈশ্বর প্রদত্ত স্ত্রী, তবে তিনি তার কাছে তাঁর একটি অংশ হয়ে থাকবেন।

115 এ কারণেই আপনাদের কাছে বিয়ে নিয়ে অনেক দ্বিধা রয়েছে, কারণ আপনি বাইরে যান এবং বেশ বাদামী চোখ বা নীল চোখ, অথবা এমন কিছু এবং কিছু সুন্দর আকৃতির মেয়ে দেখতে পান এবং আপনি তার প্রতি আকর্ষিত হয়ে পরেন। প্রথমবার যখন সে তার প্রথম সন্তানের জন্ম দেয়, তাদের দাঁত বের হয়ে আসে, এবং তাঁর চামরা ঝুলে যায় এবং পুরাতন হয়ে যায়, এবং তারপরে আপনি তাকে বাইরে বের করে দিতে চান। আর আপনারা কিছু নারী কোন ছোট ছেলেকে পান যার চুল মসৃণ ও নিচে ঝুলে থাকে, এবং তাদের মায়ের মাথার তেলে তাদের চুল অর্ধেক ডুবে থাকে, এবং কোঁকড়ানো থাকে। আর এগুলো সব পতনের কারন হয়ে যায়; আমি সেটা অভিজ্ঞতা দ্বারা জানি। কিন্তু কি হয় ? এটা কি ? আপনি সেটার জন্য আকর্ষিত হয়ে পরেন।

116 আপনার প্রথমে প্রার্থনা করা উচিত, কারন একটি মহিলা আপনার অংশ হয়। আর যদি আপনি একটি মহিলাকে আপনার বুকে টেনে নিয়েছেন, এবং আপনার স্ত্রী হওয়ার জন্য তাকে গ্রহণ করেছেন, এবং আপনি...তিনি আপনার উপর একটি ছাপ সৃষ্টি করে

দেন। আমরা এটিকে এভাবে বলবো যেন আপনারা বুঝতে পারেন। আর অন্য যে কোন মহিলার জন্য সেই বুকের পক্ষে তাঁর সেই ছাপ মাপসই হবে না। আর ঈশ্বর তাঁর জন্য আপনাকে দায়ী করবেন। আর আপনি শুধু সেটা মনে রাখবেন।

117 আপনারা যারা অন্য কারও স্ত্রীকে নিয়ে বাইরে ঘুরতে যান... আমি আজ এখানে একটি ছোট্ট মেয়ের কথা শুনেছি, একটা দরিদ্র সামান্য মেয়ে। আমি তাকে চিনি। আর কোন জুয়ারি তার জন্য একটি বড় সুন্দর জামাকাপড়, এবং জিনিষপত্র কিনে দেয়, এবং তার জীবনের সাথে খেলতে চেষ্টা করেছে। সে একটি ইঁদুরের সমান, যে এরকম একটি জিনিস করবে, যাকে এমনকি একটি মানুষের মধ্যে বিবেচনা করা যাবে না।

118 আপনি কি জানেন, কুকুরাও এতটা নীচে নামে না, এবং এখনও আপনারা একটি মা কুকুরকে "বেশ্যা" বলে ডাকেন। জেফারসনভিলের অর্ধেক নারীর তুলনায় তাঁর আরো বেশী নৈতিকতা আছে। আর আপনি একটি পুরাতন মা শূয়রকে একটি "বুনা" শুয়রি বলে ডাকেন, এবং সে...সে এই যুক্তরাষ্ট্রের মহিলাদের তুলনায় অনেক বেশি নৈতিক, তাদের অনেকের তুলনায়। এটা একেবারে ঠিক। এখন, আমি জানি যে এই কথাটি খুব শক্ত ও নীরস এবং আমি আপনাকে বলেছিলাম যে আমিএটি বলব যেন এটা ঘর পর্যন্ত পৌঁছে যায়, এবং আমি চাই যে আপনি এটা জেনে যান। আর এটা সত্য। এখন নারীরা, তারা সকলে, এমনকি নৈতিকতা কি সেটাও জানেন না। বলে থাকে, "আমার বিবেককে আঘাত করবেন না।" আচ্ছা, আপনার কাছে কোনও বিবেকই নেই। লক্ষ্য করুন। হ্যাঁ মহাশয়। যখন, আপনি জানেন কি সঠিক এবং কি ভুল।

119 এখন লক্ষ্য করুন। এই মানুষ, যখন তাকে তৈরি করা হয়, ঈশ্বর তার আত্মাকে আলাদা করেছিলেন। আর তিনি মানুষের থেকে একটি টুকরা গ্রহণ করেন, তার পাশ থেকে, এবং এটি থেকে একটি মহিলার সৃষ্টি করেন এবং তারপর তিনি মানুষের নারির ভাগটি নিলেন, সুন্দর শৌখিন আত্মাটি নিলেন, এবং এটি থেকে একটি মহিলাকে তৈরি করলেন। আর তিনি পুরুষকে বলিষ্ঠ বানালেন।

120 আর যখন আপনি একটি—একটি—একটি পুরুষকে দেখেন যে একটু ছোট...আপনারা জানেন, মেয়েদের মত হাতের প্রসাধন করছে, বা যা কিছু আপনারা বলে থাকেন না কেন, তার আঙুলের নখ; আর, আপনারা জানেন, এক দিকে চার এবং অন্যদিকে পাঁচটি নখ বড় রাখে, এবং—এবং তার মসৃণ চুল নিচে ঝুলতে থাকে;

তার মুখের সামনে খোলা রাখার জন্য, এবং ঐ ধরনের জিনিস; এই সুন্দর ছেলেদের মধ্যে একজনকে। আপনি শুধু মনে রাখবেন, বোন, সেখানে তাঁর সাথে কিছু গণ্ডগোল আছে। কিছু না কিছু সেখানে ভুল আছে। ভালো হবে তার উপর আপনি নজর রাখুন।

121 আর যখন আপনি একটি মহিলাকে দেখেন তার মুখের পাশে একটি সিগারেট নিয়ে, উপরে এক জোড়া ওভারকোট পরে, এবং বলে, "আমি আপনাকে বলছি, যে এটা কি!" ভাই, আপনি সেই পুরানো মেয়েটিকে দেখে রাখুন। তার সাথে কিছু গণ্ডগোল আছে।

122 একটি মহিলা, একটি মহিলা থেকে আশা করা হয় যে সে মহিলা হয়েই থাকবে, এবং সে একটি মহিলার মত পোষাক পড়বে। ঈশ্বর যখন একটি পুরুষ তৈরি করেছিলেন, তিনি তাকে অন্য রকমের তৈরি করেন, এবং তিনি একটি মহিলাকে কিছু অন্যরকমের বানিয়েছিলেন এবং যখন ঈশ্বর একটি পুরুষকে কাপড় পড়িয়েছিলেন, তিনি তাকে একটি অন্য রকমের, এবং মহিলার জন্য অন্য রকমের বস্ত্র পড়িয়েছিলেন এবং বাইবেল বলে, "একজন স্ত্রীলোকের এমন একটি পোশাক পরিধান করাকে ঈশ্বর ঘৃণা করেন যা একজন পুরুষের সাথে সম্পর্কযুক্ত।"

123 আর আপনারা মহিলাগন, এই সামান্য পুরানো প্যান্ট এবং পুরুষালি জিনিসগুলি পরিধান করে বাইরে ঘুরে বেড়ান, সামান্য পুরাতন...আপনারা এটাকে কি বলে থাকেন, নিকারবোকার? তারা কি করে...? ওহ, কি যে জিনিস সেগুলো...? না, না, এটা ছোট প্যান্ট না, এটা অন্য, এটার লম্বা পা থাকে। [মণ্ডলীতে বলা হয়, "পেডেল পুশার্স।" - এড।] পেডেল পুশার, ওভারস, ডুঙ্গারেস।

ভেতরে যান, বলেন, "এটি তো মহিলাদের জন্য।"

124 আমি বললাম, "না, আপনি ভুল করছেন। মহিলারা সেসব জিনিস পরেন না। স্ত্রীরা হতে পারে, কিন্তু মহিলারা নয়।" এটা ঠিক।

125 বাইবেল বলে, "নারীর জন্য পুরুষের বস্ত্র পরিধান করা একটি ঘৃণার্হ বিষয়...এবং একজন পুরুষের জন্য এমন পোশাক পরা ঘৃণার্হ বিষয়, যা একজন নারীর বস্ত্রের সাথে সম্পর্কযুক্ত।"

126 আর মানুষ প্রতিদিন আরও মেয়েলি হয়ে উঠছে, এবং মহিলারা আরও পুরুষালী হয়ে উঠছে। কি ব্যাপার? আমরা বাইবেল দ্বারা কয়েক মিনিটের মধ্যে খুঁজে বের করতে চলেছি। নারী আর নারী নেই। আমি খ্রীষ্টান মহিলাদের ক্ষেত্রে এটা বলছি না। আমি সাধারণ স্ত্রীদের সম্পর্কে বলছি। তারা পুরুষদের মত আচরণ করতে চায়; পুরুষদের মত তাদের চুল করতে চায়; সুরার বারে এসে একটি হাত

উপরে *এভাবে* রেখে, এবং গান করে *ঈশ্বর আমেরিকাকে আশীর্বাদ দিন*, তাদের মুখের কোণে একটি সিগারেট থাকে।

127 রাস্তায় যান, এরকমই পাবেন এবং ঠিক রাজপথে গিয়ে দেখুন। আমরা গণনা করেছি...আমি আপনাদেরকে কিছু বলতে চাই। আর আপনারা মহিলা গাড়িচালকরা, শুনুন! বিলি পল এবং আমি, এই শেষ প্রচারাভিযানে, ছয় মাস, সারা দেশে ভ্রমন করেছি, আমি একটি গণনা করছিলাম যে রাস্তায় কত দুর্ঘটনা ঘটে। আর রাস্তায় তিনশ দুর্ঘটনাগুলোর মধ্যে, আনুমানিকভাবে কতজন মহিলা চালক ছিল? সেখানে কেবল অভাব ছিল...তাদের মধ্যে উনিশ জন ছিল পুরুষ চালক। আর দুশো আশি বা, আমি বিশ্বাস করি, দুশো একাশি জন তারমানে মহিলা বাহনচালকের দ্বারা দুর্ঘটনা হয়েছে। মহিলা চালক! এখন, আমি বলছি না যে ভাল মহিলা চালক নেই। কিন্তু সে যেকোন জায়গায় গাড়ি ঘুরিয়ে দিতে পারে।

128 আর আপনি তার ভুলের পরও তাঁর সেই ভুলকে ধরিয়ে দেবার চেষ্টা করেন? সে যদি সুন্দর দেখতে কোন মহিলা হয়, যখন পুলিশ আসে, সে সেখানে দাঁড়িয়ে, তাঁর চুলকে আঙুল দিয়ে একটু উপরে তুলে ধরবে। "কেন?" সে বলবে, "আপনি নিশ্চয়ই ভুল ভাবে গাড়ী চালিয়েছেন!" হুম! কিন্তু তাকে শাস্তি দেবার জন্য আমাদের কাছে কোন আইন নেই।

129 অন্য দিন একটি ট্যাক্স মামলা থেকে যখন আমি ফিরছিলাম.তখন এটা প্রমানিত হয়েছিল। আমাদের কাছে এঁর বিরুদ্ধে কোন আইন নেই। যদি তারা...

130 কোন আশ্চর্যের বিষয় নয় যে ইংল্যান্ডের মহান লর্ড বলেছিলেন, "গণতন্ত্র হল বয়ে যাওয়া এবং বিনা কোন নোঙ্গর নিয়ে।" এটা ঠিক, লোকেরা নিজেদেরকে একটি পরিষ্কার রূপ দেখিয়ে, নির্বাচনী প্রচারে দাড়ায়। গণতন্ত্র পচন হয়ে গিয়েছে, সাথে নেতারাও এবং এটির বাকি অংশও পচে গিয়েছে। পুরো ব্যাপারটি নষ্ট হয়ে গেছে। ঈশ্বরের কাছে কিছুই করার নেই কিন্তু তিনি সমগ্র জিনিসটি ধ্বংস করে দেবেন, যেমন তিনি বলেছেন যে তিনি করবেন এবং আবার নতুন করে শুরু করবেন। এখন দেখুন আমরা আগমনের কত নিকটে আছি।

131 এখন যখন এই মহিলা...তিনি তাকে একজন সহকারী বানিয়েছেন, এবং সে ছিল সহকারী। আর...

132 এখন, এখানে, আমি এখনও একটি প্রচারককে পাই নি যে আমার এই কথাটির সাথে একমত আছে। আর তারা এটিকে

অন্যভাবে ঘুরিয়ে কিছু তৈরি করার চেষ্টা করে, কিন্তু তাদের কথা আমার অর্থহীন মনে হয়। তারা বলে যে আদম ও হবা কিছু আপেল খেয়েছিল। ভাই, যদি...আমি এখন একটি কৌতুকের জন্য বলছি না, কিন্তু আমি এটা বলতে চাই। কারন, আপেল খাওয়া যদি মহিলাদের বুঝতে সাহায্য করে যে তারা নগ্ন, আমদের জন্য ভাল হবে যে আবার আমরা তাদেরকে আপেল দিয়ে দিই। আর আপনারা জানেন যে সেটা ঠিক।

133 আপনারা জানেন, একটি আপেল খাওয়া, এটা সেই কাজ নয় যা তারা করেছিল, যা তাদেরকে বুঝতে দিয়েছিল যে তারা নগ্ন ছিল। নিশ্চয়ই এটা সেটা ছিল না। এটাকে যৌনভাবে আসতে হয়েছিল। এটা হতে হত, 'কারণ তারা বুঝতে পেরেছিল যে তারা নগ্ন ছিল যখন তারা এই নিষিদ্ধ ফল গ্রহণ করেছিল। একজন মহিলা কি একটি ফলের গাছ নয় ? আপনি কি আপনার মায়ের ফল নন ? সেটাই সেই ফল ছিল যা গ্রহণ করা নিষিদ্ধ ছিল।

134 এখন এখানে একটি মহান জিনিস আছে। মানুষ কি ছিল তা জানবার জন্য এখন বিজ্ঞান মানুষের কাছাকাছি প্রানিদের খোজ করতে শুরু করেছে যে ...তারা পুরানো হাড় খনন, তারা জীবাশ্ম গ্রহণ, এবং তারা মাথা নেয়, এবং তারা খুলি, বাহু এবং হাড়গুলো নেয়, এবং এটিকে একটি মানুষের মত চেহারা করতে চেষ্টা করে।.আর তারা কখনও মানুষের নিকটতম জিনিস যা তারা খুঁজে পেয়েছে, এটির পরবর্তী, একটি শিম্পাঞ্জি। সেটি হল একজন মানুষের নিকটতম প্রাজাতি; কিন্তু এখনও এটির মানুষের সাথে কোন সম্পর্কই নেই, মানুষ সেই সর্বোচ্চ প্রজাতি।

135 নিম্নতম জীবন একটি ব্যাঙের হয়; সর্বাধিক উচ্চ প্রজাতি হল মানুষ। ঈশ্বর নিম্ন প্রজাতি থেকে শুরু করেন এবং ঠিক উচ্চ প্রজাতিতে যেতে থাকলেন, যতক্ষণ না তিনি তার প্রতিমূর্তি পর্যন্ত পৌঁছলেন। পাখি থেকে শুরু করে তারপর সমস্ত পশু এবং শেষে একেবারে উর্ধ শ্রেনীতে যতক্ষণ না তিনি ঈশ্বরের প্রতিমূর্তি পর্যন্ত পৌঁছলেন। তিনি মনুষ্যকে সেই প্রতিমূর্তিতে বানালেন। এটাই ছিল সর্বোচ্চ প্রজাতি। সর্বনিম্ন প্রজাতিটি ছিল একটি ব্যাঙাচি যে পরে একটি পুর্নাঙ্গ ব্যাঙে পরিণত হয়, এবং এভাবে আরও অনেক কিছু।

136 এখন, এই হারানো সংযোগ বা মিসিং লিঙ্ক, যা তারা খুঁজে পেতে পারে না। এখন বাইবেলে দেখুন। আপনি, আপনি এর সাথে অসম্মত হতে পারেন, আপনাদের অনেকেই, কিন্তু আমি চাই...আমি শুধু চাই আপনারা এটি আপনাদের মনে রাখুন। আর এটির বিরুদ্ধে প্রতিকূলধারনাগ্রস্ত হবেন না। শুনুন।

137 আমি জানি আপনাদের মধ্যে অনেকেই ডঃ ডেহানকে শুনেছেন। আমি নিশ্চয়ই...তার মত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি এবং একজন ভাল ব্যাপ্টিস্ট ভাই, এবং অবশ্যই আমি তার প্রশংসা করি। ওনার অনেক বুদ্ধিমত্তা এবং জ্ঞান আছে, এবং—এবং আমার মনে নেই তাঁর চেয়ে আমি কখনও কাউকে ভালো করে জানি কিনা; কারণ তিনি একজন ধর্মশাস্ত্রের বিদ্বান, এবং তিনি একজন চিকিৎসক, এবং বিজ্ঞানের একজন বড় বিদ্বান। তিনি একজন বুদ্ধিমান মানুষ। কিন্তু তিনি বলেছিলেন যে...ঈশ্বরের পুত্রগন মনুষ্যদের কন্যাদের দেখেছিল যে তাঁরা সুন্দর। তিনি জোসেফাস ইতিহাসবিদের পক্ষ সমর্থন করে বলেন যে, "তারা—তারা নিজেদেরকে মানব দেহে প্রবেশ করিয়ে দিয়েছিল," এবং তাদেরকে স্ত্রী হিসেবে গ্রহন করে নিয়েছিল। আর সেইসময় নোদ দেশের মধ্যে দৈত্যরা ছিল। "যাকে ইচ্ছা স্ত্রী হিসেবে গ্রহন করে নিল এবং সেখানে তাদের সাথে বাস করতে থাকলো, যখন ঈশ্বরের পুত্ররা, পতিত দুতেরা, মনুষ্যদের কন্যাদের গ্রহন করল এবং দেখলো; আর তাদের যৌন বাসনা এমন তীব্র ছিল, আর এখনও তারা পতনের ফলে পাপী হয়েও, তারা মানুষের শরীরের মধ্যে নিজেদের প্রবেশ করিয়ে থাকতে লাগলো।"

138 যদি তারা তা করে, তবে তারা ঐশ্বরিক নিরাময়কে নষ্ট করে দেয়, তারা সবকিছুই নষ্ট করে দেয়। শয়তান যদি সৃষ্টি করতে পারে তবে সে ঈশ্বরের সমান হয়ে যাবে। শয়তান সৃষ্টি করতে পারে না। আমি চাই আপনারা আমাকে একটি এমন জায়গা দেখান যেখানে শয়তান সৃষ্টি করতে পারে। সে সৃষ্টি করতে পারে না। সে কেবল যা তৈরি করা আছে তা বিকৃত করে। সে কোন সৃষ্টিকর্তা নয়। সে শুধুমাত্র একটি বিকৃতকারী।

139 আচ্ছা, তারপর, কি হল? লক্ষ্য করুন। এটি হল আমার সংস্করণ। এই হল হারানো সংযোগ বা মিসিং লিঙ্ক।

140 এখন তারা একটি শিম্পাঞ্জি পেয়েছেন, কিন্তু আপনি একটি মহিলার সঙ্গে একটি শিম্পাঞ্জীর দ্বারা এবং সন্তান উৎপন্ন করতে পারেন না। আপনি কোনও প্রাণীর সাথে মানুষের মিলন ঘটিয়ে সন্তান উৎপন্ন করতে পারেন না। এটা মিশ্রিত হয় না। আপনি কোন প্রাণীর রক্ত মানব দেহে মেলাতে পারবেন না।

141 যখন আমি আফ্রিকায় ছিলাম, তখন তারা সেই দরিদ্র জনগোষ্ঠীর সাথে এমনভাবে ব্যাবহার করত; কেউ আমাকে বলেছিলেন, বলেন, "তারা পশু ছাড়া আর কিছুই না।"

142 আমি বললাম, "আমায় মাফ করবেন। তারা যেমন আপনিও সেরকম মানুষ, সম্ভবত আপনাদের থেকে তারা একটু বেশীই মানুষ।" আমায় আপনাদেরকে বলতে দিন, যখন আপনাদের মধ্যে ঐ ধরনের মনোভাব থাকে, তখন আপনারা একটি পশুর দিকেই ফিরে যাচ্ছেন। আমি বললাম, "সেই লোকটি, যদি কোদালের ফালার মত কালো হয়ে থাকে, অথবা যদি সে একটি কুমড়োর মত হলুদ হয়, অথবা যদি সে নীল গাছের মত নীল হয়ে থাকে, তবুও সে আপনাকে রক্ত সঞ্চালন করে আপনার জীবন বাঁচাতে পারে। কিন্তু আপনি কখনও একটি পশুর রক্ত আপনার মধ্যে ঢোকাতে পারবেন না।" অবশ্যই, তিনি একটি মানুষ।

143 কারণ যেহেতু একজনের চামড়ার রং কালো, অন্যের বাদামী, অন্য কারো হলুদ এবং অন্য জনের সাদা, এর সাথে এর কোন সম্পর্কই নেই। বাইবেল বলে, "একটি রক্ত দিয়ে ঈশ্বর সমস্ত মানুষকে সৃষ্টি করেছেন।" আর এটা একেবারে সত্য। আমরা যেখানে বসবাস করি, আমাদের রং সেই অনুসারে পরিবর্তন হয়ে যায়, এর সাথে এটির কিছুই করার নেই। ঈশ্বর এক—এক ব্যক্তি থেকে সমস্ত জাতির, এক রক্ত থেকে, সব জাতি বানিয়েছেন।

144 চীন দেশীয়রা; কোন কালো চামড়ার মানুষ এখন বলতে পারবে না, কালো মানুষ এখন বলতে পারবে না যে, "সেই চীন দেশীয় ব্যক্তিটি, সে—সে হলুদ, আমার তার সাথে কিছু করার নেই।" সে আপনার ভাই। আর আপনারা সাদা চামড়ার মানুষরা, আপনারা হলুদ মানুষ বা কালো মানুষদের বলতে পারবেন না, কেউই কাউকে বলতে পারবেন না, যে "আমার সাথে আপনার কিছুই করার নেই।" তিনি আপনার ভাই। একদম ঠিক।

145 লক্ষ্য করুন, এখন, এখানে কি ঘটেছে। আমি বিশ্বাস করি, এবং বাইবেল দ্বারা এটির সমর্থন করতে পারি, যে এটা সর্প ছিল যে এসব করেছে। সর্পই হল সেই শিম্পাঞ্জি এবং মানুষের মধ্যে সেই হারানো সংযোগ। কারণ, শুনুন, এখন এটা লক্ষ্য করবেন, সর্প একটি সরীসৃপ ছিল না। সে ক্ষেত্রের সমস্ত ভূচর প্রাণীদের মধ্যে সবচেয়ে "খল" ছিল।

146 এখন, আমি গেলাম এবং অভিধানগুলি খুঁজে দেখলাম, আজকে, সব জায়গা থেকে খুজলাম, এই শব্দটি দেখার জন্য, *খল* শব্দটির অর্থ কি। এর মানে হল "তীক্ষ্ণ বুদ্ধিমান হওয়া, ধূর্ত হওয়া," এবং, হিব্রু—হিব্রু অভিধানে (ম-আ-আ-হ্-আ-হ, মাহাহ থেকে) -এর সর্বোত্তম ব্যাখ্যা হল "জীবনের নীতিসমূহের সত্যিকারের জ্ঞান থাকা।"

147 এখন এটি এক মিনিট দেখুন। সে ধূর্ত, চিত্তাকর্ষক, তবুও তাকে “সর্প” বলা হয়। কিন্তু, মনে রাখবেন, সে ছিল সবচেয়ে বুদ্ধিমান প্রাণী, এবং ক্ষেত্রের অন্য যেকোনো জীবজন্তুর তুলনায় সে অধিক মানুষের মতো ছিল; একটি মানুষের নিকটতম প্রজাতি। সে সরীসৃপ ছিল না। অভিশাপ তাকে একটি সরীসৃপ বানিয়ে দিয়েছিল। আর সে ছিল...বাইবেল বলে যে সে সবচেয়ে সুন্দর ছিল।

148 এমনকি অভিশাপও তার সৌন্দর্যকে সম্পুর্ণরূপে দূর করতে পারে নি; এখনো একটি সর্পের জমকালো রং হল সুন্দর, এবং তার মধ্যে চতুরতা এবং কুটনিতি পাওয়া যায়। এমনকি অভিশাপও এটি তাঁর থেকে সরাতে পারে নি। কিন্তু, আপনারা মনে রাখবেন, ঈশ্বর তাকে বলেছিলেন যে তার পা চলে যাবে এবং সে তার পেটে ভর দিয়ে চলবে। আর আপনি সাপের মধ্যে একজন মানুষের মত দেখতে একটিও হাড় খুঁজে পাবেন না, এবং এই কারণেই বিজ্ঞান হারিয়ে গিয়েছে। কিন্তু সেখানে সে আছে।

149 ঈশ্বর জ্ঞানী ও বুদ্ধিমানদের কাছ থেকে এটি লুকিয়ে রেখেছেন, এবং ঈশ্বরের সন্তানদের কাছে এটি প্রকাশ করার প্রতিশ্রুতি দিয়েছেন, শেষকালে যখন ঈশ্বরের পুত্ররা প্রকাশ পাবে, যখন, “ঈশ্বরের সেই পুত্ররা প্রকাশ পাবে যারা জগতের ভিত্তিমুল স্থাপনের আগেও আনন্দ করেছিল।” যখন ঈশ্বতত্ত্বের মহান প্রকাশ এবং অন্যান্য গভীর বিষয়গুলোর প্রকাশগুলো শেষকালে নিয়ে আসা হবে, তখন তিনি ঈশ্বরের সন্তানদের মাধ্যমে এই জিনিসগুলো প্রকট করবেন। আপনারা জানেন যে বাইবেল তা শেখায়। আর এখানে আমরা দাঁড়িয়ে আছি। এই কারণেই ঈশ্বর আমাদের কাছে এই জিনিসগুলো প্রকাশ করছেন। ঈশ্বর তাঁর পুত্রদেরকে উদ্ভাসিত করে আনছেন। তিনি চলে যাচ্ছেন মানুষের জ্ঞানের সীমাবদ্ধতাকে অতিক্রম করে, আধ্যাত্মিক প্রকাশের মধ্যে দিয়ে, এবং এগুলোকে নিয়ে আসছেন। আমরা কি এই বাইবেল থেকে, শিক্ষা দিয়ে আসিনি, “যার জ্ঞান আছে সে বুঝে নিক ?” সে কোন ধার্মিক বিদ্যালয় থেকে যা শিখেছে তা নয়; কিন্তু ঈশ্বরের সামনে হাটু গেড়ে সে যা শিখেছে, এবং যা ঈশ্বরকে আনন্দ দিয়েছে তাকে সেটা দিতে। ঈশ্বরের পুত্রেরা, প্রকাশিত হচ্ছে !

150 এখানে সেই সর্প আছে, এখন আমি সেই সর্পের বিষয়ে আপনাদেরকে আমার ধারনা দিতে চলেছি; যে সেই সর্প কি ছিল।

151 আমরা পেয়েছি...আমরা সবথেকে ছোট প্রজাতি থেকে শুরু করে, একটি ব্যাঙ থেকে নিয়ে, সেই ব্যাঙাচি, এবং *অমুক-ও-অমুক* প্রানী নিয়ে আগে যেতে যেতে, অবশেষে বানর পর্যন্ত পৌছাই,

তারপর সিম্পাঞ্জি পর্যন্ত। এখন আমরা সিম্পাঞ্জি থেকে লাফিয়ে সোজা মানুষে পৌঁছে যাই, আর অবাক হই যে মাঝখানে কি ছিল।

152 "আচ্ছা," বিজ্ঞান বলে, "এখন অপেক্ষা করুন! আমরা মহিলা মানুষ এবং বানর অথবা পুরুষ সিম্পাঞ্জি এবং তারপর বিপরীতভাবে, মানুষ ও স্ত্রী সিম্পাঞ্জির দ্বারা একটি প্রজাতি তৈরির চেষ্টা করবো।" এটা কাজ করবে না। যে কোন পশুর সাথে প্রজাতি তৈরির চেষ্টা করা হোক না কেন; এটা কাজ করবে না। রক্ত মিশ্রিত হবে না; আপনার রক্ত নিয়ে দেখুন, এটি একেবারে ভিন্ন ধরেনের রক্ত, সম্পুর্নরূপে।

153 সেখানে এরকম কিছু রক্ত আছে যা দুটো প্রানীর মধ্যে মিশতে পারে, আর তারা এরকম কোন পশু খুঁজতে পারে নি যাদের রক্ত মানুষের সাথে মিশতে পারে। ওহ, হাল্লেলুইয়া, আমি এখন খুব ধর্মীয় অনুভব করছি। লক্ষ্য করুন। কেন ? ঈশ্বর তাদের থেকে এটি লুকিয়ে দিয়েছেন। সাপের মধ্যে এমন কোন হাড় পাওয়া যায় না যা দেখতে মানুষের কোন হাড়ের মত। তিনি এটাকে এতো দূরে রেখেছেন যে অনেক বুদ্ধিমান ধূর্ত ব্যক্তিরাও এটা আবিষ্কার করতে পারবে না।

154 আর আমি আপনাদের দেখাতে চলেছি যে কোথা থেকে সেই বুদ্ধিমান এবং ধূর্ত লোকেরা এসেছে, কোথায়—কোথায় তারা এখন আছে, যেভাবেই হোক। দেখুন, সেটা বিজ্ঞানের মধ্য দিয়ে আসতে পারে না

155 এটাকে আত্মিক প্রকাশ দ্বারা আসেতে হবে। "আপনি সেই খৃষ্ট, জীবন্ত ঈশ্বরের পুত্র..." "এই পাথরের ওপর আমি আমার মন্ডলী গাথব; আর নরকের দরজা এর ওপর প্রবল হবে না," আত্মিক প্রকাশ। কিভাবে—কিভাবে হেবল জানতে পারলো যে একটি মেষশাবক বলিদান করতে হবে, এর পরিবর্তে যে কয়িন ক্ষেত্রের ফল উৎসর্গ করে ? এটা তাঁর কাছে আত্মিকভাবে প্রকাশিত হয়েছিল। আপনি এটা ধর্মীয় বিদ্যালয় থেকে পেতে পারেন না। আপনি এটা সংস্থা থেকে পেতে পারেন না। আপনি এটা স্বর্গ থেকে পান।

156 এখন সর্পকে লক্ষ্য করুন, এই সর্প যা প্রথমে ছিল। আসুন আমরা সেটার একটি ছবি আঁকাই। সে একজন লম্বা চওড়া মহান ব্যক্তি। সে ছিল মানুষ আর সিম্পাঞ্জির মাঝখানের একটি প্রজাতি। আর, সেই সর্প; সেই শয়তান, লুসিফার, সে জানতো যে এটাই একমাত্র রক্ত ছিল যা মানুষের রক্তের সাথে মিশতে পারতো, সেটাই একমাত্র প্রাণী ছিল যার দ্বারা সে কাজ করতে পারত। সে সিম্পাঞ্জির সাথে

কাজ করতে পারতো না কারন সিম্পাঞ্জির রক্ত মানুষের রক্তের সাথে মিলিত হতে পারতো না। সে অন্যান্য প্রজাতির সাথে কাজ করতে পারতো না। সে মেষের সাথে কাজ করতে পারতো না। সে ঘোড়ার সাথে কাজ করতে পারতো না। সে আর কোন পশুকেই এই কাজে ব্যাবহার করতে পারতো না; তাকে এই সর্পের সাথেই কাজ করতে হত।

157 আসুন এখন তাকে নিই আর দেখি সে দেখতে কেমন ছিল। সে ছিল একটি লম্বা চওরা প্রাণী, প্রাগৈতিহাসিক দৈত্য। সেখানে তারা এই বড় বড় হাড়গুলো পেয়েছে, আর আমি আপনাদেরকে সেটা বাইবেলে দেখাব। এখন ভালো করে দেখুন। ঠিক আছে। এই লম্বা চওড়া প্রাণীটি, আসুন ধরে নিই সে—সে ছিল দশ ফুট লম্বা, বড় কাঁধযুক্ত; যে দেখতে ঠিক মানুষের মত ছিল। আর তাঁর রক্ত, নীচে থেকে ওপরের সমস্ত প্রানিদের মধ্যে, এক পশু থেকে আরেক পশু পর্যন্ত পৌছাতে পৌছাতে, তাঁর রক্ত উচ্চশ্রেনির হয়ে গিয়েছিল যে তা মিলিত হতে পারে। আপনারা পশুদের একে ওপরের সাথে মেলাতে পারেন, আর তাদের রক্ত উচ্চ থেকে উচ্চতর হতে থাকবে, অবশেষে তা মানুষের রক্তের কাছাকাছি চলে আসবে। কিন্তু এই অন্তিম যোগসূত্রটি এখানে, মানুষ আর পশুর মধ্যেকার, যোগসূত্র বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল। কতজন জানেন যে বিজ্ঞান সেই হারানো সংযোগকে খুঁজে পায় নি? আপনারা সবাই তা জানেন। কেন? কারন সেই সংযোগটি ছিল এটাই, সেই সর্প। এখানে সে ছিল, এক বড় লম্বা প্রাণী।

আর শয়তান নেমে আসে, এখন, সে বলে, “আমি প্রেরনা দিতে পারি।”

158 এখন, যখন আপনি যান আর মহিলাদের দেখেন আর তাদের সাথে চলাফেরা করা সম্বন্ধ স্থাপন করতে থাকেন, (আর এটা আপনার নিজের স্ত্রী নয়) আপনি মনে রাখবেন, আপনি শয়তানের দ্বারা অভিষিক্ত হয়েছেন।

159 লক্ষ্য করুন, শয়তান নেমে আসে আর সর্পের ভেতরে প্রবেশ করে। আর সে হবাকে এদেন উদ্যানে পায়, নগ্নরূপে, আর সে মাঝখানের ফলের বিষয়ে কথা বলে। *মাঝখানের* অর্থ হল “মধ্যস্থান,” আর এসব। আপনারা বুঝতে পারছেন, এই সভায় সব বয়সের লোকেরা মিলেমিশে আছে। আর সে বলল, “এটা, চিত্তাকর্ষক ছিল। এটা দেখতে সুন্দর ছিল।” সে কি করেছিল? সে হবার সাথে প্রেম করছিল, আর তাঁর সাথে বাস করছিল, এক স্বামী হিসেবে।

160 আর সে দেখল যে এটা ভালো, তাই সে গেল এবং তাঁর স্বামীকে গিয়ে বলল, কিন্তু সে ইতিমধ্যেই শয়তানের দ্বারা, গর্ভবতী হয়ে গিয়েছিল।

161 আর সে তাঁর প্রথম সন্তানকে জন্ম দিল, যার নাম ছিল কয়িন, শয়তানের পুত্র।

“এখন,” আপনি বলবেন, “ওটা ভুল।”

162 ঠিক আছে, আমরা খুঁজে দেখবো যে এটা ভুল কিনা। “আর আমি তোমার বংশ এবং নারীর বংশের মধ্যে শত্রুতা জন্মাইব।” কি? সর্পের বংশ! নারীর কাছে একটি বংশ ছিল, আর তাঁর কাছেও একটা বংশ ছিল। “আর সে তোমার মস্তক চূর্ণ করিবে আর তুমি তাহার পাদমুল দংশন করিবে।” আর *চূর্ণ* করার সেখানে অর্থ হল “একটি প্রায়শ্চিত করা।” এখন সেখানেই হল সেই সর্পের “বংশ।”

এখন লক্ষ্য করুন, এখানে দুইটী ব্যক্তি বেরিয়ে আসে।

163 এখন, সেই সর্প, যখন সে সেখানে দাড়িয়েছিল, এই বড় লম্বা চওড়া পুরুষ সেখানে দাড়িয়েছিল, সে ছিল দোষী আদমের স্ত্রীর সাথে ব্যাভিচার করার দোষে। আজকে পাপ কোথায় রাখা আছে? কি জিনিস আজ জগতের সবকিছুকে আজকের রূপে নিয়ে এসেছে? এখন, আমি—আমি...নিশ্চিতভাবেই আপনারা ধরতে পারছেন যে আমি কি বিষয়ে কথা বলছি। আর সেখানেই এটা ছিল।

আর যখন সে করলো, ঈশ্বর বললেন, আদম এবং হবাকে ডাকতে শুরু করলেন।

আর সে বলল, “আমি উলঙ্গ।”

আর তিনি বললেন, “তোমায় কে বলল যে তুমি উলঙ্গ?”

164 তারপর যেমন সেনাদের মধ্যে হয়, তাঁরা শুরু করলো অন্যের ওপর দোষ চাপানোর খেলা। “আচ্ছা, আপনি আমাকে যে স্ত্রী দিয়েছিলেন, সে এটা করেছে। সেই আমাকে খাইয়েছে।”

165 আর নারী বলল, “সর্প আমায় আপেল দিয়েছিল”? ঠিক আছে, প্রচারকগন, ধ্যান দিয়ে দেখুন।

166 সে বলেছিল, “সর্প আমাকে ভুলাইয়াছিল।” আপনারা জানেন যে *ভুলানোর* অর্থ কি? এর অর্থ হল “কলুষিত করা।” যেমন সে ছিল। শয়তান কখনই তাকে কোন আপেল দেয় নি। “সর্প আমায় ভুলাইয়াছিল।”

আর তারপর অভিশাপ নেমে এল।

167 তিনি বললেন, "যেহেতু তুমি সর্পের কথা শুনেছ তোমার স্বামীর কথার পরিবর্তে, তুমি পৃথিবী থেকে জীবন নিয়ে নিয়েছ। আর তোমার—তোমার গর্ভবেদনা অতিশয় বৃদ্ধি পাবে; আর তোমার বাসনা তোমার স্বামীর প্রতি থাকবে," আর এসমস্ত বললেন।

168 "আর যেহেতু তুমি তোমার স্ত্রীর কথা শুনলে আমার কথার পরিবর্তে (আমি তোমাকে ধুলা থেকে তুলেছিলাম; সর্বচ্চ প্রজাতি), ধুলাতেই তুমি ফিরে যাবে।"

169 "আর, সর্প, যেহেতু তুমি এই কাজ করেছ, তোমার পা তোমার শরীর থেকে চলে গেল। তুমি তোমার পেটে ভর দিয়ে চলবে, তোমার সারা জীবন ধরে। আর তোমাকে ঘৃণা করা হবে। আর ধুলাই তোমার খাদ্য হবে।" সেখানেই আপনারা সেটাকে পাবেন। ওটাই হল সেই হারানো সংযোগ।

170 এখন এখানে কয়িন আসে। আসুন তাঁর স্বভাবকে লক্ষ্য করা যাক। এখানে আসে কয়িন। সে কি ছিল? সে ছিল এক ধূর্ত ব্যাবসায়ী। সে ক্ষেত্রে কাজ করত। ধূর্ত, বুদ্ধিমান; ধার্মিক, অতি ধার্মিক; এখন তাঁর—এখন তাঁর গুণাবলীকে দেখুন। আমার সাথে আর কিছু মিনিট চলুন।

171 এখানে সে আসে। সে জানে যে তাঁর মধ্যে অনেক নৈতিকতা আছে। সে গির্জায় যেতে চায়। সে তার জন্য গির্জা তৈরি করে, তাঁর কাছে নৈবেদ্য নিয়ে আসে। একটি বেদি নিয়ে আসে আর সব কিছু করে। একটি বেদি তৈরি করে, আর সেটির ওপরে সে তাঁর ফুলগুলোকে সাজিয়ে রাখে। ক্ষেত্রের শস্য রাখে...ক্ষেত্রের ফল, ঈশ্বরকে উৎসর্গ করে। বলে, "এই নাও, প্রভু। আমি জানি আমাদের বাবা মা আপেল খেয়েছিল, যা এই পাপকে নিয়ে এসেছিল।" তাঁর আজকের কিছু বংশধরেরাও অনেকটা এরকমই চিন্তা ভাবনা রাখে। দেখায় যে এটা কোথা থেকে এসেছে। ক্ষেত্র থেকে সে তার আপেলগুলো নিয়ে এসেছিল, সেগুলোকে বেদিতে রেখেছিল, বলেছিল, "এটাই পাপের প্রায়শ্চিত্ত করবে।"

ঈশ্বর বললেন, "এটা আপেল ছিল না।"

172 কিন্তু, আত্মিক প্রকাশের দ্বারা, হেবল জানতে পেরেছিল যে এটা রক্ত ছিল। তাই সে একটি মেষ নিয়ে এল। সে তাঁর গলায় আঘাত করলো, আর এটা মরে গেল।

173 আর ঈশ্বর বললেন, "ওটা ঠিক। এটাই এটার কারন। এটা রক্তই ছিল।" আপনারা জানেন আমি কোন রক্তের কথা বলছি? ঠিক আছে। "এটা রক্তই ছিল যা এটি করেছিল"

174 এখন লক্ষ্য করুন। আর যখন কয়িন তাঁর পবিত্র কপটি ভাইকে দেখল যে তাঁর বলিদানকে ঈশ্বর গ্রহন করেছেন, আর চিহ্ন আর অদ্ভুত কাজ সেখনে হচ্ছে, সে তাতে ঈর্ষাপূর্ণ হয়ে গেল। সে বলল, "আমরা এই সব সভাগুলোকে আমরা শিঘ্রই বন্ধ করে দেব।" তাঁর ভাইদের দিকে তাকান, তাঁর সন্তানদের দিকে আজকে তাকান। "এখন, আমি তাঁর চেয়েও বেশী বুদ্ধিমান," তাই সে রেগে গেল। *রাগ* কোথা থেকে এসেছে? আপনি কি বলতে পারেন যে রাগ... ? সে তাঁর ভাইকে হত্যা করেছিল। সে একটি নরঘাতক ছিল।

175 আপনি কি ঈশ্বরকে নরঘাতক বলতে পারবেন? আর আদম ছিল ঈশ্বরের পুত্র। বাইবেল বলেছে যে, "আদম ঈশ্বরের পুত্র ছিল।" সেই সিদ্ধ শুরু সেখানে। আদম ঈশ্বরের পুত্র ছিল। আর সেই ঈর্ষা, এবং দ্বেষ, এবং সবকিছু, সেই সিদ্ধ ধারা থেকে আসতে পারতো না।

176 এটাকে আরেকটি স্থান থেকে আসতে হত। [টেপে রিক্ত স্থান—সম্পা।] এটা শয়তান থেকে এসেছিল, যে ছিল একটি নরঘাতক, শুরুতেই। বাইবেল বলে, "সে ছিল একজন মিথ্যাবাদী এবং একজন নরঘাতক, প্রথম স্থান থেকেই।" আর এটাই হল সেটা। আর সে তাঁর ভাইকে মেরে ফেললো।

177 আর সেটা ছিল খ্রীষ্টের মৃত্যুর একটি নমুনা। তারপর, সেখান থেকে, কারন, তিনি সেথকে ওঠালেন তাঁর স্থান নেবার জন্য। খ্রীষ্টের মৃত্যু, কবরপ্রাপ্ত হওয়া, এবং পুনরুত্থানের প্রতীক।

178 আর লক্ষ্য করুন, তারপর, এখানে আসে সেই দৈত্যরা। তারপর কয়িন নোদ দেশে চলে গেল। যদি তাঁর পিতা এক লম্বা চওড়া এক ব্যক্তি ছিল, তাহলে কয়িন কেমন হবে? তাঁর পিতার মতই। আর সে নোদ দেশে চলে গেল আর তাঁর বোনদের মধ্যে একজনকে গ্রহন করে নিল।

179 একমাত্র উপায় এটাই ছিল যা সে করতে পারতো। আর কোন মহিলা সেখানে আসতে পারতো না, কিন্তু কেবল হবার দ্বারাই। তারা দাবি করে সত্তর জন ছেলে মেয়ে ছিল। যদি—যদি কোন মহিলা না থাকতো...বাইবেল মহিলাদের বিবরন রাখে নি যখন তারা জন্মায়, কেবল পুরুষদের বিবরনই রাখা হয়েছিল। আর যখন, যদি হবা ছাড়া কোন মহিলা না থাকতো, তাহলে সে যখন মারা গেল, তখন সমস্ত মানব জাতিই শেষ হয়ে যেত। তাঁর কাছে কন্যা থাকতেই হত। আর তাকে নিজের বোনকে বিয়ে করতেই হত।

180 সে নোদ দেশে চলে গেল আর তাঁর—তাঁর স্ত্রীকে নিলো। আর যখন সে তাকে সেখানে বিয়ে করলো, সেখানেই তারা বড় বড়

দৈত্যদের পেল, যারা ছিল ঈশ্বরের পতিত সন্তান; যারা তাদের পিতার মধ্য দিয়ে এসেছিল, সেই শয়তান, কইনের মধ্য দিয়ে। ওখানেই সেই হারানো সংযোগটি ছিল।

181 আর সর্পের বংশকে দেখুন। এখন লক্ষ করুন। মনে রাখবেন, সর্পের বংশ ধার্মিক ছিল। কিছু মিনিটের মধ্যে দেখুন, সেটা এখন সামনে আসছে। এখানে আসে, সর্পের বংশ। তাদের কি হয়েছিল ? এখন এখানে আমাকে কিছু পড়তে দিন, যা আমি আজ এই বিকেল বেলায় লিখে রেখেছিলাম।

182 হেবলের বংশ দিয়ে কে এসেছিল ? এটি শুনুন। ঠিক আছে। হেবলের সাথে আসে। হেবলের পর সেথ আসে। সেথের পর নোহ আসে। নোহের পর সেম আসে। সেম থেকে অব্রাহাম আসে। অব্রাহাম থেকে ইসাহাক আসে। ইসাহাক থেকে আসে যাকব। যাকব থেকে আসে যিহুদা। যিহুদা থেকে আসে দায়ুদ। দায়ুদের থেকে আসে খ্রীষ্ট, সেই সিদ্ধতা।

183 ফিরে গিয়ে লক্ষ্য করুন কিভাবে ঈশ্বরের আত্মা হেবলের মধ্যে সেখানে বাস করত। দেখুন কিভাবে এটা সেথের মধ্যে বাস করেছিল। তাকিয়ে দেখুন কিভাবে এটা যিহুদার মধ্যে বাস করতো। দেখুন কিভাবে এটা দায়ুদের মধ্যে বাস করত। দেখুন সেই একই আত্মা ধার্মিক বীজের মধ্য দিয়ে আহ্বান জানাচ্ছে, সমস্ত পথ ধরে। কোন ব্যাপার না তারা কি করেছিল, তারা পূর্বনির্ধারিত ছিল।

184 যাকোবের দিকে তাকান, একটি নোংরা...আমি এটা অপবিত্রতাযুক্ত মনভাবের সাথে বলছি না। কিন্তু যাকোব কিছুটা লাজুক প্রকৃতির, সব সময় মায়ের পেছন পেছন থাকতো; চারিদিকে দৌড়ে বেরাত, একটা ছোট সংকোচপূর্ণ বালক ছিল। আর সে তাঁর শরীরে চামড়ার বস্ত্র পরে, নিজের পিতাকে প্রতারনা করে জ্যেষ্ঠাধিকারের আশীর্বাদ নিয়ে নিয়েছিল। কিন্তু এটা তাকে দেওয়া হয়েছিল পৃথিবীর ভিত্তিমুল স্থাপনের পূর্বেই। নিশ্চয়ই, এটা তখনই দেওয়া হয়েছিল।

185 সে সেখানে গেলো এবং তাঁর শ্বশুরকে মিথ্যা কথা বলল; আর সে কিছু দাগযুক্ত শাখা, আর্মোন বৃক্ষের শাখা নিত, আর সেগুলো জলের মধ্যে রেখে দিত, যেন সেই মেষগুলোর মধ্যে রেখান্বিত ও বিন্দুচিহ্নিত পশু উৎপন্ন হয় যখন পশুগুলো গর্ভধারন করতো; যেন সেগুলো রেখাঙ্কিত পশুদের জন্ম দেয়, যেন সে প্রতারনা করতে পারতো এবং সেই পশুদের নিয়ে নিতে পারতো। ঈশ্বর তাকে এতেও আশীর্বাদ করলেন। ওটা ঠিক।

186 তাঁর ওপর হায়, যে যাকোবের বিরুদ্ধে কিছু বলে। আপনারা জানেন—আপনারা জানেন মিথ্যা ভাববাদীরা কি বলেছিল... অথবা সে সঠিক ভবিষ্যৎবানী করেছিল। বিলিয়ম, সে বলেছিল, "যে তাকে আশীর্বাদ দিবে সে আশীর্বাদ পাবে, আর যে তাকে অভিশাপ দিবে সেও অভিশপ্ত হবে।"

187 "আমি যাকোবকে উঠিয়েছি। আমি তাকে পেয়েছি...যেন একটি অজানা দেশে। আর যেভাবে ঈগল পক্ষি তাঁর বাসাকে ঝাঁকায়, আমি তাকে ঝাঁকিয়েছি এবং তাকে বাইরে বের করেছি।" হাল্লেলুইয়া! "পরাক্রম দ্বারা নয়, শক্তি দ্বারাও নয়, কিন্তু আমার আত্মা দ্বারা, প্রভু বলেন।"

188 সেটা দেখুন কিভাবে তা সিদ্ধতায় চলে আসে। সেই আত্মা কাজ করে শেষে খ্রীষ্টের মধ্যে সিদ্ধতাকে নিয়ে আসে, প্রত্যেকটি সাধুর মধ্যে দিয়ে ঠিক নীচে নেমে এসে। কোনও ব্যাপার না তারা কি করেছিল, তারা কি বলেছিল, তারা কি করেছিল, কিন্তু তারা সম্পুর্নরূপেই ধার্মিকতার বীজ ছিল।

189 আর, এখানে, যখন ধার্মিক অব্রাহাম...মহিমা! ওহ, আমি প্রকৃতরূপেই আনন্দিত অনুভব করছি। যখন ধার্মিক অব্রাহাম মল্কীষেদকের সাথে সাক্ষাৎ করলেন, যিনি স্বয়ং ঈশ্বর ছিলেন!

190 মল্কীষেদক কে ছিলেন? "শালেমের রাজা, যিনি যিরূশালেমের রাজা ছিলেন, শান্তির রাজা। তাঁর কোন পিতা ছিল না। তাঁর কোন মাতা ছিল না। তাঁর কখনও দিনের শুরু ছিলে না, জীবনের কোন অন্ত ছিল না।" তিনি আগে যা ছিলেন, তিনি আজও সেভাবেই জীবিত আছেন। "তিনি কখনই জন্মগ্রহন করেন নি। তিনি কখনই মরবেন না। তাঁর কখনই কোনও পিতা বা মাতা ছিল না। তাঁর কখনই দিনের শুরু ছিল না অথবা কখনই জীবনের শেষও নেই।" আমায় বলুন তিনি কে ছিলেন। অনন্ত ঈশ্বর; যাতে আমরা বলি একটি...

191 ওহ, আমি ভুলে গেছিলাম আপনারা সেটাকে কি বলেন এখন। থিওফানি, এটাই হল সেটা। কেবল এরকম...একটি রূপকথা নয়। কিন্তু তবুও এটা কিছু ছিল যা প্রমানিত হয়েছিল। যেমন তিনি অব্রাহামের কাছে সেই তাম্বুতে গিয়েছিলেন, এক দুতের মত, আর ভাববানী করেছিলেন, আর সারাকে বলেছিলেন যে সে হেসেছিল তাঁর পেছনে আর ওসব। সেই একই জিনিস।

192 আর এখানে তিনি ছিলেন। তিনি মল্কীষেদকের সাথে সাক্ষাৎ করেছিলেন। আর মহান...মহান প্রপিতামহ অব্রাহাম, ধার্মিকতার

বীজের মধ্য দিয়ে হয়ে মল্কীষেদককে দশমাংশ প্রদান করেছিলেন। আর সেটা গন্য হল তাঁর মহান প্রপৌত্রের ওপর, ধার্মিকতার বীজ।

193 এখন এখানে আসে সেই—সেই সর্পের বংশ। এখন মনে রাখবেন, তাদের মধ্যে শত্রুতা, যুদ্ধ থাকবে।

194 সর্পের বীজ নীচে নেমে আসে, আর এটা কি উৎপন্ন করে? এখন আসুন প্রথমে প্রথম কিছু বছরকে নিই। এখন দেখুন সেখানে কি ঘটে। আমরা এটাকে ঠিক নীচে পর্যন্ত পড়ব, কারন আমি কেবলই এটাকে দেখলাম। সর্পের বীজ কয়িনকে উৎপন্ন করেছিল। কয়িন নোদ দেশে গেল, সেখানে দৈত্যরা উৎপন্ন হল, আর তারপর তারা নোহের দেশে আসলো।

195 তারা ছিল চতুর, শিক্ষিত, এবং জ্ঞানি লোক। এটা কি ঠিক? তারা ছিল নির্মাণকারী, আবিস্কারক, বৈজ্ঞানিক; ধার্মিকদের বংশ থেকে নয়, কিন্তু শয়তানের বংশ থেকে, সেই সর্প থেকে। তারা এরকম ধরনের লোক ছিল যেমন—যেমন বৈজ্ঞানিক, আর নির্মাণকারী, আর মহান মানুষ, শিক্ষক। শাস্ত্র তাই বলে। তারা পেতলের কাজ করতো। তারা লোহার কাজ করতো। তারা ধাতুর কাজ করতো। তারা অনেক কিছ আবিষ্কার করেছিল। তারা বিভিন্ন ধাতু দিয়ে অনেক কিছু তৈরি করেছিল, ভবন তৈরি করেছিল। শাস্ত্র এটাই বলে। তারা স্ত্রীর বংশের প্রতি বিদ্রূপকারী ছিল। যারা ধার্মিক নোহের ঠাট্টা উড়িয়েছিল। এটি কি ঠিক? [মণ্ডলী বলে, "আমেন"—সম্পা।]

196 আসুন এটি একটু দূর পর্যন্ত অনুসরন করা যাক। তারপর, আমরা তাদের জাহাজ পর্যন্ত পাই, সবকিছু ধ্বংস হয়ে গিয়েছিল। তারা পাপে এমনভাবে লিপ্ত ছিল, এবং তারা সেখানে শাসক হয়ে গিয়েছিল, এবং চতুর এবং বুদ্ধিমান ছিল। যতক্ষণ পর্যন্ত ঈশ্বর স্বর্গ থেকে নীচে না দেখলেন, সেখানে ধার্মিক বেশী বাকি ছিল না, তাই তিনি নোহ এবং তার পরিবারকে জাহাজের মধ্যে নিয়ে গেলেন, এবং জল বর্ষণ করলেন এবং পুরো জিনিসটি ধ্বংস করে দিলেন। তাঁর আগেই হনোককে উপরে উঠিয়ে নিয়েছিলেন। সেটা ঠিক? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।] সেখানে সমস্ত বীজ ছিল, প্রায় সমস্ত বীজই সেখানে ছিল; কিন্তু তার কিছু উদ্দেশ্য আছে যা পূরণ হতেই হবে।

197 এখন দেখুন, নোহ এবং তার পুত্ররা, যারা জাহাজের মধ্যে ছিল, হাম, শেম ও যেফৎ, তারা ধার্মিকতার পঙক্তির মধ্যে হয়ে বেরিয়ে আসে।

198 কীভাবে সর্পবংশ সেখানে পৌঁছেছিল? সর্পবংশ জাহাজের ভেতর ঠিক সেভাবেই এসেছিল, ঠিক যেমনটি শুরুতে নারী দিয়ে এসেছিল, তাদের স্ত্রীদের মাধ্যমে। তারা শয়তানের বীজকে জাহাজের মধ্য দিয়ে বহন করে নিয়ে গিয়েছিল, ঠিক যেমন হবা শয়তানের বংশকে ধারন করে কয়িনকে জন্ম দিয়েছিল, এটা স্ত্রীর দ্বারা হয়েছিল।

199 আপনারা সেই স্ত্রীদের প্রচারক বানিয়ে মঞ্চে নিয়ে আসেন, বাইবেল এটির নিন্দা করে! পৌল বলেন, "কেউ যদি নিজেকে ভাববাদী বা আত্মিক বলে মনে করে তবে সে জানুক যে আমি যা কিছু লিখেছি তা প্রভুর আদেশ। কিন্তু যদি কেউ অজ্ঞ হয় তবে সে অজ্ঞ থাকুক।"

200 এ কারণে আমি এখানে ব্যাপটিস্ট গির্জা থেকে বাইরে বেরিয়ে গিয়েছিলাম। ভাই ফ্লিমন যিনি এখানে একটি সময় আগে ছিলেন; আমি মনে করি তিনি রাতে সেখানে ছিলেন। ডক্টর ডেভিস বলেছিলেন, "তুমি এখানে দাঁড়িয়ে থাকবে এবং এই মহিলাদের প্রচারক হওয়ার জন্য অভিষেক করবে।"

আমি বললাম, "আমি এটা করব না। না, প্রকৃতপক্ষেই না।"

তিনি বললেন, "আচ্ছা, আমি তোমাকে বের করে দেব।"

201 আমি বলেছিলাম, "আমার আরও অধিক ভালোর জন্যই আমাকে বের করে দেওয়া হচ্ছে।" আমি বলেছিলাম, "এটিই ঈশ্বরের বাক্য, এবং এটি এই বিষয়কে নিন্দা করে। আর ঈশ্বর যা নিন্দা করেন তা আমি ধরে রাখতে পারি না।" না, মহাশয়।

202 যারা এটি করে, তারা এটাই দেখাচ্ছে যে তারা মিথ্যা শিক্ষক, মিথ্যা ভাববাদী। বাইবেল বলে যে এরকম লোকেরা থাকবে। "যদি সম্ভব হয় তাহলে মনোনীতদেরকেও ভুলাবে।" এটাই সেই বিষয়।

203 এখন লক্ষ্য করুন। আর সেখানে থেকে, তারপর, হাম, তার স্ত্রী এবং তারা বেরিয়ে এল। তার উপর একটি অভিশাপ ছিল। হাম থেকে নিম্রোদ আসলেন, যিনি বাবিল তৈরী করেছিলেন। ব্যাবিলনের থেকে ক্যাথলিক গির্জা বেরিয়ে আসে, এটির শুরু সেখান থেকে হয়। এটি আহাবের মধ্য দিয়ে নীচে নেমে আসলো। আহাব থেকে নেমে এসে, এটি ঈষ্করিয়োতীয় যিহূদা পর্যন্ত এল; যা শেষে খ্রীষ্টবিরোধী হয়ে গিয়েছিল।

204 আর এই শেষকালে, এখানে খ্রীষ্টের আত্মা এবং খ্রীষ্টবিরোধী আত্মা কাজ করছে। খ্রীষ্টবিরোধী আত্মা বলে, "অলৌকিক ঘটনাগুলির দিন অতীত হয়ে গেছে।" খ্রীষ্টের আত্মা বলে, "তিনি

কাল, আজ ও চিরকাল একই আছেন।” খ্রীষ্টবিরোধী আত্মা বলে, “এতে কিছু হয় না যদি আপনি পিতা, পুত্র, পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম নেন, জল’ঢেলে, জল ছিটিয়ে বাপ্তিস্ম নেন, যাই হোক না কেন, এটা একই জিনিস।” বাইবেল বলে যে ঈশ্বর অব্যর্থ, এবং তিনি পরিবর্তন হন না। আপনি কাকে সেবা করতে যাচ্ছেন ? এটা আপনার উপর নির্ভর করছে।

205 এখন আপনি বলবেন, “তারা কি একসাথে থাকতে পারে ? আপনি বলেছিলেন, সেই জাহাজে, ভাই ব্রানহ্যাম, সেখানে হাম এবং শেথ উভয়েই ছিলেন।” এটি ঠিক, একেবারে ঠিক। হাম মন্দ ছিল। শেম ধার্মীক ও সত্যনিষ্ঠ ছিল। ঠিক আছে।

206 আসুন হামকে অনুসরণ করি। ঠিক আছে, এখন, সেখানে হাম এবং শেম একই জাহাজে আছে; একজন ধার্মিক, এবং অন্য অন্যায়কারী। একই জাহাজে একটি কাক এবং একটি কপোত ছিল। একই গির্জার মধ্যে যিহূদা এবং যীশু ছিলেন। একই গির্জার মধ্যে খ্রীষ্টবিরোধী এবং পবিত্র আত্মা ছিলেন।

207 আর আজ, একই আত্মা কাজ করে। “ভক্তির অবয়বধারী, খুব ধার্মিক, কিন্তু ভক্তির অবয়বধারী এবং তার শক্তি অস্বীকারকারী; এই ধরনের লোক থেকে পলায়ন কর।” পবিত্র আত্মা, দাবি করে, “যীশু খ্রীষ্ট কাল, আজ, এবং চিরতরে একই আছেন।” আপনি কোন পক্ষ নির্বাচন করবেন ?

208 খ্রীষ্টবিরোধী বলে যে *এটি* কেবল ধর্মমতের একটি বই। “আমরা প্রেরিতদের ধর্মমত পুনরাবৃত্তি করব।” আমি যে কোন ধর্মপ্রচারককে প্রতিদ্বন্দিতায় আহ্বান করছি যে আপনারা বলুন যে বাইবেলে প্রেরিতদের ধর্মমত কোথায় পাওয়া যায়: “আমি বিশ্বাস করি সর্বশক্তিমান পিতা ঈশ্বরের ওপর যিনি আকাশ ও পৃথিবীকে সৃষ্টি করেছেন এবং তাঁর পুত্র, যীশু খ্রীষ্টের ওপর, আমি বিশ্বাস করি পবিত্র রোমান ক্যাথলিক গির্জার ওপর, আমি বিশ্বাস করি সাধুদের সাথে সহভাগিতা করার ওপর।” আপনি এসব বাইবেলে কোথায় পান ? আর এখনো আপনারা আপনাদের বড় বড় মেথডিস্ট এবং ব্যাপটিস্ট গীর্জার মধ্যে এটি পুনরাবৃত্তি করেন। এটা শয়তানের একটি মতবাদ, এবং মিথ্যা ভাববাদীরা এটা শেখাচ্ছে।

209 আর আমি আশা করি যে আমি আপনাদের অনুভূতিকে আঘাত করছি না, কিন্তু আমি এই আরাধনালয়ের লোকদের এটা বোঝাচ্ছি। আপনারা যারা এই ব্রানহাম টেবারনেকাল এ আছেন, এই ধরনের জিনিস থেকে দূরে থাকবেন। যে কোন ব্যক্তি যে মৃত সাধুদের

সহভাগিতায় বিশ্বাস করে, সে প্রেতবিদ্যার সমর্থক। “ঈশ্বরের ও মনুষ্যদের মধ্যে একমাত্র মধ্যস্থও আছেন, এবং তিনি মনুষ্য, খ্রীষ্ট যীশু।” পরোয়া করবেন না সেখানে কত মরিয়ম আছে!

210 দেখুন কি ভাবে সেই নারীর বংশ সেখানে করেছিল? দেখুন নারীর বংশ সেখানে কিভাবে পৌঁছেছিল?

211 আজ, আমেরিকাতে দেখুন। আমেরিকা শয়তানের বংশে ভরা আছে। এটা কি? সে হল একটি মহিলাদের দেশ। আপনি শুনেছেন, “এটি একটি মহিলাদের জগত।” ওটা ঠিক। এটি একটি মহিলাদের দেশ। তারা এরকম নমুনাই স্থাপন করে দিয়েছে।

212 বেশি দিন হয় নি, যখন আমি, সুইজারল্যান্ডে গিয়েছিলাম। এক মহিলা বলেছিল...এক সামান্য, পবিত্র আত্মাপ্রাপ্ত মহিলা বলেছিল, “আপনি জানেন, আমি যদি আমেরিকায় চলে যাই, তবে তারা বলে যে নারীরা সেখানে স্বাধীনতা পেয়ে গিয়েছে।”

213 আমি বললাম, “আমি আপনাকে বলি যে এটা তাদের কিসের দিকে নিয়ে যাচ্ছে।” আর আমি তাকে বলতে শুরু করি।

তিনি বলেন, “ওহ, দয়া, আমি এরকম কিছুই চাই না।”

আমি বললাম, “এটা এখানেই নিয়ে আসে।”

আপনি জানেন, এখানে লোকেরা যেমন করছে সেখানে তারা এমন কিছুই করে না।

214 এটা কী? আমাকে এটি দেখাতে দিন যে আমেরিকা একটি স্ত্রী। আমাদের মুদ্রার উপর একটি মহিলার ছবি আছে। এখানে সবকিছুতেই একটি মহিলা আছে।

215 আমাকে বলুন, দেশের মধ্যে পর্যাপ্ত মদ্যশালা নেই, আপনি এই শহরে ৪০টি মদ্যশালা বানিয়ে দেন, এবং তিনটি বেশ্যাকে ছেড়ে দিন, যারা দেখতে সুন্দর যারা রাস্তায় কোমর দুলিয়ে চলে। তারা নিজেদের পেছনে বাসনাময় এমন আত্মাকে ছেড়ে দিবে, তারা এতগুলো আত্মাকে নরকের দিকে নিয়ে যাবে যতোটা হয়ত সারা শহরের মদ্যশালাগুলোও পারবে না। এটা ঠিক কথা।

216 তাহলে পতনের কারন কে? এটা মহিলা। সে কি? সে আমেরিকার দেবি।

217 এই পুরোনো চলচ্চিত্র অভিনেতা বা অভিনেত্রিদের নিন; তারা এখানে ওঠে ও চার থেকে পাঁচ বার বিয়ে করে, একই সময়ে তিন বা চারটি স্বামীর সাথে বসবাস করে; এবং এই ম্যাগাজিনগুলো তাদের কথা প্রকাশ করে দেয় এবং তাদের নগ্ন ছবি ছেপে বাইরে

প্রকাশ করে দেয়। আর এখন ছোট মেয়েরা তোমরা তাদেরকে তোমাদের আদর্শ বানাচ্ছ, (কেন?) তোমাদের আগে তোমাদের মায়েরা, সম্ভবত, তোমাদের আগে তোমাদের ঠাকুমারা ওরকম ছিলেন। আপনারা দেখলেন যে সর্পের বীজ কোথা থেকে কাজ করে? অবশ্যই, এটি তাই।

218 আর এটা কি করেছে? ব্যাবস্থা অনুযায়ী অধর্মের পাপ যদি চৌদ্দ প্রজন্মের কাছে পর্যন্ত থাকে, তবে এই দিনের পরিণতি কি হবে যেখানে ধার্মিকদের বীজ আলাদা করা হচ্ছে? আর ঈশ্বর বলেছিলেন যে, এমন সময় আসবে, যদি তিনি যদি সেই দিনকে কেটে ছোট না করতেন, তাহলে তাদের মধ্যে কেউই বাকি থাকত না। আমরা শেষ সময়ে এসে পড়েছি। আজ রাতে ধার্মিকদের বংশকে খুজুন; শহরগুলি মধ্যে চলে যান!

219 ওহ্, আপনি গির্জার সদস্যদের দেখতে পান ঠিক যতটা বিশ্বস্ত হওয়া যায় তারা ততটাই বিশ্বস্ত ব্যাপ্টিস্ট ও প্রেসবিটারিয়ান এবং ওই সমস্তের প্রতি। কিন্তু ঈশ্বরের সাথে তাদের কোনও সম্পর্ক নেই, ঠিক যেমন একটি খরগোশের বরফের জুতোয় পা রাখার সাথে কোন সম্পর্ক নেই! তারা তাঁর বিষয়ে কিছুই জানে না! তারা কেবল জানে...আপনি কি একজন খ্রীষ্টান?

"আমি একজন ক্যাথলিক।"

"আপনি কি একজন খ্রীষ্টান?"

"আমি একজন ব্যাপটিস্ট।"

"আপনি কি খ্রীষ্টান?"

"আমি প্রেসবিটেরিয়ান।"

"আপনি একজন খ্রীষ্টান?"

"আমি পেন্টিকোস্টাল।" সেটার সাথে এর কিছুই সম্পর্ক নেই।

220 আপনি একজন খ্রীষ্টান হন কারণ ঈশ্বর তাঁর করুণা দ্বারা আপনাকে রক্ষা করেছেন। আর আপনি এটির সম্পর্কে জানেন। আর কিছু আপনার জীবনকে পরিবর্তিত করে দিয়েছে, যে আপনি আগের চেয়ে অন্য রকম জীবন যাপন করছেন। আর আপনি খ্রীষ্ট যীশুতে একটি নতুন ব্যক্তি এবং সৃষ্টি হয়েছেন। অবশ্যই।

221 কিন্তু এখন আপনি দেখুন যে সর্পের বীজ কোথায় আছে? সর্পের বীজ কি ছিল? ব্যভিচার। আপনারা ধরতে পারছেন? হবার সাথে ব্যাভিচার। সেটার কি ঘটেছে? কিসের দ্বারা সেই বীজ এগিয়ে যায়? আজ রাতে সেই বীজটি কি?

222 পেছনে ফিরে দেখুন, কয়েক বছর আগে, যখন প্রথম গানটি বেরিয়ে এসেছিল। আপনারা বয়স্ক মানুষরা জানেন, যখন... তারা রেডিওতে গান গাইতে দেওয়ার আগে তারা গানটিকে পরীক্ষিত হতে দিত। আর প্রথম যে গানটি বেরিয়ে এসেছিল, সেটা ছিল, "নাচ, মেয়েরা, নাচ, তোমাদের সুন্দর হাঁটু দেখাও," আর এইরকমের সব। "বাবা এবং মায়ের ওপর হাসো, এবং তাদের ওপর 'হা-হা-হা করে হাসো!'" এটাই প্রথম গান ছিল যা তারা রেডিওতে এমনিই আসতে দিয়েছিল। আপনি কি ভাবেন যে এই গানটি লিখেছেন আজ রাতে সে কোথায় আছে? সে মারা গেছে।

223 আপনি ক্ল্যারা বো সম্পর্কে কি মনে করেন, যে প্রথম অর্ধনগ্ন বস্ত্র পরে বেরিয়ে এসে, *'ডেঞ্জারাস কারভস'* গানটি গেয়েছিল এবং হাজার হাজার আত্মাকে নরকে পাঠিয়েছে? আজ রাতে সে কোথায় বলে মনে হয়? সে অনেকদিন আগেই মারা গেছে। সে, তার সেই শরীরের সাথে কোথায় আছে? নৈতিকরূপে নষ্ট হয়ে সে ধুলোর মধ্যে চাপা পরে আছে আর কীটপতঙ্গ তাঁর দেহকে খেয়ে নিয়েছে। আর তার আত্মা একটি ন্যায়পরায়ণ ঈশ্বররে সামনে দাঁড়িয়ে আছে।

224 সেই মানুষটি কোথায় যে সেই মহিলাকে নিয়ে যায় এবং তাদের পুরানো নোংরা অভদ্র কাপড়গুলি তৈরি করে, যা তারা পরে থাকে এবং পথের থেকে এদিক ওদিক ঠেলে দেয়, এবং তাদের অনুপযুক্ত করে দেয়? বলে, "তারা কি জন্য এরকম করে? কেন আপনি এই ধরনের জিনিস পরেন?" কারণ আপনি চান পুরুষরা যেন আপনার দিকে তাকায়, এবং এটি প্রমাণ করার অন্য কোন উপায় নেই।

225 আর আপনি কি জানেন যে আপনি যখন তা করেন, এবং কিছু পুরানো পাপী আপনার দিকে তাকায়, আপনি জানেন কি ঘটেছে? বিচারের আসনে...আপনি বলছেন, "ভাই ব্রানহ্যাম, আমি আমার স্বামীর প্রতি যেমনটা হতে পারি, ঠিক তেমনই সত্য।" কিন্তু আপনি ব্যভিচারের জন্য দোষী গণ্য হবেন। যীশু বলেছিলেন যে, "যে কেহ স্ত্রীলোকের প্রতি কামভাবে দৃষ্টিপাত করে, সে ইতিমধ্যেই তার হৃদয়ে তার সঙ্গে ব্যভিচার করেছে।" সেই ব্যক্তিকে যখন ব্যভিচার করার জন্য উত্তর দিতে হয়, তখন সেই মহিলার কি হবে যার জন্য এই ব্যাভিচারটি হল? আপনি নিজেকে যেভাবে সজ্জিত এবং নিজেকে উপস্থাপিত করেন এর ওপরেই এটা নির্ভর করে।

226 এখন, আমি বলতে চাচ্ছি না যে আপনাকে একটি পুরনো সিন্দুক থেকে পোশাক বের করে পড়তে হবে। কিন্তু, আপনি এমন পোশাক পড়ুন যেন আপনাকে একজন ভদ্রমহিলার মত দেখায়।

227 আর আপনারা ছোট ছোট বস্ত্র পরে এক ছোট পট্টি চারপাশে এভাবে লাগিয়ে এবং আপনার বাচ্চাকে সাথে নিয়ে যার চোখ যেন সিগারেটের ট্রের মত আর আপনার মুখে সিগারেট চেপে আপনি রাস্তায় ঘুরে বেড়ান। আপনি কোন ভাল উদ্দেশ্যের জন্য এটি করছেন না। হতে পারে আপনি এই সত্য থেকে অজ্ঞ হয়ে থাকতে পারেন, কিন্তু শয়তান একটি সরঞ্জাম হিসেবে আপনাকে ব্যবহার করছে যেমন সে হবাকে করেছিল।

228 কেন এটা একটি স্ত্রীর দেশ? কারণ এটি ঠিক ক্যাথলিকবাদের আধিপত্যের দিকে এগিয়ে যাচ্ছে। আজ কি হচ্ছে? আপনারা তাদের কখনোই যীশু খ্রীষ্টের নাম উল্লেখ করতে শুনবেন না। কেবল এটাই শুনতে পাবেন "হেইল মেরি! মরিয়মকে স্বাগত! মরিয়ম, যে ঈশ্বরের মা! সন্ত সিসিলিয়া!" সব মৃৎ সন্তদের অভিবাদনের আওয়াজ শোনা যাবে, নিচে...

229 আমি মেক্সিকোতে ছিলাম, গত বছর। এখানে একটি দরিদ্র নারী আসে, তাকে টেনে আনা হয়। তার হাঁটু এমন ভাবে ছিলে গিয়েছিল, সে কাদছিল এবং তাঁর হাতগুলো ধরে ছিল। আর সেই বাবা, দুই সন্তানকে নিয়ে চলছিল, যারা তাদের মায়ের কষ্ট দেখে কাঁদছিল; 'সেই মহিলার দুঃখের কারণ, তারা একজনকে সন্ত বলে মানতো, তিনি মারা যান। পাহাড়ের উপরে তার মূর্তি বানানো আছে। তাঁর কিছু প্রেমিক তাকে হত্যা করে দিয়েছিল। যেহেতু সে ক্যাথলিক ছিল, তাই এতএব এইভাবে শহীদ হওয়ার পড়েই তাকে সন্ত স্বীকার করে নেওয়া হয়েছিল। এখন এই মহিলা সেই মূর্তির কাছে হ্যাঁচড়াতে হ্যাঁচড়াতে অনুতাপ করতে করতে চলে যাচ্ছিল। তাকে তাঁর পাপের অনুশচনার জন্য ভালো মত পাথরে ঘর্ষণ করে দুই মাইল পর্যন্ত যেতে হত।

230 ভাই, যদি এখনও আমার জন্য কোন কিছু করার থাকে যা আমাকে করতে হবে, তবে যীশু খ্রীষ্ট বিনা কারনে মৃত্যুবরণ করলেন। আর আমি আমার কোন কার্য দ্বারা নয়, কিন্তু ঈশ্বরের ইচ্ছার দ্বারা এবং ঈশ্বরের উত্তমতার দ্বারা উদ্ধার পেয়েছি।

231 সাংবাদিকরা আমাকে জিজ্ঞাসা করলেন, "শ্রীমান ব্রানহ্যাম..." সামান্য, মৃত শিশুটিকে জীবিত করা হয়েছিল, এবং সেখানে আরও কিছু আশ্চর্য কাজ হয়েছিল। ত্রিশ হাজার ক্যাথলিক...না, আমি আপনাদের কাছে ক্ষমা চাইছি। এটা ছিল বিশ হাজার। ত্রিশ হাজার ছিল আফ্রিকাতে। বিশ হাজার ক্যাথলিকরা খ্রীষ্টকে ব্যক্তিগত পরিত্রাতা হিসেবে গ্রহন করেছিল, এক সময়, যখন সেটা ঘটেছিল, তখন মেক্সিকো সিটিতে দাঁড়িয়ে। আর সেইখানে সেই ক্যাথলিক যাজকরা, তারা কিছুই বলতে পারল না; অনেকেই সেখানে, একটি

দাঙ্গা শুরু করে দেয়। সেখানে পাশে অনেক লোক ছিল। তাই তিনি বললেন, "শ্রীমান ব্র্যানহ্যাম, আপনি কি বিশ্বাস করেন যে আমাদের সাধুরা একই জিনিস করতে পারেন যা আপনি করেন ?"

232 আমি তাদের মতবাদ সম্পর্কে জানতাম, তাই আমি বললাম, "অবশ্যই, তারা জীবিত থাকলে।" দেখুন ? সুতরাং, মৃত না হওয়া পর্যন্ত কেউই একজন ক্যাথলিক সন্ত হতে পারবেন না, আপনারা জানেন।

তাই তিনি বললেন, "ওহ, যতক্ষণ আপনি মরে না যান, আপনি একজন সাধু হতে পারবেন না।"

233 আমি বললাম, "তুমি কোথায় পড়েছো ? পৌল বলেন, 'ইফিষে স্থিত পবিত্র লোকদের সমিপে,' এবং যাদেরকে ঈশ্বরের লোক বলা হয়। 'ইফিষে থাকা পবিত্র লোকদের কাছে,' তিনি তার চিঠিটি পড়ছিলেন; গালাতিয়াতে এবং 'রোমের' এবং অন্যান্যরাও স্থানেও পবিত্র সন্তরা ছিলেন। *পবিত্রগণ*, 'পবিত্র কৃত ব্যক্তিগণ' এই বিষয়ে কী বলবেন ?"

234 তিনি বললেন, "বাস্তবিকভাবে, এখন, আমাদের বাইবেলের বিষয়ে তর্ক করা উচিত না। কারণ, আমরা মন্ডলী, এবং গির্জা যা বলে, আমরা তা মানি। আমরা এর পরোয়া করিনা যে বাইবেল কি বলে। আমরা সেটাই মানি যা আমাদের গির্জা বলে।" বললেন, "ক্যাথলিক গির্জার ব্যাপারে আপনার মতামত কি ?"

235 আমি বললাম, "আমি চাইছিলাম আপনি এই প্রশ্নটা আমায় না করতেন তো ভালো হত। যেহেতু আপনি আমাকে জিজ্ঞেস করলেন, আর আমি আপনাকে সত্য বলতে চলেছি।"

তিনি বললেন, "হ্যাঁ, আমি চাই আপনি সত্যটা আমাকে বলুন।"

আমি বললাম, "আমার জ্ঞানানুসারে ক্যাথলিক গির্জা হল প্রেতবিদ্যার সবচেয়ে বড় নমুনা।"

তিনি বললেন, "আপনি কিভাবে সেটা পেলেন ?"

236 আমি বললাম, "যে কেউ মৃত ব্যক্তিদের সাথে সম্পর্ক রাখে, সে একজন প্রেতাত্মাবাদি ব্যক্তি।" আমি বললাম, "যদি সেই মৃত সাধু আবার ফিরে কথা বলতে পারে, তবে সে নিশ্চয়ই নরকে আছে। কারণ, যারা পথ অতিক্রম করে চলে যায়, আমার—আমার বাইবেল বলে যে সে আর ফিরে আসতে পারে না।" এটা ঠিক। আর আমি বললাম, "যদি সে বাস্তবিকরূপেই সন্ত হয়, তবে শয়তান

একটি সন্তের মত হয়ে কথা বলছে, আর এটা আদৌ সন্ত নয়, সর্বোপরি।"

237 আর তিনি বললেন, "এখন, মাত্র এক মিনিট দাঁড়ান।" বললেন, "আপনিও তো মৃতদের সাথে সম্পর্ক স্থাপন করেন।"

আমি বললাম, "কোথায়?"

তিনি বললেন, "যীশু খ্রীষ্ট মারা গেছেন।"

238 আমি বললাম, "কিন্তু তিনি আবার জীবিত হয়ে উঠেছিলেন। তিনি মৃত নন কিন্তু তিনি জীবিত, এবং ঈশ্বর ও মানুষের মধ্যকার একমাত্র মধ্যস্থতাকারী।"

239 তিনি বলেন, "আমিই সেই যে মরেছিলাম, আবার জীবিত হয়েছি, আর চিরকাল বেঁচে আছি। আমার কাছে মৃত্যু এবং নরকের চাবি আছে।" "যে কেউ চায়, সে আইসুক আর জীবনের জল বিনামুল্যে পান করুক।" আমার! এই আমাদের ঈশ্বর এই হলেন আমাদের ঈশ্বর।

240 আর ধার্মিকদের বংশধরেরা এখন প্রায় শেষ হয়ে এসেছে। এই বিষয়ে লোকদের সাথে কথা বলুন। লোকদেরকে বাইবেলের পথে ফিরে যাওয়ার কথা বলুন। অলৌকিক ঘটনা সম্পর্কে মানুষের সাথে কথা বলুন। তাদের "গির্জা এটা বিশ্বাস করেন না," তাই তারা জারজ সন্তান, ঈশ্বরের কাছে। বাইবেল বলেছে যে আমরা যদি তাড়না সহ্য করতে না পারি, তিক্ততা, ঠাট্টা-বিদ্রূপের পাত্র না হই এবং "পবিত্র কপটি" নামেও আমাদেরকে ডাকা হতে পারে এবং এসবের মধ্য দিয়ে এগিয়ে না গেলে, আপনি একটি জারজ সন্তান, ঈশ্বরের সন্তান নন। বাইবেল তাই বলে।

241 আমাকে "পবিত্র-কপটি" বলুন, অথবা যা চান বলুন। যতদিন আমার হৃদয় ঈশ্বরের সাথে সঠিক আছে, এবং আমার অভিজ্ঞতা ঈশ্বরের বাইবেলের সাথে মেলে, তাহলে আমি এই একই দিক চলতে থাকব। হ্যাঁ মহাশয়। আমরা এরকমই বিশ্বাস করি। এটা জীবন্ত ঈশ্বরের মণ্ডলী, যা ধর্মতত্ত্ব দ্বারা আসে না। এটি কিছু মানুষের তৈরি, বুদ্ধিজীবী ধারণা দ্বারা আসে না। এটা একেবারে প্রকাশিত সত্য দ্বারা আসে যে যীশু খ্রীষ্ট ঈশ্বরের পুত্র।

242 যদি আমি শুধুমাত্র একটি বুদ্ধিগত ধারণা নিয়ে চলি, কারণ ব্যাপ্টিস্ট গির্জা বা মেথডিস্ট গির্জা আমাকে শিখিয়েছে যে এই *অমুক-ও-অমুক* বিষয়, যখন আমি এই বাইবেল শুনি, যদি বাইবেল...যদি আমি "পিতা, পুত্র ও পবিত্র আত্মার" নামে বাপ্তিস্ম পেতাম এবং এই বাইবেল পড়তাম, এবং একজন প্রচারক আমাকে

এসে বলতেন যে বাইবেলে কেউই কিন্তু যীশু খ্রীষ্টের নামে ছাড়া বাপ্তিস্ম নেয় নি, এবং আমি এটি পড়েছি এবং দেখেছি যে তা সত্য ছিল, তবে আমি যত দ্রুত জলের মধ্যে যেতে পারি আমি চলে যাব। হ্যাঁ মহাশয়।

243 যদি কেউ আমাকে বলে যে—যীশু খ্রীষ্ট একজন মহান আরগ্যদাতা ছিলেন, এবং আমার গির্জা আমাকে বলে, "অলৌকিক কাজের দিন অতীত হয়ে গিয়েছে," আর আমার সুস্থতার প্রয়োজন, তাহলে যতটা সম্ভব দ্রুত বেদীতে চলে যাব, সুস্থতা পেতে। আমি নিশ্চিতরূপেই তা করব।

244 আমি যদি প্রচারক হই এবং আমার পুলপিটে একজন—একজন মহিলা প্রচারক থাকে, এবং আমি যদি সেই বাইবেল পড়ি এবং দেখি যে একজন মহিলাকে প্রচার করতে না বলা হয়েছে, আমি সেখান থেকে তাকে সরিয়ে দিব, যদিও এর জন্য আমাকে কোন কিছুর সম্মুখিন হতে হয়।

245 আর মনে রাখবেন, একরাতে সেখানে এক মহিলা বসে ছিল যেখানে ভগিনী রাইট বসে আছেন, একজন মহিলা আমাকে এরকম কিছু করবার জন্য দরজার বাইরে ছুঁড়ে ফেলতে যাচ্ছিলেন। হ্যাঁ মহাশয়। আমি বলেছিলাম, "আপনি আমার মন্ডলীতে আপনার পুরনো কাপড় পরে প্রবেশ করবেন না..." যখন তারা তাদের পোশাকগুলি পড়তো, বা তাদের পোশাকগুলি এইভাবে নিচে কাটা থাকতো, এবং সেই অদ্ভুত দেখতে জিনিসগুলি পড়ত এবং তাদের শরীরের প্রায় অর্ধেক নগ্ন হয়ে যেত। আমি বললাম, "তারা আমার মন্ডলীতে এভাবে আসলে, আমি তাদেরকে নিশ্চিয়ই বাইরে বের করে দেব।" আর এখানে কিছু সামান্য পুরাতন এরকম মহিলা ছিল, তারপর তিনি বেশী দিন বাচেন নি। আর তারপর তিনি আমাকে ডেকেছিলেন, মৃত্যুর সময়ে। তিনি একটি ক্যাথলিক মেয়ে ছিলেন, উনি সেখানে এলেন আর ঐ রকমের বস্ত্র পড়েছিলেন আর এসে বসে পড়লেন। আমি পেছনে ঘুরে দেখলাম, আমি ওনার ওপর নজর রাখছিলাম, আর তারা গান গাইছিল। আমি আমার কোট খুললাম আর তাঁর কাঁধে চড়িয়ে দিলাম। আমি বললাম, "মহাশয়া, যদি আপনি আমার বাক্য শুনতে এসেছেন, তবে আপনি কি দয়া করে এই কোটটি পরিধান করে নেবেন যখন আপনি ঈশ্বরের মণ্ডলীতে এসেছেন।" দেখলেন ? নিশ্চয়ই।

246 সে সেখান থেকে বেরিয়ে গেল, এবং তার ঠোঁট দুটো উপরের দিকে প্রসারিত করল। সে ভবনের বাইরে বেরিয়ে গেল। তিনি

বললেন, "যদি এই ব্যাক্তির কাছে কোন ধর্ম থাকে তবে আমি আমার গরুকেও ঐ ধরনের ধর্মকে গ্রহন করতে দিব না।"

আমি বললাম, "আপনি চিন্তা করবেন না, সে তা পাবে না।"

247 তারপর আমরা প্রার্থনা ইত্যাদির জন্য তাঁবু লাগিয়ে নিয়েছিলাম, যখন মহিলাটি মরতে চলেছিল তখন তারা আমায় ডেকে পাঠিয়েছিল। তিনি একটি হ্রিদরোগে আক্রান্ত হয়েছিলেন, এবং তিনি মারা যাচ্ছিলেন। তার স্বামী আসেন। তিনি বলেন, "তাড়াতাড়ি চলুন!" আর আমি তখন ঠিক সভায় ছিলাম। সেই বড়, লম্বা ছেলেটি, দরজায় দাঁড়িয়ে, আমার জন্য অপেক্ষা করছিল এবং আমি...

248 আমি দৌড়ে আমার গাড়ির কাছে পৌঁছালাম এবং সেখানে থেকে রওনা দিয়ে দিলাম। যখন আমি সেখানে উপরে পৌঁছলাম, আমি সেই পুরাতন নার্সের সাথে সাক্ষাৎ করলাম, যে হাওয়ার্ড পার্কের নিচে বসবাস করে, এখনো। তিনি বললেন, "পাদ্রি মহাশয়, এখন আপনার আসার কোন প্রয়োজন নেই।" এটি প্রায় বিশ বছর আগের কথা, হতে পারে এর চেয়েও সামান্য বেশী হতে পারে। তিনি বললেন, "তিনি মারা গেছেন।" তিনি বললেন, "সে মারা গেছে প্রায় তিন মিনিট হল।" তিনি বললেন, "তিনি যতজোরে চেল্লাতে পারতেন ততজোরে আপনার জন্য চিৎকার করছিলেন।" বলেছিলেন, "আপনার জন্য একটি বার্তা আছে।"

আমি জিজ্ঞেস করলাম, "কি?"

249 বললেন, "যে প্রচারকের বিষয়ে আপনাকে বলেছি, তাকে বলে দেবেন, 'দয়া করে আমাকে ক্ষমা করুন।'"

250 আমি তাকে দেখতে নীচে চলে গেলাম। তিনি সুন্দরি মহিলা ছিলেন। আর মৃত্যুর আগে তাকে খুব কষ্ট সহ্য করতে হয়েছিল। তার নাক জুড়ে সামান্য দানার মত কিছু ছিল; একটি সুন্দর নারী আর দানাগুলো, লাগছিল যেন, বেরিয়ে এসেছিলো। আর তার চোখ তাঁর স্থান থেকে সম্পূর্ণরূপে সরে গেছিলো, এবং অর্ধেকটা ফিরে ঘোরানো ছিল। আর, তার অন্ত্র এবং কিডনি বা বৃক্ক সরানো হয়েছে, এবং বিছানার উপর থেকে গন্ধ আসছিল, ওরকম ভাবে।

251 আর তার স্বামী আমার দিকে তাকিয়ে বললেন, "ভাই ব্রানহাম, একটি প্রার্থনা করুন, কারণ তিনি আপনাকে দেখতে চেয়েছিলেন।"

আমি বললাম, "এখন তার জন্য প্রার্থনা করা কোন ভাল করতে পারবে না।"

252 “একটা গাছ যে দিকে ঝুঁকে যায়, সেই দিকেই পড়ে যায়।” দেখুন? “প্রতারিত হইও না; ঈশ্বরকে উপহাস করা যায় না। একটি মানুষ যা কিছু বোনে, সেটাই সে কাটবে।”

253 আপনারা কি দেখতে পাচ্ছেন এসব কোথা থেকে এসেছে এবং কোথায় যাচ্ছে? এখন দেখুন কি হয়েছে? একটি মহিলার দিকে তাকান যে এরকম করতে যাচ্ছে। সেই মহিলাদের দেখুন যারা পিছনে বসবাস করত যারা, গায়িকা ছিল, তার মেয়ে কি ছিল? একটি সরুচাকলি। সরুচাকলির কন্যা কি? একটি রক এন রোল কিশোরি। তার মেয়ে কি হতে যাচ্ছে? হ্ম! এটা কি?

ধার্মিকদের বংশকে দেখুন?

254 ব্যাপ্টিস্টগন, আপনারা নিজেদের দিকে দেখুন। পিছনে ফিরে গিয়ে দেখুন। ফিরে গিয়ে জন স্মিথকে দেখুন, যিনি আপনাদের প্রতিষ্ঠাতা ছিলেন, আপনারা ব্যাপটিস্টগন। যখন তিনি লোকদের অন্যায় কাজের জন্য প্রার্থনা করছিলেন, ততক্ষন পর্যন্ত তিনি কেদে কেদে লোকদের জন্য প্রার্থনা করছিলেন যতক্ষণ না তাঁর চোখ ফুলে গিয়ে বন্ধ হয়ে যায়, এবং তার স্ত্রীকে তাকে টেবিলের উপর খাওয়াতে হইয়েছিল, তার প্রাতরাশ।

255 আর মেথডিস্টগন, আপনারা নাক এবং আপনাদের কানের উপর অলঙ্কার পড়ছেন, আর মনে হয় যেন শয়তানের জন্য আসন হয়ে ছোট ছোট কাপড় পরে বাইরে ঘোরেন। স্মরন করুন যখন, বৃদ্ধ জন স্মিথ, মেথডিস্ট গির্জার এক প্রাচীনতম, তিনি পচাসি বছর বয়সে মারা যান, একটি সংক্ষিপ্ত ধর্মোপদেশ প্রচার করেছিলেন চার বছর, বা, চার ঘন্টার জন্য। তিনি এতটা বৃদ্ধ ছিলেন যা তারা তাকে আঁকড়ে ধরে এবং পুলপিটে তাকে স্থাপন করতে হয়। আর এখানে তার শেষ শব্দ ছিল। তিনি বলেন, “মেথডিস্ট গির্জার কর্মে আমি খুব আতঙ্কিত।” তিনি বলেন, “এমনকি মেথডিস্ট গির্জার কন্যারা তাদের আঙুলে সোনার আংটি পরিধান করে।” তিনি এখন কি বলবেন, ছোটো অর্ধ নগ্ন বস্ত্র পরে তারা গায়কদলের মধ্যে গান গাইছে?

256 আপনারা ভাল শুরু করেছিলেন। তারপর কি ঘটেছিল? আপনারা আপনাদের মায়ের মত আচরণ করছেন। এটা একেবারে ঠিক।

257 এ কারণেই আমরা কোন নামধারী গির্জা চাই না যেগুলো এই চারপাশে ঝুলে রয়েছে:যেখানে এরকম চিরকুট লেগে যায় যে

"আমরা মেথডিস্ট। আমারা ব্যাপ্টিস্ট।" আমরা কেবল খ্রীষ্টের। এটাকে এভাবে রেখে দিন, আর স্বাধীন হয়ে যান।

258 এখন, সর্পের বংশকে দেখুন? ওরকম এক মহিলা কি ধরনের সর্বনাশকে নিয়ে আসে? ওটা কি করবে? কি হয়েছে? সর্বদা পতন হয়ে যাচ্ছে। তারা ব্যাপটিস্টকে ধাক্কা দিয়ে পিছনে ঠেলে দিয়েছে, তারা মেথডিস্টকে ধাক্কা দিয়ে পিছনে ঠেলে দিয়েছে, তারা প্রেসবিটারিয়ানকে ধাক্কা দিয়ে পেছনে ঠেলে দিয়েছে। তারা কি করছে? তারা সব ঠিক পিছনে গিয়ে, তাদের মায়ের মত আচরণ করেছে, সেই পুরোনো বেশ্যা। সেখানে তারা সবাই একই পতিতাবৃত্তি করে চলেছে। "আচ্ছা, এটি কোন পার্থক্য করে না। তারা নিমজ্জিত হয়েছে। তাদের ওপর জল ছেটানো হয়েছে। তারা, তারা এসেছে, স্বীকারোক্তি করেছে। তারা তাদের ছয় মাসের নিষেধাজ্ঞা গ্রহণ করেছে; তারা সেই সময়ে খুব বেশী সুরা পান করেনি, এরকম আরও কিছু। তারা ভাল সদস্যদের তৈরি করেছে। তারা ভাল দানশীল..." ওহ, আমার! সেগুলোর সাথে আত্মার ফলগুলোর কোন সম্পর্কই নেই।

259 আত্মার ফল হল "বিশ্বাস," এটা বিশ্বাস করা যে, যীশু খ্রীষ্ট কাল, আজ এবং চিরকালের জন্য একই আছেন; ভাইদের জন্য "প্রেম"; "আনন্দ, শান্তি, দীর্ঘসহিষ্ণুতা, মাধুর্য, মঙ্গলভাব, বিশ্বস্ততা, মৃদুতা, ইন্দ্রিয়দমন।" এই জিনিসগুলি হল, আত্মার ফল।

260 আর আমরা একজন মানুষকে গ্রহণ করি, "আচ্ছা, তিনি—তিনি আশপাশে একটা ভাল জীবন যাপন করে থাকেন।" এষৌ তাই করেছিল।

261 এষৌ কখনও কারো কোন ক্ষতি করেনি, এবং এষৌ শয়তান থেকে ছিল; কিন্তু যাকোব, একই গর্ভ হতে, ঈশ্বরের থেকে ছিল। শয়তানের বীজ; মহিলার বীজ, ঈশ্বরের বীজ আসে এর মধ্য দিয়ে।

262 এখন, আপনারা দেখুন, এটা নীচে আসতে আসতে এতটা পতিত হয়ে গিয়েছে যে, আজকের পৃথিবীতে আর কি বাকি আছে? আমি বাস্তবে এই কথাটিকে শক্ত ভাষায় বলতে যাচ্ছি, এটিকে নিচে গেথে দিতে চলেছি, তারপর আমরা পরের সভায়, উদ্দীপনার কথা শুরু করব। এটিকে একটি আকারে আসতে হবে। আর, দয়া করে এমন ভাববেন না, আমি অপবিত্রকরভাবে এই কথাগুলো বলছি না। আমি এটা খারাপ অর্থে বলছি না। এটি একটি এমন স্থানে আসতে হবে, যেখানে, অবৈধ ধর্মীয় গোষ্ঠীগুলোকে, জারজ সন্তানদেরকে, একটি বড় দলে যোগদান করতে হবে। এটাই আমার চূড়ান্ত মন্তব্য।

অন্তে এমনই হতে হবে। আপনারা জানেন যে এটা সত্য। এটা এমন এক স্থানে আসবে যেখানে তারা কেবল নামধারী গির্জার সাথে যুক্ত থাকা, গির্জার সদস্য হয়ে থাকা, "ভক্তির বেশধারী কিন্তু তাঁর শক্তির অস্বীকারকারী," হয়ে যতক্ষণ না এটা একটি ধর্মীয়, জারজ সন্তানদের একটি দল হয়ে ওঠে। এটা ঠিক এরকমই হবে।

263 এরপর কি বাকি আছে? এখানে রকেট তাক করে ঝুলছে, অনেক রকেট, কোবল্ট বোমা এবং অন্য সবকিছু তৈরি আছে। তারা শুধু সেই সময়ের জন্য অপেক্ষা করছে। এখন সেখানে আগুন দ্বারা সব ধ্বংস করা হবে, যেমন তখন জল দ্বারা হয়েছিল।

264 আর বন্ধুগণ, আপনারা যাই করুন না কেন, যদি আপনি খ্রীষ্টান হন এবং আপনার হৃদয়ে ঈশ্বর আছেন, এবং আপনি জানেন যে আপনি মৃত্যু থেকে জীবন পর্যন্ত পার হয়ে গেছেন, তবে আপনাকে নিজেকে বিশ্বের সবথেকে সুখী মনে করতে হবে।

265 যখন আপনার মধ্যে পবিত্র আত্মা...যখন বাইবেল বলে, "যীশু খ্রীষ্ট কাল, আজ, এবং চিরকাল একই আছেন।" নামধারী সংস্থারা বলে, "কিন্তু আমরা বিশ্বাস করি যে অলৌকিক ঘটনাগুলির কাল অতিক্রম হয়ে গিয়েছে।" পবিত্র আত্মা বলেন, "আমেন, যীশু খ্রীষ্ট কাল, আজ এবং চিরতরে একই আছেন। এটা এরকমই হোক।"

266 বাইবেল যদি বলেছে, "মন ফিরাও, এবং তোমরা প্রত্যেক জন পাপের ক্ষমা লাভের জন্য যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজ হও, তবে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে। এই প্রতিজ্ঞা তোমাদের এবং তোমাদের সন্তানদের জন্য, পরজাতীয়দের জন্য, দূর দূর হইতে যত লোককে, আমাদের প্রভু ঈশ্বর ডেকে আনবেন—যত লোককে প্রভু আমাদের ঈশ্বর ডাকিয়া আনিবেন।" দেখুন? (এমন নয় যে "যতজনকে মেথডিস্টরা ডেকে আনবে, ব্যাপ্টিস্টরা ডেকে আনবে।" কিন্তু, "যতজনকে প্রভু আমাদের ঈশ্বর ডেকে আনবেন, তারা এই পবিত্র আত্মাকে প্রাপ্ত হবে, এবং যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নিবে।" এটিই যা বাইবেল বলেছে।): যখন সেটা আপনাকে আঘাত করে, আপনি বলেন, "আমেন!"

267 নামধারী গির্জা বলে, "ওহ, এতে কোনও পার্থক্য হয় না।"

268 কিন্তু আপনার মধ্যে এই পবিত্র আত্মা তার বাক্যের প্রতি "আমেন" বলবে।

269 "মনুষ্য কেবল রুটীতে বাচিবে না, কিন্তু ঈশ্বরের মুখ নির্গত প্রত্যেক বাক্য দ্বারা বাচিবে।" আপনি সেখানে আছেন।

270 আমি চাই যে আপনি আমাকে ধর্মশাস্ত্রের একটি পদ দেখিয়ে দিন যেখানে এটি কখনো বলা আছে যে এখন যা কিছু ঘটছে তা একটি আপেল দিয়ে শুরু হয়েছিল। আমি চাই আপনি আমাকে দেখান যে তারা আপেল খেয়েছিল। আমি আপনাদের দেখিয়েছি যে কোথায় কয়িনও একই জিনিস চিন্তা করতো, এবং কোথায় তার বীজ এখনও একই জিনিস মনে করে।

271 কিন্তু বাইবেলের দ্বারা ঈশ্বরের আধ্যাত্মিক প্রকাশ আজ প্রমাণ করে, যে এটি পুরুষ এবং মহিলা মধ্যে যৌন সম্পর্ক ছিল, অবৈধভাবে। সেখান থেকেই আপনাদের দৈত্যরা আসে। সেখান থেকেই পাপ এসেছিল, সেখান থেকেই সমস্ত দুর্নীতি এসেছিল। ওখান থেকেই এটা আজ এখানে নেমে এসেছে।

272 এখন দেখুন এই সবকিছুতে এটা—এটা, দেখুন, সর্পটি—সর্পটি দ্বিগুন ধূর্ত ছিল। তার বংশও সবসময় দ্বিগুন ধূর্ত হয়ে এসেছে। আর আমি এই পুলপিটের ওপর আরোহণ করব এবং আমার হাতে এই মাইক্রোফোনটিকে ধরব, এবং পুলপিটের উপর আমার পা রাখব, এবং এইটি বলব। আর, আজ, আপনাদের মহান বুদ্ধিজীবীরা কোথায় ? আপনাদের পাদ্রি যিনি সেখানে গিয়ে অনেক জ্ঞান প্রাপ্ত করেছেন আর তিনি সেখানে দাঁড়ান; তিনি দেশের বড় বড় গির্জার পাদ্রি আর ওরকমই সব কিছু। সর্পের বংশ আজ কোথায় দাঁড়িয়ে আছে ? তারা এরকমই চতুর, বুদ্ধিমান, পন্ডিত ও তাদের পদের মধ্যে আছে। সেখানেই সে আছে। সেখানেই সে থাকে।

273 "শক্তি দ্বারা নয়, পরাক্রম দ্বারা নয়, কিন্তু আমার আত্মার দ্বারা, প্রভু ইহা বলেছেন।" দেখুন ? সেখানেই আপনি...

274 তারপর আপনি একটি ছোট ভাইকে কোনায় দাঁড়িয়ে একটি পুরানো গিটার বাজিয়ে আরাধনা করতে দেখেন, যে চোখ বড় করে চিৎকার করছে, "ভাই, এস, প্রভুকে খুঁজে পাও !"

275 পাদ্রি সেখান দিয়ে যায়, আর বলে, "হু! আমার মণ্ডলীকে এখানে আসতে দেব না...কেন, আমি এরকম ব্যক্তির সাথে সম্বন্ধ রাখবো না, আমার অনুমতি দিব না...আমি চাই না যে লিডি ও জনি আর বাকিরা আমাকে এমন এক স্থানে দেখে।" শয়তানের বংশ, চলতে থাক, তুমি তোমার চিরস্থায়ী গন্তব্যস্থলের দিকে অগ্রসর হয়ে গিয়েছ, যেভাবেই হোক। সেটা ঠিক। আমি সেখানে আরেকটি শব্দ বলতে পারতাম, এবং বলতাম, "অবৈধ সন্তান," এবং এটি ঠিক ওখানেই আছে। কারন, আপনারা দেখুন, আপনি...

276 "কেউ আমার কাছে আসতে পারে না যতক্ষণ না আমার পিতা তাকে আকর্ষণ করে। আর যারা আমার কাছে আসে, আমি শেষ দিনে তাদের উত্থাপন করব। কেউই হারিয়ে যাবে না। আমি তা পেয়ে গিয়েছি। আমি এটি ধরে রাখব। এইটি ছাড়া কোন মানুষই তা করতে পারে না।"

277 তার মধ্যে সব কিছু আছে। আপনি বলতে পারেন না যে, "এই একটি জিনিস আমি করেছি।" এটি ঈশ্বরের করুণা যা এ সবকিছু করেছে। সুতরাং, আমি কিছুই করি নি। আমার কাছে করার মত কিছুই ছিল না; আপনার কাছেও করার মত কিছুই ছিল না। আপনি একটি জিনিসও নিজে করেছেন বলে কখনও দাবি করতে পারেন না। ঈশ্বর এর প্রতিটা অংশ করেছেন। এটার একটি অংশ করার জন্য আপনার একটি আঙুলও চলে নি। আপনি বলেন নি, "আচ্ছা, আমি একটি ভাল পরিবার থেকে এসেছি। আমি *এটা* করেছি।" এর সাথে এটির কোন সম্পর্কই নেই। ঈশ্বরই তা করেছেন; সবই ঈশ্বরের করুণা।

278 আমি এখন দুঃখিত, এখন মোটামুটি এগারোটা বাজে, কিন্তু আমি বন্ধ করতে চলছি, যাই হোক। দেখুন?

279 কতজন বুঝতে পারেন যে বাইবেল এই বিষয়গুলির ব্যাপারে বলে যে সেগুলো সব সত্য? আপনারা ব্রানহাম টেবারনেকালের লোকেরা, বিশেষ করে। এখন, এটা কেবল আমরা যা শেখাই এবং বিশ্বাস করি তার প্রায় ষোল ভাগের একভাগমাত্র। কিন্তু, মনে রাখবেন, যারা এই আরাধনালয়ের সদস্য নন এবং যারা বাইরের থেকে এসেছেন, আপনাদের বলছি, যারা এখানে একটি সদস্য হিসাবে এখানে আসেন নি। যেভাবে আমরা এটি বিশ্বাস করি তা এরকম, *এইটি* হল বাইবেল, এবং বাইবেল হল ঈশ্বরের সত্য।

280 আমরা বিশ্বাস করি যে, পুরাতন নিয়মে, এখন, তাদের কাছে কোনটি সত্য এবং কোনটি সত্য নয় তা জানার জন্য একটি উপায় ছিল।

281 এখন, আমরা সবাই জানি যে তাদের কাছে লিখিত ব্যাবস্থা ছিল। কত জন সেটা জানেন? সেই ব্যাবস্থা, সেই—সেই আজ্ঞাগুলো নিয়মসিন্দুকে থাকত, এবং এরকমই সব থাকত; ঠিক আছে, আর আজ্ঞাগুলোর মধ্যে ব্যাবস্থা থাকতো। ব্যাবস্থা বলত, "তুমি ব্যভিচার করবে না। যে কেউ ব্যভিচার করে, তাকে পাথর ছুঁড়ে হত্যা করা হবে।" দেখুন? এটা সেই—সেই আজ্ঞা ছিল, আর আজ্ঞার মধ্যে ব্যাবস্থা ছিল। এখন, নিয়ম সিন্দুকটি *এই* ভাবে রাখা থাকত; সেখানে নীচে আজ্ঞাগুলো থাকত, এবং আজ্ঞাগুলির

ব্যবস্থা সিন্দুকের পাশে পকেটে রাখা থাকতো। যদি কোন মানুষ এখানে নেমে আসে, যদি সে ব্যভিচার করে থাকে; সে এখানে পৌঁছয় এবং ব্যাবস্থা বলে, "তাকে পাথর মার।" তারা ঠিক তাকে বাইরে নিয়ে যেত আর তাকে পাথর ছুড়ে মারত। সেটাই ছিল ব্যাবস্থা সেই আজ্ঞার উপর।

282 এখন তাদের আরও দুটি উপায় ছিল জানবার জন্য। একটি নিশ্চিতকরণের জন্য সবসময় তিনটি উপায় থাকে। তাদের জানবার আরও একটি উপায় ছিল, সেটা ছিল হয় একজন ভাববাদী অথবা একজন স্বপ্নদর্শক দ্বারা। কতজন তা জানেন ? "যদি তোমাদের মধ্যে এমন কেউ থাকে যে আধ্যাত্মিক বা ভাববাদী হয় তবে আমি প্রভু স্বপ্নে তাঁর কাছে প্রকাশ করব এবং তাঁর সঙ্গে স্বপ্নে কথা বলব।" এটা ঠিক। এখন, তিনি ভাববাদী হতেন।

283 এখন, যদি কেউ কাছে আসেন, বলেন, "ওহ, হাল্লেলুইয়া, আমি এটা পেয়েছি! আমি এখন প্রভুর নামে ভবিষ্যদ্বাণী করছি। আমি আত্মিক প্রকাশ পেয়েছি।" তারা ঐ ভাবে সেটাকে যেতে দিত না, যেমন আপনারা করে থাকেন। তারা ঈশ্বরের দ্বারা, সেটা প্রথমে পরীক্ষা করত।

284 এখন, হারুনের বক্ষাবরণে তাদের উরীম ও তুম্মীম নামে এক জিনিস থাকত। কতজন এই শব্দটি আগে শুনেছেন ? এটা কি ছিল ? বারোজন পিতৃপুরুষদের বারোটি পাথর, উভয়দিকে ছয় ছয়টি করে ছিল; জেস্পার, যিহূদা, এবং আরও এসব কিছু। তারপর তারা এই ভাববাদীকে অথবা স্বপ্নদর্শককে নিত, আর তারা এই বক্ষাবরনটি উপরে ঝোলাত, এবং সেখানে তাকে দাড় করাত। তারা বলত, "এখন ভবিষ্যদ্বাণী করুন এবং ভবিষ্যদ্বাণীটি বলুন।"

"প্রভু আমার সঙ্গে কথা বললেন এবং অমুক—অমুক নির্দিষ্ট কিছু কথা বললেন।"

285 কোন ব্যাপার না যে এটা কতটা বাস্তবিক মনে হয়, এটি ঠিক পুরোপুরি সত্যের মত শুনতেও লাগতে পারে; কিন্তু যদি সেই আলোগুলো একসঙ্গে না আসে এবং সেখানে একটি মেঘধনুর রঙ তৈরি না করে, সেই উরীম ও তুম্মীমে, তাদের একসঙ্গে মিলিত আলো, অতিপ্রাকৃতিক কাজ, নিশ্চিতকরণ দিত। দেখুন, ঈশ্বর সর্বদা তাঁর বাক্যকে নিশ্চিত করেছেন। বুঝলেন ? আর সেই অতিপ্রাকৃতিক আলোটি সেখানে জ্বলজ্বল করে না ওঠে, তাহলে আমি পরোয়া করি না যে সেটা যতটা বাস্তবিক মনে হোক না কেন, এটা ভুল ছিল।

286 যদি একজন স্বপ্নদর্শী বলতেন, "আমি একটি স্বপ্ন দেখেছি, এবং এই স্বপ্নটি বলেছে যে, 'ইস্রায়েলকে একটি নির্দিষ্ট জায়গায় যেতে, কারণ সুরীয়রা *এই* পাশে এসে ঘেরাও করতে চলেছে।" সেই স্বপ্নদর্শককে তারা সেখানে নিচে নিয়ে যেত; তিনি তার স্বপ্নটি বলতেন। যদি সেই আলোগুলো সেখানে ঝলসে না উঠত, তবে সে ভুল ছিল, কোন ব্যাপার না সেটি কতটা...যদি সুরীয়রা ইতিমধ্যেই যুদ্ধের জন্য অদুরেই বসে থাকত, তবুও সে ভুল ছিল। না মহাশয়। তারা একেবারে, এটাকে উরীম ও তুম্মীমের দ্বারা প্রমাণিত হতে হত।

287 এখন প্রত্যেকেই জানে যে পুরোনো যাজকত্বটি চলে গিয়েছে, তা দূর হয়ে গিয়েছে এবং ঊরীম ও তুম্মীমও তার সাথে চলে গিয়েছে। আমরা তা জানি, তাই নয় কি? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।]

288 আর নতুন যাজকত্ব চলে এসেছিল। কি? আজ কি আমাদের কাছে উরীম ও তুম্মীম আছে? হ্যাঁ মহাশয়। ঈশ্বরের বাক্য! হ্যাঁ মহাশয়। *এই* হল.সেটা। যদি কোন ব্যক্তি কোন ধরনের আত্মিক প্রকাশ পায়, বা কিছু বলে, বা কোন মতবাদ পায় যা বাইবেল অনুযায়ী নয়...এবং এই বাইবেলের সঙ্গে সহমত না হয়, সমগ্র বাইবেল জুড়ে, তবে তিনি ভুল। আমি পরোয়া করি না তিনি কোন সংস্থা হতে, তিনি কত ভাল, তিনি কত বুদ্ধিমান, তিনি কতটা শিক্ষিত; তিনি ভুল আছেন।

289 আর যখন কোন মানুষ আপনাকে এই সমস্ত বিষয় বলে, যা আমরা এখন এখানে শিখিয়েছি, আর আপনাকে বলে, যে, "যদি আপনার জল ছিটিয়ে বাপ্তিস্ম হয়, তাতে কিছু আসে যায় না," তবে তিনি আপনাকে মিথ্যা বলেছেন। সেই কথাটির সাথে উরীম ও তুম্মীমে কোন ঝলকানি পড়বে না। যখন তিনি আপনাকে বলেন যে, "জল ঢেলে বাপ্তিস্মে কিছু আসে যায় না" তবে সেই ব্যক্তি আপনাকে মিথ্যা বলেছেন। সে যদি আপনাকে বলে, "'পিতা, পুত্র পবিত্র আত্মার' নামে বাপ্তিস্ম নেওয়া ঠিক আছে।" সে আপনাকে মিথ্যা বলেছে। যদি সে আপনাকে বলে, "অলৌকিক কাজের দিন গত হয়ে গিয়েছে," সে আপনাকে মিথ্যা বলেছে। যদি সে আপনাকে বলে, "মহিলারা প্রচার কাজ করলে সেটাতে কিছু হয় না" সে আপনাকে মিথ্যা বলেছে। যদি সে আপনাকে বলে, "আপনার জন্য এটা ঠিক যে আপনি এগিয়ে যান এবং সংস্থার সাথে জুড়ে থাকুন," সে আপনাকে মিথ্যা বলেছে। সেই কথাগুলির সাথে উরীম ও তুম্মীমে কোন ঝলকানি পড়বে না। আর ডজন ডজন এরকম বিষয় যা বেরিয়ে এসেছে, সেই পুরাতন "**জননী বেশ্যা**"-র মধ্যে থেকে,

তা এই গির্জাগুলোর মধ্যে প্রবেশ করে ফেলেছে, আর এই জন্যই আমরা সংস্থা থেকে দূরে থাকি।

290 আমরা সেই সংস্থাগত নামধারী গির্জার সেই ভাই বোনদেরকে প্রেম করি। কিন্তু আপনি আমার কাছে এসে এটা বলবেন না যে "আমি একজন মেথডিস্ট," যার ফলে আমি একজন খ্রীষ্টান হয়েছি। আপনি এইজন্য খ্রীষ্টান হতে পেরেছেন কারন আপনি ঈশ্বরের আত্মা দ্বারা জন্মপ্রাপ্ত হয়েছেন। আপনাকে মেথডিস্ট বা ব্যাপ্টিস্ট হওয়ার প্রয়োজন নেই। দুটোর মধ্যে একটিও হওয়ার প্রয়োজন নেই। আপনাকে কেবল ঈশ্বরের আত্মা দ্বারা জন্ম নেওয়া প্রয়োজন। আপনি কি এতে বিশ্বাস করেন? [মণ্ডলী বলে, "আমেন"—সম্পা।]

291 এই তথ্য এবং আধারের ভিত্তিতে যদি কেউ চায় যে সে আমাদের এই প্রার্থনা সভাতে সহভাগিতা এবং সহযোগিতা করতে পারে, যদি সে চায়—যদি সে চায় যে যীশু খ্রীষ্টের নামে জলে ডুবে বাপ্তিস্ম নিবে, তবে এখানে জল প্রস্তুত আছে। তারা কেবল কিছু মিনিটের মধ্যে, বাপ্তিস্ম দিতে চলেছে।

292 যদি এখানে কেউ আছেন, অনেকেই আছেন, যদি কেউ এখানে আসতে চান, অন্য যে কোন ভাবে হোক? আমরা এখানে আপনাদের জন্য আছি। ওটা সত্য।

293 এখন আমাদের—আমাদের কাছে এখানে কোন সদস্যতার ব্যাপার নেই; আপনি কেবল এইখানে এই মন্ডলীতে আসতে পারেন। আমরা বিশ্বাস করি যে খ্রীষ্ট মেথডিস্ট, ব্যাপ্টিস্ট, প্রেসবেটারিয়ান গির্জাগুলোতে আছেন। সব গির্জাতেই তাঁর সন্তানরা আছে। সেখানে আজ, কেবল এইটিরই অভাব আছে; যে মিথ্যা ভাব্বানীগুলো, সেগুলো সমস্ত খারাপ বিষয়কে নিয়ে আসছে, নামধারী গির্জাগুলোর শিক্ষা সম্পূর্ণরূপে বাইবেলের শিক্ষার বিরুদ্ধ।

294 এখন, যদি কেউ আমার কাছে সেই বিষয়টি এরকম সরলভাবে রাখে, আমি নিশ্চিতভাবেই নিজেকে...আমি বিশ্বাস করি আমার মধ্যে যথেষ্ট ঈশ্বরের আত্মা আছে যে, আমি বাইবেলে খুজতে পারি এবং ভুল থাকলে সেটাকে শুধরে নিতে পারি। যদি আমি সেখানে হেঁটে যাই আর সেই প্রচারকদের সাথে হাত মেলাই, আর আমার নাম সদস্যতা পুস্তকে লেখাই, আর তারপরেও আমার হৃদয়ে ঘৃনা আর দ্বেষ ভরা থাকে, আর এখনও হিংসা ও বিবাদ ভরা থাকে, আর এখনও যদি যীশু খ্রীষ্টকে মহান আরগ্যদাতা রূপে বিশ্বাস না

করি, আর ঐ ধরনের বিষয় থাকে, আমি যাব আর আগে ঈশ্বরের সাথে সব ঠিক করে নিব, যত তারাতারি সম্ভব। আমি নিশ্চিতভাবেই বিশ্বাস করি আমি তা করবো। আমি—আমি এই বিষয়ে এতটা সৎ নিশ্চয়ই হব। আমি ঈশ্বরের সাথে আমার সম্পর্ক ঠিক করে নেব। আমি যদি কেবল একজন ব্যাপ্টিস্ট বা একজন মেথডিস্ট বলে ঝুলে থাকি, তবে আমি নীচে যাব এবং খ্রীষ্টানতাকে আমার হৃদয়ে নেব। আমি এটা করবো। হ্যাঁ মহাশয়।

295 এখন আগামী উদ্দীপনা সভার কথা মনে রাখবেন, যা শুরু হবে, প্রভু চাইলে, আগামী বুধবার রাত থেকে। এটা এই ভিত্তিগুলোর ওপর নির্ভর করে করা হবে।

296 বন্ধুগন, শুনুন, এক সত্য ও জীবন্ত ঈশ্বর আছেন। ওটা ঠিক। যীশু খ্রীষ্ট হলেন ঈশ্বরের পুত্র। পবিত্র আত্মা আজ মণ্ডলীর ভেতর আছেন।

297 এখন, যদি আমার কাছে অন্য কেউ এই কথাগুলো বলতো, তাহলে আমার কাছে সন্দেহ করার অধিকার থাকতো। কিন্তু শুনুন। একদিন যখন, আমি একটি বালক ছিলাম, আমি একটি গাছের নীচে দাড়িয়েছিলাম; আমি তাকে দেখেছি। আমি তাকে শুনেছি। তিনি আমায় বলেছিলেন, বললেন, "সেই খারাপ মহিলাদের থেকে দূরে থেকো, ধূমপান থেকে দূরে থেকো, অভিশাপ দেওয়া, সুরা পান করা এবং সমস্ত খারাপ জিনিস থেকে দূরে থেকো। যখন তুমি বড় হয়ে যাবে তখন তোমার জন্য আমার কাছে একটা কাজ আছে।" আমি জানি যে তিনি হলেন বাস্তবিক, জীবিত ঈশ্বর যিনি তাঁর বাক্যকে ধরে রাখেনএবং সম্পন্ন করেন।

298 যখন আমি একটু বড় হলাম, তখন তিনি কিভাবে আমার সাথে সাক্ষাৎ করলেন, আমার সাথে কথা বললেন! কিভাবে আমি তাকে সেখানে দেখলাম, এক জলন্ত ঝোপের মত, আর সেই আগুনের স্তম্ভ সেখানে চারদিকে ঘুরছিল! কিভাবে আমি তাকে কিছু বলতে দেখেছি এবং বলতেন যে কি ঘটিত হবে; আর, প্রত্যেকবার, তাঁর বাক্য যতটা সিদ্ধরূপে হতে পারে, ঠিক ততটাই সম্পূর্ণরুপে সত্য হত।

299 সেই ব্যক্তিই যিনি আমাকে সমস্ত বিষয়গুলো সত্যরুপে আমার কাছে প্রকাশ করেন, তিনিই সেই ব্যক্তি যিনি আমাকে এই বাইবেলটি এইভাবে শিক্ষা দেবার জন্য প্রেরনা দেন। ওটা ঠিক। সুতরাং, এটা ঈশ্বর থেকে আসে। আমার জন্য, ইনি হলেন সর্বশক্তিমান ঈশ্বর, আর তিনি আজ, কাল, ও যুগে যুগে একই আছেন।

300 যীশু বলেছেন, "আমি পিতা থেকে বাহির হইয়া আসিয়াছি, আর পিতায় ফিরিয়া যাইতেছি।" যখন তিনি এসেছিলেন...

301 যখন তিনি প্রান্তরে ঈশ্বর ছিলেন, তিনি জ্বলন্ত অগ্নি ছিলেন। আর কত জন তা জানেন? [মণ্ডলী বলে, "আমেন"—সম্পা।] তিনি ছিলেন এক জ্বলন্ত আলো, অগ্নি স্তম্ভ।

302 আর তিনি এই পৃথিবীতে নেমে এলেন আর বললেন, "আমি পিতা হইতে বাহির হইয়া আসিয়াছি, আর আমি যাই...আমি ঈশ্বর থেকে এসেছি, আর ঈশ্বরের কাছে ফিরে যাচ্ছি।"

303 যখন তিনি মারা গেলেন, কবরপ্রাপ্ত হলেন, পুনরুত্থিত হলেন, আর পৌল দম্মেশকের রাস্তায় তাঁর সাথে আবার সাক্ষাৎ করলেন, তখন তিনি কি ছিলেন? [কেউ বললেন, "একটি অগ্নি স্তম্ভ"—সম্পা] এখনও একটি অগ্নি স্তম্ভ। হ্যাঁ, মহাশয়।

304 তিনি যখন পৃথিবীতে ছিলেন তিনি কি করেছিলেন? তিনি যখন পৌলের সাথে সাক্ষাৎ করেছিলেন তখন তিনি কি করেছিলেন? কিভাবে তিনি তাকে পাঠিয়েছিলেন? তিনি তাকে একজন ভাববাদীর কাছে পাঠিয়েছিলেন যিনি তাকে বলেছিলেন যে কিভাবে বাপ্তিস্ম নিতে হবে, তাকে বলেছিলেন যে কি করতে হব? তাঁর হাত তাঁর ওপর রেখেছিলেন এবং তাকে সুস্থ করেছিলেন, তাকে বলেছিলেন যে তিনি একটি দর্শন দেখেছিলেন।

305 সেই একই যীশু আজ এখানে উপস্থিত আছেন, সেই একই কাজগুলো করছেন, আর আজও সেই একই অগ্নি স্তম্ভ আছেন, একই জিনিস শিক্ষা দিচ্ছেন, এবং তাঁর বাক্য দিয়ে, এবং চিহ্ন এবং অদ্ভুত কাজের দ্বারা সেটাকে নিশ্চিত করছেন। আমি একজন খ্রীষ্টান হতে পেরে খুব খুশি, আমি জানি না কি করতে হবে। আমি আনন্দিত যে আপনি একজন খ্রীষ্টান।

306 আর আপনারা, যারা এই ভজনালয়ে আছেন, আমি আপনাদেরকে বলেছিলাম যে আমরা এটির নাম পরিবর্তন করতে চলেছি। এটা ব্রানহাম টেবারনেকাল নাম হওয়া সঠিক নয়। সেটা কেবল একজন মানুষের নাম, দেখুন। আমরা এটার নাম পরিবর্তন করতে চলেছি, এটার কোন অন্য নাম রাখবো। কিছু সময়ের পর, আমরা ঐ বিষয়ে আসবো। আমি কেবল চাই এটা হোক একটি—একটি জীবন্ত ঈশ্বরের মণ্ডলী। আমি চাইনা এটা মেথডিস্ট, ব্যাপ্টিস্ট, প্রেসবিটারিয়ান, পেন্টিকোস্টাল হোক। আমি...

307 সেই সমস্ত লোকেদেরকে, আমি আমার সমস্ত হৃদয় দিয়ে ভালোবাসি। আমি জানিনা কে কোনটাতে আছে। আমি

আপনাদেরকে বলতে পারবো না। আমায় কেবল বাক্য প্রচার করতে হবে। আমি জাল ফেলি আর সেটাকে টেনে তুলি। সেখানে ব্যাঙ আছে, আর সেখানে জলজ মাকড়সা আছে, সেখানে সাপ আছে, আর সেখানে কিছু মাছও রয়েছে। সেটার সিদ্ধান্ত নেওয়ার ভার ঈশ্বরের। আমি তো কেবল জাল টানি, কেবল বাক্য প্রচার করি আর সেটাকে ভেতরে টানি, আর বলি, "প্রভু, তারা এখানে, সমস্ত বেদির চারপাশে আছে। আপনি আপনার নিজের মেষদেরকে জানেন; আপনি তাদের পৃথিবী সৃষ্টির পূর্ব থেকে জানেন। আমি জানি না কোনটা আপনার, কিন্তু আপনি জনেন, তাই এটা আপনার কাছে সমর্পণ করি, প্রভু। এটাই সবথেকে উত্তম কাজ যা আমি জানি। আমি এখান থেকে যাব এবং এখন অন্য কোথাও এই জালটি ফেলব, আর আরও একটি ঝাঁককে আপনার কাছে ধরে আনব। আমি কেবল এটাই করতে পারি।" ঠিক আছে।

ওহ, আমি অনুভব করি যেন এই যাত্রায় চলছি,
আমি অনুভব করি যেন এই যাত্রায় চলছি
আমার স্বর্গীয় ঘর হল উজ্জ্বল এবং পরিষ্কার
আর আমি অনুভব করি যেন এই যাত্রায় চলছি

308 এখন মনে রাখবেন, যদি কেউ সাক্ষাৎ করতে চান, তবে শ্রীমান মারসিয়ারের সাথে যোগাযোগ করবেনঃ BUtler 2-1519 [টেলিফোন নাম্বারটি পরিবর্তন হয়ে গিয়েছে।—সম্পা] আমরা আপনাদের সাথে দেখা করে আনন্দিত হব। যদি আপনাদের প্রিয়জনেরা আসতে চান, তাহলে উদ্দীপনা সভা চলাকালীন তারাতারি করতে হবে...এখন আমি যাচ্ছি, আজ রাতের থেকে, যেন আমি নিজের মধ্যে থাকতে পারি, আমি দুদিনের জন্য উপলব্ধ থাকবো না, আমার নিজের জন্য একটু সময় চাই।

309 আমি কেবল সেখানে একাকি গিয়ে অধ্যয়ন করবো, এটি এরকম হবে, "প্রভু, তুমি আমার নিকটে আছ। আমি জানি তুমি এখানে আছ। আর তোমার বাক্য বলেছে যারা তোমার কাছে আসে, তুমি তাদের কাছে আসবে।" আমি প্রার্থনা করতে থাকি এবং অপেক্ষা করতে থাকি যতক্ষণ না আমি অগ্নিস্তম্ভকে চলাফেরা করা শুরু করতে দেখি। আমি জানি যে এটা তখন প্রস্তুত। আর তারপর আমি মঞ্চে আসতে পারি এবং আরোগ্যসভার জন্য, প্রার্থনা করতে পারি, এবং আমি যা করতে পারি অসুস্থ এবং পীড়িতদের সাহায্য করবার জন্য তা করি।

310 আমরা আপনাদের সমস্ত উদারতার জন্য আপনাদের প্রশংসা করি। আর আপনারা যখন আসবেন, বিশ্বাসের সাথে আসবেন,

আর আমরা প্রত্যাশায় আছি যে এক মহান সভা আমরা পেতে চলেছি। আমি বলতে চাই যে...

311 ভাই জেফ্রি, তিনি কি আজ রাতে এখানে আছেন ? আমরা ভাই জেফ্রি এবং তাঁর কাজের প্রশংসা করতে চাই। আমার অনুমান তিনি হয়ত তাঁর দ্বিপে চলে গিয়েছেন এবং ওরকমই কিছু হবে।

312 ভাই এবং বোন রাইটকে দেখে আনন্দ লাগছে, আর আপনাদের অনেককে দেখে আনন্দিত অনুভব করছি।

313 আর আমি অ্যাটরনি রবার্টসনকে এখানে দেখেছি, কিছুক্ষন আগে, কিছুক্ষন আগে এখানে এসেছিলেন। আমি তাকে প্রশংসা করতে চাই অন্য দিন তিনি তাঁর—তাঁর সেই বার্তাটি আনায়ন করার জন্য। কেউ বলেননি তিনি কে ছিলেন। ওটা লজ্জার বিষয়। তাঁর কাছে ভাব্বানির ওপর একটি প্রকৃতই ভালো বার্তা ছিল, অনেকটা সেরকমই যেমনটা আজ রাতে আমি প্রচার করছিলাম।

314 আর, সুতরাং, সেখানে আরও একজন সেবক ছিলেন এখানে এই সকালে, অথবা গতকাল রাতে, ভাই স্মিথ, মেথডিস্ট মণ্ডলী থেকে...অথবা হয়ত চার্চ অফ গড থেকে, ঠিক এখানে। আমি জানি না আজ রাতে তিনি এখানে আছেন কিনা, অথবা নেই। আপনারা যদি কখনও এই পুলপিটে দাড়ান এবং ঐ দিকে ফিরে তাকান, এটা বলা একরকমভাবে খুবই কঠিন; এটা কঠোর, আপনারা দেখুন, আর আপনারা বলতে পারবেন না। আপনি কি এখানে আছেন ভাই স্মিথ। আমরা আপনার তারিফ করি।

315 আর ইনি কি সেই ভাই, যিনি ঠিক এখানে বসে আছেন, জর্জিয়া থেকে আসা এই ছোট ভাইটি, ঠিক পেছনে ওখানে বসে আছেন ভাই কলিন্সের পাশে ? [ভাই নেভিল বলেন, "হ্যাঁ"—সম্পা।] ভাই, আপনাকে আবার আজ রাতে এখানে দেখে খুব ভালো লাগলো।

316 আর আপনাদের বাকি সবাই, আপনাদের সকলে, প্রত্যেকেই জানেন আপনারা কে।

317 আমি বিশ্বাস করি এই হলেন সেই ভাই এবং বোন যারা গিয়েছিলেন এবং ঐ সময়ে সেই মেয়েটির জন্য প্রার্থনা করেছিলেন, ঠিক এখানে, এই দিকে একজন ডাক্তার বসে আছেন। ডাক্তার, প্রভু আপনাকে আশীর্বাদ দিন।

318 এখন, অনুগ্রহ করে আমার ওপর বিঘ্ন হবেন না, আপনারা সেবকেরা এবং ভাইয়েরা, কারন যেভাবে আমি এটাকে এতটা কঠিনভাবে নিয়ে আসি, যতোটা আমি পারি। এটা আমাদের ভজনালয়। এটি হল সেই শিক্ষা যার ওপর আমরা দাঁড়িয়ে আছি,

এবং আমরা এটিকে ঠিক সেই বাক্যের ওপর রাখতে চাই এবং তাদেরকে এটা দিয়ে ঝাকিয়ে তুলতে চাই। তারপর, আপনি যদি কখনও রেখার বাইরে চলে যান, আমরা ফিরে এসে বলতে চলেছি, "তুমি এটা ভালো মতই জানতে। কারন এটা এখানে টেপের মধ্যে আছে।" বুঝলেন? এটাই হল সেই বিষয়। "এটা টেপের মধ্যে আছে।"

319 লিও, এখন আমাদের কাছে আরও অনেক কিছু আছে যা সেখানে গিয়ে পাওয়া যেতে পারে। কিন্তু, কিন্তু আমরা ...আপনারা সেই পরিমানে পেয়েছেন। আপনারা ওটার সাথেই স্থির থাকুন, আর আমরা এঁর বাকি ভাগটা কিছু সময় পরে পেয়ে যাব। যেমন সেই ব্যক্তিটি, তরমুজ খাচ্ছিলেন, বললেন, "সেটা সত্যিই খুব ভালো ছিল। কিন্তু সেখানে এটির আরও কিছু বাকি ছিল।" তো আমাদের কাছে এটির আরও বাকি আছে, এখনও, যা আসতে চলেছে।

320 ঈশ্বর আপনাদেরকে আশীর্বাদ দিন, প্রকৃতই উত্তম লাগছে এখন। যখন আমরা...কিছুক্ষনের মধ্যেই বাপ্তিস্ম সভা শুরু হতে চলেছে। এটা কি ঠিক ভাই নেভিল? [ভাই নেভিল বলেন, "হ্যাঁ, আমি সেটাই বিশ্বাস করি।"—সম্পা] এখানে কি কেউ বাপ্তিস্ম নেওয়ার জন্য প্রস্তুত? আপনি যেই হন কোন ব্যাপার না। আমরা এখানে বাপ্তিস্ম দিতে চলেছি। আপনাদের হাত ওঠান, যারা বাপ্তিস্ম নিতে চান। কেউ একজন, আমি বিশ্বাস করি ছিল এক...এখানে এক মহিলা আছেন। আর কেউ আছেন কি? এখন, এখানে আমাদের কাছে পুরুষ এবং মহিলা উভয়ের জন্যই কাপড় রাখা আছে।

321 এখন, আমরা বলছি না, "ব্যাপ্টিস্ট গির্জা ছেড়ে দিন। মেথডিস্ট গির্জা ছেড়ে দিন।" আমরা বলি না। আপনারা ঠিক আপনার গির্জায় যান। কিন্তু যদি আপনার শাস্ত্রানুসারে বাপ্তিস্ম নেওয়া না হয়ে থাকে, প্রভু যীশু খ্রীষ্টের নামে...এখন, শুধু "যীশু" নামে নয়। "প্রভু যীশু খ্রিষ্টের" নামে, এটাই শাস্ত্র বলে। তাহলে আপনাদের বাপ্তিস্ম ভুল হয়ে যাবে।

322 আমি যখন জলের সামনে আসি, আমি কোন রকম সমস্যা চাইনা। আমি সব কিছু স্বচ্ছ চাই যতোটা আমি জানি, যখন আমি সেই টিকিট টি ধরে আছি, দেখুন, কারন সেই সময়ে আমি জাহাজের ওপর থাকতে চাই। আমি আপনাদেরকেও সেটাই উপদেশ দিব যে আপনারাও তাই করুন।

323 আপনাদের মন্ডলীতে ফিরে যান। সেটা, আপনাদের এবং ঈশ্বরের মধ্যেকার ব্যাপার। এটাই আমি বলতে পারি।

324 কিন্তু শাস্ত্রে কখনও কাউকেও "প্রভু যীশু খ্রীষ্টের" নামে ছাড়া অন্য কোন নামে বাপ্তিস্ম দেওয়া হয়নি। আর যারা বাপ্তিস্ম নিয়েছিল, তাদেরকে প্রেরিত পৌলের দ্বারা আদেশ দেওয়া হয়েছিল, যিনি বলেছিলেন, "যদি কোন দুত এসে অন্য কিছু প্রচার করে, তবে সে শাপগ্রস্ত হউক।" তাদেরকে আদেশ দিয়েছিলেন যেন তারা আসে আর পুনরায়, আবার, প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নেয়। ওটা ঠিক। আর তিনি এটা করেছিলেন। তিনি যা করেছিলেন তা আমাদেরকেও করতে আদেশ দিয়েছেন; প্রভু চাইলে, আমরা সেটাই করবো।

আমরা পা ধোওয়ানোতে বিশ্বাস করি। আমরা প্রভু ভোজে বিশ্বাস করি।

325 আমরা খ্রীষ্টের দ্বিতীয় আগমনে বিশ্বাস করি, প্রভুর দৃশ্যমান, দৈহিক শরীর; আত্মা নয়, কিন্তু প্রভু যীশুর দৃশ্যমান দেহ যা আবার মহিমায় আসতে চলেছে।

326 আমরা মৃতদের শারীরিক পুনরুত্থানে বিশ্বাস করি, যে সে এক শরীর লাভ করবে, যে পুরাতন এবং কোঁচকান শরীর নিয়ে আমরা কবরে যাই সেরকম নয়; কিন্তু যৌবনে ভরা, এক নতুন শরীর নিয়ে, চিরকাল থাকবার জন্য।

327 আমরা প্রানের চিরস্থায়িত্বে বিশ্বাস করি, পুরোপুরিভাবে। আমরা বিশ্বাস করি অনন্ত জীবনের কেবল একটিই রূপ আছে, আর সেটা হল সেই জীবন যা খ্রীষ্ট যীশু থেকে পাওয়া যায়। একদম ঠিক।

328 সুতরাং আমরা অনন্ত শাস্তিতে বিশ্বাস করি না। আমরা বিশ্বাস করি যে নরকের আগুন আছে, গন্ধকের অগ্নি। কিন্তু আমরা বিশ্বাস করি না যে তা চিরকালের জন্য। যদি তাই হত, তাহলে আপনাকে অনন্ত জীবন প্রয়োজন। আর কেবল একটাই অনন্ত জীবন আছে; যা ঈশ্বর হতে আসে। আর ওটা ঠিক। আপনি কয়েক লক্ষ বছর ধরে, নরকে জ্বলতে পারেন, হয়তো এক কোটি বছর ধরে। আমি জানি না। কিন্তু আপনি অনন্ত জীবন পেতে পারেন না। আপনি চিরকাল ধরে জ্বলতে পারেন না...আপনি চিরকাল জ্বলতে পারেন, কিন্তু অনন্ত কালের জন্য নয়। দেখুন অনন্ত কাল এবং চিরকালের মধ্যে পার্থক্য আছে। *চিরকাল* যার অর্থ "একটা সময়ের অবধি।" কিন্তু অনন্ত, আপনি অনন্ত শাস্তি পেতে পারেন না।

329 আপনার কাছে অনন্ত জীবন আছে, কারন অনন্ত জীবনের কেবল একটিই রূপ আছে। আর যার কাছে অনন্ত জীবন আছে,

সে জীবিত থাকে এবং অনন্তকালের জন্য ইশ্বরের আশীর্বাদের নীচে থাকে।

330 "কিন্তু যে প্রাণ পাপ করে, সেই প্রাণ..." কি হবে? [মণ্ডলী বলে "...মরবে"—সম্পা]। ওটা ঠিক। অর্থাৎ, এর কাছে অনন্ত জীবন থাকতে পারে না। নিশ্চয়ই। এটি—এটি শাস্তি পায়, কিন্তু অনন্ত জীবন নয়।

331 সুতরাং, আপনারা দেখতে পাচ্ছেন, এখনও অনেক কিছু শেখানো বাকি আছে, আমরা পরে এগুলোতে আসব। প্রভু আপনাদের আশীর্বাদ দিন।

332 আসুন এই পুরানো গানটি গাই, যখন আমাদের বোন সেখানে যাচ্ছেন। আমি বিশ্বস করি সেই মহিলা সেখানে...

333 রোসেলা, উনি কি তোমার মাতা? [রসেলা বলে, "হ্যাঁ"—সম্পা] কেন, ঈশ্বর আপনার হৃদয়কে আশীর্বাদ দিন! আপনাকে দেখে ভালো লাগলো, বোন। ওটা খুব ভালো।

334 রোসেলা গ্রিফিন, আমাদের অনেক ভালো ছোট বন্ধুদের মধ্যে একজন। সে একজন যুবতী মহিলা যে একসময় মদকাশক্ত ছিল; এখানে কিছু লোকেরা, তাকে হয়ত চেনেন না। রোসেলা কিছু মনে করবে না যে আমি ঐ কথাটি বলছি। যখন সে সেই মঞ্চে আসে, কোথায়—কোথায়...সেই ইন্ডিয়ানাতে। আপনারা কখনও কোন হতভাগ্য ব্যাক্তিকে দেখেছেন, সে ওরকমই ছিল, একজন মাদকাসক্ত। যেখানে, শিকাগোর চারজন বড় ডাক্তাররা বলেছিল যে সে...বেনামা মদ্যপ, এছাড়াও আরও অনেক কিছু, তাঁর জন্য আর কোন উপায় নেই। কিন্তু এক রাতে যখন সে সভায় আসে, পবিত্র আত্মা তাঁর জীবনকে প্রকাশ করে দেন আর ঠিক সেখানেই তাঁকে সব কিছু বলে দেন। ওটাই সব করে দেয়।

335 তাঁর দিকে এখন তাকান, আমার অনুমান, তিরিসের আশেপাশে তাঁর বয়স হবে, মনে হয় যেন সদ্য আঠেরো পার হয়েছে; সুন্দর, রমণীয় যুবতী মহিলা। আর কখনও মদ্য ছোয় নি; এঁর প্রতি আর কোন ইচ্ছাই তাঁর নেই। খ্রীষ্টের জন্য জীবন যাপন করছে, পথের চারিদিকে গিয়ে, সর্বস্থানে, ঈশ্বরের মহিমার সাক্ষ্য বহন করছে, সমস্ত পাপী এবং মাদকাসক্তদের মাঝে গিয়ে, সমস্ত অলিগলিতে, এবং সব জায়গায়, শিকাগোর বিভিন্ন প্রান্তে গিয়ে, প্রভুর জন্য কিছু করে চলেছে।

336 সে যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম গ্রহন করেছে, আর তাঁর মাতাও আজ রাতে সেটা গ্রহন করতে চলেছেন; যদি ঈশ্বর তাকে সুস্থ করতে

পারেন, যদি যীশু তাকে সুস্থ করতে পারেন...“বাক্যে অথবা কাজে যাই কর, তা কর...” [মণ্ডলী বলে, “যীশু খ্রীষ্টের নামে”—সম্পা]। বাইবেল তাই বলেছে। ওটা ঠিক।

337 ঠিক আছে, আমরা এখন বাপ্তিস্ম সভা নিতে চলেছি। আমরা কিছুক্ষনের মধ্যে আলোগুলো বাইরে জালিয়ে দেব, যখন আমরা সেই বাপ্তিস্ম সভার জন্য প্রস্তত হচ্ছি, আর—আর আমরা প্রভুতে এক ভালো সময়ের প্রত্যাশা করছি।

338 আর আপনি কি বাপ্তিস্ম সভা পরিচালনা করতে যাচ্ছেন? ঠিক আছে, আপনারা—আপনারা তৈরি হয়ে যান। আর আমি শুরু করবো, আমি গানে নেতৃত্ব দেব যখন আমরা সামনে এগিয়ে যাই। যখন তারা তৈরি করছে... [ভাই নেভিল বলেন, “ডক, সেখানে পেছনে কি কোন কাপড় আছে?”—সম্পা] বাপ্তিস্মের কাপড়, ডক, তাড়াতাড়ি। ঠিক আছে।

339 আসুন আমরা এই পুরনো গানটি গাই... [ভাই ব্রানহাম মণ্ডলীকে গানে নেতৃত্ব দেন, যখন ভাই নেভিল বোনটিকে বাপ্তিস্ম দেন—সম্পা]।

340 [টেপে রিক্ত স্থান—সম্পা]। আর যতক্ষন আমরা তা করি, যাওয়ার আগে, আমাদের অবশ্যই কি করতে হবে?

যীশুর নাম আমাদের সাথে নিয়ে,
তাঁর চরনে পরে যাই,
স্বর্গের রাজাদের রাজা, আমরা তাকে রাজকিরিট
  পরাই,
যখন আমাদের এখানকার যাত্রা শেষ হয়।

ঠিক আছে। এবার দাঁড়িয়ে!

যীশুর নামটি আপনার সাথে নিয়ে,
দুঃখ ও দুর্দশার সন্তান;
সে আপনাকে আনন্দ এবং সান্তনা দিবেন...

341 আমি আপনাদের বলব কি করতে হবে। আপনার পাশে ঘুরে যান এবং যে আপনার পাশে আছে তাঁর সাথে হাত মেলান। আর বলুন “ভাই, আপনি কেমন আছেন? আপনার সাথে সভায় এসে আমি আনন্দিত।”

মহামুল্য নাম, ও কত মধুর!
...আর স্বর্গের আনন্দ
মুল্যবান নাম, মুল্যবান নাম, ও...

***সর্পের বংশ*** BEN58-0928E

(The Serpent's Seed)

এই বার্তাটি মূলরূপে ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহাম দ্বারা ইংরাজিতে রবিবার সন্ধ্যাবেলায়, 2৮শে সেপ্টেম্বর, ১৯৫৮ সালে ব্রানহাম টেবারনেকল, জেফারসনভিল, ইন্ডিয়ানা, ইউ.এস.এ.তে প্রচারিত হয়েছিল, যা চুম্বকীয় টেপ রেকর্ডিং থেকে নেওয়ার হয়েছে, এবং পূর্ণাঙ্গরূপে ইংরাজিতে ছাপা হয়েছে। এই বাংলা অনুবাদটি VOICE OF GOD RECORDINGS এর দ্বারা ছাপা হয়েছে এবং বিতরন করা হয়েছে।

BENGALI

©2019 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## সত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org